

বাবার তজনী ধরে ভোরের ঘাস-শিশির মেথে ইটতে ওরু করে সে; মা, মণীষা, মামুন, ওস্তা, আইয়ুব, মারিয়ার সঙ্গে সে হেঁটে যায় আর গোটা ইতিহাসসহ ভবিধ্যৎ নিয়ে যেন... রাজাকার, মুজিববাহিনী, রাতবাহিনী, লালবাহিনী, গণবাহিনী; জলপাই-রগকাটা-ইগল-পেকুইনবাহিনীও চলতে থাকে সমান তালে ডাম-বাম, ডান-বাম...

কিন্তু, নদীর তীরে একই পানিতে তো মানুষ দু'বার ডুবতে পারে না...মানুষ-তাভুয়ারা তার চারপাশে ঘুরঘুর করে, সে হারাধনের সন্তান খুঁজে ফেরে: তথাগত খুঁজে ফেরে...ইতিহাসের পথ ধরে হেঁটে-চলা এই আখ্যানই আমাদের শোনান ইমতিয়ার শামীম ... তথাগতের নিস্পহ খোঁজাখুঁজি শহরায়নের গদ্যবিত্তার করে যা জটিলের এপিঠে আর সহজের ওপিঠে কত সহজ আর সরলতায় আকীর্ণ সত্য। ধরা যায় যেন-বা ছোঁয়াও বায়...গ্যালিলিও... সক্রেটিস হাটতে হাটতে হেমগক করছেন,...ভথাগত তখনও একা হেঁটে চলেছে... খোরা-ওড়া ভাতের স্বপ্ন নিয়ে এই সত্য সে কোখায় লুকায়, অতঃপর...মানুষ... যুদ্ধে আমরা তাদের পরাজিত করব, না আমাদের পরাজয় বরণ করা উচিত... তথাগত হেঁটে চলে...

যন্ত শেখক

প্রথম প্রকাশ একুশে বইমেলা ফেব্রুয়ারি ২০০০

> প্ৰছেদ প্ৰত এব

প্রকাশক জনাত্তিক ৫০ আজিজ মার্কেট, শাহবাগ, ঢাকা-১০০০

> যুদ্রণ আর্কেডিয়া কমিউনিকেশনস্ ৪১/২ পুরানা পল্টন, ঢাকা-১০০০

ISBN 984-781-004-5

म्ना ३ ४०.०० টोका

উৎসর্গ

সবুজ অনীক মনি

সুব্রত বসাক জয় ইসলাম গৌতম সাহা অরুন দাশগুপু নব কুমার প্রশাস্ত সাহা

নেক রাতে আমাদের জানালা নিয়ে জ্যোৎসার আলো এসে মণীযার মুখের ওপরে অধরা মায়ার জাল বুনতে থাকে। ঠিক তখনই আমি কড়া নাড়ার শব্দ গুনি। বেশ জোরে একবার আওয়াজ তুলেই সে ধানি কিছুক্ষণের জন্যে মিলিয়ে যায় অন্ধকারে। আমি তবু জেগে উঠি। বণীর জনো আমি প্রতিনিয়ত প্রতীক্ষমান এই বালককালেও। আমি প্রতীক্ষান বলেই হয়তো আর কারও ঘুম ভাঙে না। যে যা আমাকে পই পই করে সাবধানে ঘুমাতে বলেছে, তয়ে পভ়তে বলেছে একটু সকাল-সকাল যাতে মাঝরাতে কিংবা ভার-রাতে সহজেই কোনও আওয়াল তনে ঘুম ভেঙে যায় সেই মাকেও দেখি ঘুমাচেছ নির্বিবাদে। ঘরের ফ্যাকাশে আলোয় কেবল ভার শাভির কালো প্রান্তটা হাহাকারের বিকৃতি নিয়ে জেগে রয়েছে। আর মণীষার বুকের ওপর আছড়ে পড়া চুলে বয়ঃপ্রান্তির আভাস আন্তে আন্তে মাবা তুলছে। প্রথমে আমার মনে হয় রাত বাহিনীর লোক এসেছে নিস্তব্ধে নিমপুন ওমপুনে বাড়ির উঠোন, উঠোনের খড়ের গাদা কিংবা এক্কেবারে ঘরের মেকেটাই মথিত করে রেখে যেতে। তারপরই অস্পন্ট বুটের আওয়াজ ভনে ঠিক-ঠিক বুঝে নেই রক্ষীর দল এসেছে বাবার খোঁজে। রাত বাহিনীর লোকেরা বুট পরে না, এড জোরে কড়া নাড়ে না। ভারা আসে নিস্তরে, ঠেটিটা ঢেকে রাখে পুব ভালো করে গামছা দিয়ে যাতে গলার স্বর কেউ চিনতে না পারে। হঠাৎ গুলির আওয়াজে আশেপাশের মানুষজন বুঝতে পারে কেউ আবারও মারা গেল আর হননযভ্য শেষে নিশ্চয়ই রাত বাহিনী চলে গেল। কোনও কোনও সময় ওরা তলির আওয়াজও যাতে অস্পষ্ট হয়ে যায় আর নিজেরা নির্বিয়ে পালিয়ে যেতে পারে সেজন্য শিকার করা মানুষটাকে নিয়ে যায় খোলা মাঠে, চাধবাসের খেতে। হাত মুখ পা বাঁধা শিকার,- যাকে ওরা বলে শ্রেণীশক্র, সে হয়তো আকাশমুখী, কিন্তু আকাশটাকেও দেবে যেতে পারে না মরার আগে।

কিংবা কখনও তারা গ্রামবাসীদেরও ডেকে আনে। বুঝানোর চেটা করে শ্রেণীবিপুর তরু হয়ে গেছে, এবার তবে শ্রেণীশক্র খতম করার পালা। যাকে মারা হবে সে হলো শ্রেণীশক্র, তার ৫০ বিঘা জমি আছে, এত জমির ওর দরকার কিং এইজন্যেই ওর হেলে কলেজে পড়তে পারে, অথচ আর কেউ খেতেই পায় না ভাল করে। সারাদিন কাজ করার ক্লান্তি নিয়ে প্রায় ঘুমস্ত চোখে গ্রামবাসীরা হয়তো এসব ভাল করে তনতেও

পায় না, তন্ত্রাচহন্নতা তাদের নিয়ে যায় অন্য কোনও নিরাপদ পৃথিবীতে; আর যারা শোনে কৌতৃহল নিয়ে কিংবা ভয়ে ঘুমাতে না পেরে তারা সেসব বুঝতে পারল কি না সে সভ্য চাপা পড়ে থাকে কাটা রাইফেল, পাইপগান, পয়েন্ট টু টু বোরের পিতুল কিংবা চাইনিজ রাইফেলের উদাত থাবার নিচে : এমনকি যখন গুলির আওয়াজে আকাশবাতাস প্রকম্পিত হয়ে একজন মানুষের মৃত্যু সংবাদ ঘোষণা করে কিংবা বিরাট রামদা-র কোপে মুগুহীন শরীর থেকে গলগল করে রক্তধারা বেরিয়ে এসেই প্রাণপণে নিজের লজ্জা ঢাকার জন্যে চেষ্টা করে মাটির গভীর তলদেশে মিলিয়ে যেতে, তখনও গ্রামবাসীদের চোৰগুলো থাকে কোনওরকম প্রতিক্রিয়াবিহীন। রাত বাহিনীর কেউ ভাদের বোকা বুড়োর গল্প বলে। বলে চিনের চেয়ারম্যানের কথা। কবে কোনকালে আমাদের ফয়েজ চাচা কোথায় তনেছিল দেখানকার লোকেরা তেলাপোকা খেতে খুব ভালবাসে আর মেয়েদের জন্ম নেয়ার সঙ্গে সঙ্গে পায়ে পরিয়ে দেয়া হয় লোহার জুতো,- সেই ফয়েজ চাচাই তখন কেবল একটু নড়েচড়ে বসে। রাত বাহিনীর লোকরা চলে যাওয়ার পরে তার এতক্ষণ ধরে চেপে রাখা কথা মুখের অর্গল ভেঙে ছুটে বেরয় : এই ছেলেরা চি'নির অনেক কতাই জানে না ডাল করে, বুঝতি পাইরলে? চি'নির মানুষিরা হাত দিয়ে ভাত খায় না। আমরা যে কাটা দিয়ে উলির সুইটার বুনি সেইরাম দুডো কাটা দিয়ে সবকিছু খাওয়াদাওয়া করে। আর খুব ভাল তরবারি খেলা জানে। চি'নির যে প্রাচীরভা আছে সেখান দিয়ে ছয়ভা ঘোড়া পাশাপাশি দৌড়াতি পারে। বলতে বলতে চিন সম্পর্কে অনেক কিছু জানার গৌরবে ফয়েজ চাচার মুখটা চকচক করতে থাকে। লোকজন তার সে গৌরবের অংশীদার না হয়ে দ্রুত চলে যায় বাকি রাতটা নির্বিঘ্নে ঘুমানোর জন্যে।

রাত বাহিনীর সঙ্গে রক্ষী বাহিনীর আকাশপাতাল তফাং। তাদের কোনও দিনরাত নেই। নেই এত সাবধানতা। যে কোনও মুহুর্তে তারা বুটের গমগম আওয়াজ তুলে যেতে পারে যে-কোনও স্থানে। বুটের তলায় রাস্তার অমসৃন খানাখন্দে জমে থাকা পানিও তয় পায় ছিটকে উঠতে। এই বারো তেরো বছর বয়সেই আমি এতকিছু জেনে গেছি খুব ভালোভাবে, জেনে গেছি রক্ষী বাহিনীর জামার হাতায় তর্জনি তোলা কাটা কজি আঁকা থাকে, বড় চল মোটেই পছন্দ করে না তারা। অবশ্য তারা কি পছন্দ করে তাও বোঝা যায় না ভাল করে। আমাদের বাড়ি থেকে বেশ দ্রে কুল ঘরে ক্যাম্পে শেতেছে তারা রাত বাহিনীর লোকেরা এক রাতে এসে সোবহান খানের গলা কেটে রেখে যাওয়ার পরে। মাঝে মাঝে বাবার খোঁজেও আসে তারা। যেমন আজ এসেছে। কড়া নাড়ছে ঘটঘট আওয়াজ তুলে। আমি দরজা ভাঙার আগেই তাড়াতাড়ি উঠে পঞ্চি দরজাটা খুলে দিতে। মা-ও উঠে বসে হড়মুড় করে। মণীষা ভয়ার্ত চোঝে মায়ের পিছনে গিয়ে দাঁড়ায়। আর দরজা খুলতেই রক্ষীর দল হড়হুড় করে চুকে পড়ে কনে, কনে হারামজাদা বলতে বলতে। আমার ঠোঁট দপদপ করে কাঁপতে থাকে। জিতের

ভণা দিয়ে ঠোঁট ভিজিয়ে তুলি বারে বারে। ওদের বলা সেই হারামজাদা মানে আমার বাবার ধবর আমরাও জানি না কভদিন হয়ে গেল। কিন্তু বান বার বলার পরেও বিশাস করানো যায় নি ওদের এই সভ্য। এখন আর কিছু বলি না আমরা কেউই, ওপু না বলা কথাওলো নীরবে আমাদের ঠোঁটের ওপর কম্পন তুলতে থাকে। নীরবে আমরা দেখি ওদের খানা-ভল্লালি, দেখি ভেঙে ফেলল মাচার ওপর রাখা হাড়ি-কোলা, ভেতর থেকে ছড়িয়ে পড়ল আসন্ন খন্দের জনো স্যত্নে রেখে দেয়া ফসলের বীজ। কিংবা কখনও ওরা ভেঙে ফেলে গরুদের ঋড় ভিজিয়ে খাওয়ানোর নাম্দা, একটা খাড় খুলে নিয়ে যায় অনেকদিন পরে ভালোমন্দ খাবে বলে। রক্ষীদের অনেকদিন মানেই প্রভিদিন ভা এতদিনে হাড়ে হাড়ে বুঝে গেছি আমি। প্রতিদিনই ওরা হানা দেয় কারও না কারও ঘরে, গরু-ছাগল না হলে মোরগ-মুরগি ধরে নিয়ে যায়। আর বিকৃত্ত দেঁতো হাসি ভূঁড়ে প্রভিবারই বলে, অনেকদিন ভালোমন্দ খাওয়াদাওয়া হয় না, কিছু মনে কইরবেন না।

আমি বা আমরা কিছু মনে করি না। কেননা খুব সহজেই এ ক'দিনে আমি বড় হয়ে গেছি। মানুষের বড় হওয়া নিয়ে অজ্ঞ ব্যাখ্যা আছে। কিন্তু সব ব্যাখ্যাই এখন মিথ্যা আর হাস্যকর মনে হয় আমার কাছে। আমি বড় হয়ে যাই মাত্র একদিনের ভেতর, আর সত্যি করে বলতে গেলে মাত্র একটা ঘটনা ঘটার মধ্যে দিয়ে। মনে হয় ওই ঘটনা ব্দবে ঘটবে সেই জন্যেই প্রতীক্ষা করছিলাম আমি অনন্তকাল। কবে আমার মা মারা শেছে, কবে বাবা আবার বিয়ে করেছে কিছুই আমার স্মৃতিতে নেই স্পষ্ট করে, এ-ও আমি মনে করতে পারব না কবে মণীযাকে প্রথম দেখি। আমাকে তথু মাঝে মাঝে এমত স্মৃতি আক্রান্ত করে যে গ্রামের রান্তা দিয়ে হেঁটে যাচ্ছি বালক আমি। আমার ডান হাতের ভর্জনিটা বাবা সযত্নে ধরে রেখেছে যেন আমি হারিয়ে যাব। কখনও ঠাগু বাতাস, কখনও-বা মৃদু শিশিরের পতন আমাদের স্পন্দন ছুঁরে যাচেছ যত্ন করে। ভোরের আলোর ঝরে গড়ছে স্লিগ্ধ শিউলি ফুল। আমরা থমকে দাঁড়াই, কিংবা আমরা হটিতেই থাকি শিউদি ফুলের মতোই ঝরতে ঝরতে ভোরের আলো কখন আমাদের অবগাহন করবে সেই প্রত্যাশায়। হাঁটতে হাঁটতে আমার বয়স কমে যেতে থাকে। আমি এত তর প হয়ে যাই যে আমাকে কিশোর বলে বিভ্রম হয়, এত কিশোর হয়ে যাই যে আমাকে বালক বলে ভুল করা যায়, এত বেশি বালক হয়ে যাই যে আমাকে শিত বলে মনে হতে থাকে। তখন আমার নিঃসঙ্গ, সদ্য বিপত্নীক বাবা আমাকে নানাভাবে শান্ত রাখার চেষ্টা করতে থাকে। আর আমিও কি ভাবে বেদ টের পেয়ে যাই আমার মা আর কোনওদিন ফিরে আসবে না। বাবা আমাকে তার পিঠে করে কখনও উল্টানো পৃথিবী দেখায়, কাঁখে চড়িয়ে অনেক দূরের আকাশ কোধায় গিয়ে ভূব দিয়েছে ডাও দেখায়, কখনও-বা বুকে করে আমার পুতনিটা তার কাঁখে ঠেকিয়ে পিঠ চাপড়াতে চাপড়াতে ঘুম পাড়ায়। এইভাবে উন্টানো পৃথিবী দেখতে দেখতে, আকাশের ভূবসাঁতার দেখতে দেখতে, খুষের অতলে তলিরে বেতে থেতে আমি একদিন ভূলে

যাই আমার একজন মা ছিল, সেই মা কোখায় যেন চলে গেছে, আর কখনও ফিরেও আসবে না। এমনকি তার ফিরে না আসার অমোঘতাও আমার মনে কোনও ক্রন্দন জাগাতে পারে না। আমার বয়স তখন কম করে হলেও চারের মতো। এই বয়সটা মারের চেহারা ভূলে যাবার জন্যে যতই উপযোগী হোক না কেন মারের অপরীরী শূনাডা তৈরি করবার জনো নেহাৎ কম নয়। আমি তবু কোনও শূন্যতা ছাড়াই বড় হতে থাকি। এমনকি কেউ যখন মাতৃহীনতার কথা বলে একটা সহ্যনুভূতিমর পরিছিতি সৃষ্টির চেটা করে সেটাও আমার কাছে বেশ বিরক্তিকর ও অসহ্য মনে হতে থাকে।

বাবা আবারও বিয়ে করলে আমি ভাই এর ওক্লত্ব একটুও বুকতে পারি নি, আর এখন মনেও নেই ভাল করে ঠিক কবে বিয়ের এই ঘটনাটা ঘটেছিল। আবার এরকমও হতে পারে সং-মাও তো বিধবা ছিল; বয়সের অভিজ্ঞতায় তারা আর কেউ কারও অতীত নিয়ে নাড়াচাড়া করে নি, বরং একজন আরেকজনের ছেলেমেয়েকে ভালোবাসতে পেরেছে। অনেকটা আদিম কালের মতো। কে কার সন্তান সেটা বড় কথা নর, কে কার পিতা-মাতা তা নিয়েও হিসাবনিকাশ করার কোনও প্রয়োজন নেই, সন্তানকে পৃথিবীর উপযোগী করে তুলতে হবে সেটাই বড় কথা। এতদিন বাদে আমারও আর মনে হয় না মা আসলে সং-মা আর মণীবাটা আসলে বোন নয়, সং-বোন। বাবা আবারও বিয়ে করেছে, বাবা আর তার বিছানায় আমাকে ঘুমাবার জন্যে ভেকে নেয় না, এক অভ্যুত অদৃশ্য নিরমে এখন তার বিছানার হঠাৎ নিরে আসা মা বলে পরিচয় করিয়ে দেয়া একটা মেয়ের অশিখিত অধিকার জন্মেছে, এসব ঘটনাও আমাকে বিচলিত করে তুলে পারে দি বড় বামাতে। বাবা আমাকে চাচাদের কিংবা ভাদের ছেলেমেয়েদের সঙ্গে যেশার জন্যে কখনও-ই উৎসাহিত করে নি। সারা দুপুর আমি স্থুলের পাশের বাঁশবাগানে মা হয় বাড়ির পেছনে বাঁশঝাড়ে কাটাতেই বেশি ভালবাসতাম। মানুষ চেনার আলে আমি বোধহয় পত পাৰি চিনেছি আরও ভাল করে। মা এলে, সঙ্গে আবার আমার বয়সী একটা মেয়ে নিয়ে এলে আমি ডাই মাতৃহীন দুঃৰী-দুঃৰী চেহারা নিয়ে বনবাদাড়ে ঘুরে বেড়াতে শেখার বদলে বরং অনেক-অনেক খুশি হয়েহিলাম। আমার চারণাশের পশুপাধির জগতে এরা উপস্থিত হয়েহিল আমারই সণোত্রীয় সঙ্গী হিসাবে।

সং-মা আসাতে আমাদের বাড়ির রুটিন পান্টে পেল। আগে বাবা সন্ধার একবার বাড়ি কিরে আমার খাওয়াদাওয়া ঠিকঠাক হয়েছে কি না দেখে আবারও বাইরে বেরিয়ে বেড। আমাদের রাল্লা করে দিত ফতেহ আগীর মা, যার বয়সের দোরগড়ার সূত্যু এসে দাঁড়িয়েছিল অনেক আগেই। সারাদিন এটাসেটা কাজকাম করতে করতে সেকখন আদুরে গলার বিভিন্ন কথাবার্তা বলে আবার কুমুনও বা শাপশাপান্ত করে বাবাকে বিয়ের জন্যে অনুথ্যাপিত করত। বাবা বে সেই গঞ্জনা শুনেই বিয়ে করেছে তাও এখন

আর মনে হর না আমার। এইসব টুকরো টুকরো স্মৃতি অবশ্য এখনও আমি ঝেড়ে ফেলতে পারি নি যে ফতেহ আলীর মা কখনও আমাকে কোলে করে দেখাতে দেখাতেও বাবাকে বলেছে আমার 'মাসুম' মুখের দিকে ভাকিয়ে হলেও যেন বাবা বিরে করে। আসলে মায়ের অনুপস্থিতি আমার কাছে ধীরে ধীরে বাভাবিক হয়ে এলেও বাবার কাছে তেমন কখনও-ই হতে গারে নি। এত অল্প বয়সে সে আমাকে ছেড়ে চলে শেছে যে তার ম্নেহের কোনও স্মৃতিই আমাকে আক্রান্ত করতে পারে না। কিন্তু বাবার ব্যাপারটা অন্যরকম। আসলেই অন্য রকম। বাবা তো আর শ্রেমের জন্যে বিয়ে করে নি যে চকুলজ্জার খাভিরে তাকে প্রেমের মৃতদেহ সারা জীবন ঘাড়ে করে বয়ে বেড়াতে হবে। বাবা বিয়ে করেছিল সংসার করবার জন্যে; আরেক অর্থে অংশত যৌনতা অংশত একাকীত্ব দূর করতে। মানুব কেন বে এখনও এই কথাটা সরাসরি শীকার করে না সারাজীবন এই বে সে সংসার করে, সংসারের ঘানি টানে, গ্রজনন কমতা জাহির করে, ছেলেমেরে আত্মীয়স্বজনকে ঘিরে জেহমারার তাবালু আবরণ তৈরি করে ভালো মানুঘের সার্টিফিকেট নেয়ার চেটা করে তা আসলে তার নিঃসঙ্গতা দূর করার প্রাণাস্তকর চেটা,— তা বুঝতে পারি না আমি। আমার পক্ষে তো আর সম্ভব ছিল না বাবার একাকীত্ব দূর করা। আমার শিত-শিত মুখ দেখে বাবা যতই প্রাণিত হোক না কেন, বতই প্রতিজ্ঞাবদ্ধ হোক না কেন, যতই মমতাসিক হোক না কেন ছারা দিয়ে সূর্বের আলোর কাছে পৌছে দিতে, প্রথর রোদের মুখে, প্রচণ্ড কড়ের তোড়ে, কুলভান্তা বন্যার প্রতিকৃলে দীড়াবার লন্যে প্রস্তুত করতে তা কি আর মধ্যরাতের বুনো বৃষ্টির কাছে টিকে ধাকতে পারে? এমনকি জৈবিকতার কথাও যদি বাদ দেই তবু তো আমার পক্ষে সম্ভব হতো না তার ভাবনার অংশীদার হওয়ার, কিংবা অবসর ভরিয়ে দেয়ার।

তবে আমি এ-ও ভাবি মেরেরা পারে। মেরেরা পারে কোনও ছেলে সঙ্গী ছাড়াই জীবনের দীর্ঘ থেকে দীর্ঘতম মৃত্তু পার করে দিতে। বাবা মারা বাওরার পরে সৎমারের দীর্ঘ পথপরিক্রমাই তথু নর, আরও অনেকের আচরণ আমাকে এরকম ভাবতে শিখিরেছে। কেননা মেরেদের একাকীত্ব এবং যৌনভার অনেকটাই শিশুরা পূরণ করে দিতে পারে। একজন পূর্ণাল পূরুষ তার সঙ্গিনীকে পরিতৃত্ত করার জন্যে খুনসূতির যে থাকপর্ব ও আবহ লখা সমগ্র নিয়ে প্রযোজনা করে কিংবা খুনসূতি করতে করতেই নিয়ে যেতে পারে পরিতৃত্তির উত্তুলসীয়ার শিশু তার নিজের অজাত্তেই এই পৃথিবীটা ক্রেনার দূর্নিবার আকাক্রার, পৃথিবীতে টিকে থাকার অদম্য প্রেরণার আপনাআপনিই ওই পরিতৃত্তি দিতে পারে, ওই দারিত্ব পালন করে। একজন মা তার শিশুকে নিঃবার্থতাবে পালন করে একথা এখন আর আমি তাই বিশ্বাসই করি না। বরং যনে করি শিশুকে শালন-পালন না করেও শিশুর ব্যাপারে পুরুষেরা অনেক বেশি নিঃবার্থ। যে শিশু তার নিঃসক্ষতা কাটাতে কোনও কার্যকর ভূমিকাই রাখছে না, যৌনভাতে ভো আর নর সেই শিশুর জনো সে সম্পত্তির পাহাত গভার চেটা করে, হাস্যকর হলেও সতিয় নিভাত্তই

ভবিষ্যতের শিশুটির দিকে তাকিরে। পুরুষের প্রধান সমস্যাটা আসলে এইখানে যে সে
সবার কাছে কোনও না কোনওভাবে আলাদা আইডেনটিটি চায়। যাদের প্রতিন্তা আছে
তারা প্রতিভার বাহাদুরি দেখিয়ে, যাদের নেই তারা আর কিছু না হোক শারীরবৃত্তিক
প্রক্রিয়ার মধ্যে দিয়ে বাবা হয়ে। মেয়েরা প্রাকৃতিক ভাবেই একটা আইডেনটিটি পেয়ে
যায়, মা হওরার আইডেনটিটি। পুরুষ অত সুস্পইভাবে বাবা হওরার আইডেনটিটি
তো আর দাবি করতে পারে না। দাবি যাতে করতে পারে সে জন্যেই সম্পত্তির বোধ
প্রতিষ্ঠা করা, সম্পত্তির কর্তৃত্ব সংক্রান্ত আইনের মধ্যে দিয়ে প্রকারান্তরে নিজের একটা
আইডেনটিটি প্রতিষ্ঠা করা।

অনেকবারই ভেবেছি আমি, কি হয় বাবা না হলে? আমার শিতকে স্লেহ করার ক্ষতা কমে যাবে? তাহলে বে-কোনও শিতকে দেখলেই কেন আমানের মন ভরে ওঠে? কিংবা শেষ বয়সে নিরাপন্তা দেয়ার মতো কেউ থাকবে না? দু'টোই মিখ্যা কথা। ধর্মপ্রাপ আওরসজ্বেবও পিতাকে বন্দি করে রেখেছিল। রেহ করার দখলিবনু কিংবা শেষ বরসের নিরাপন্তা কোনওটাই নয়, পুরুষ সবকিছুই করে প্রাকৃতিক আইডেনটিটি দা থাকার ক্ষতি পৃষিয়ে নেবে বলে। প্রথমে তারা এর গুরুত্ব বুঝতে পারে নি, কেন্দা নিজেদের গুরুত্ও ছিল ভাদের নিজেদের কাছেই সম্পূর্ণ অজ্ঞাত। মেয়েরা মানুষের জনা দিতে পারে এই সত্য তাদের বহুদিন মোহাবিষ্ট করে রেখেছে। অজানা প্রকৃতির সামনাসামনি অসহায় সে চেয়েছে আরও মানুষ বাড়ুক, মাটির মতোই উর্বরা নারী,-তার তাছে লে তাই নত থেকেছে, অবনত হয়েছে, কর্তৃত্ব মেনে নিয়েছে। কিন্তু যেদিন খেকে পুরুষ শিখল যে কর্ষণ, বীঞ্জ ও বিটি ছাড়া যেমন অতি উর্বরা অমিও নিক্ষরা তেমনি পুরুষ, সঙ্গম ও সঙ্গমের মৌসুম ছাড়া নারীও কার্যত বন্ধ্যা সেদিন থেকেই স্লেহ্-মায়া-মমতার প্রাকৃতিক মানচিত্র পাল্টে গেল, মানুষের প্রতি মানুষের সাধবিহীন সম্পর্কের সবুজ বিন্যাস ছিড়ে পেল, পুরুষ চাইল নারীর মতোই নিজৰ পরিচয়, নিজৰ স্ববা। নারী আর সম্পত্তির কর্তৃত্ব সমাধান করল এই সমস্যার। পিতকে আদর করার ভোল ধরে নারী আসলে সেই আদি অসহার সমর্পিত পুরুষকেই এখনও খুঁজে ফেরে,-যাকে সে ব্যবহার করতে পারবে, গড়তে পারবে, ভাঙতে পারবে নিজের মতো। শিও তাই এখন আর নারীর কর্তৃত্ ও গৌরবময়তার সনাককরণ চিহ্ন নয়, আদি পুরুষকে ৰুঁকে কেরার মহামূল্যবান উপাদান। কিন্তু পুরুবের কাছে শিও নিঃসঙ্গতা হত্যার উপাদান নয়, শিশু তার কাছে আইডেনটিটি অর্জনের আধার। আর নারী তার একই সাথে ধারক, আবার নিঃসঙ্গতারও হতারক। তাই সে বার বার নারীর কাছেই ফিরে যার পৃথিবী আসলে কতটা আলোকিত তা জানবার জন্যে।

, जामात नानाथ भिरत्रहिन। जामता द्वैरोगिहे नाना 🗀 ১৪ ভখনও আমার পায়ে ভারবেশার শিশির লেগে আছে। অথবা আমি সখ করে একটা চারকাটা তুলেছিলাম, ভখনও তা দাঁতের ফাঁকে পিট হচ্ছে। হয়তোবা হাঁটতে হাঁটতে আমরা চলে গিয়েছি দ্রে, বহু দ্রে। বাবা ভান হাতের তর্জনি তুলে আমাকে বলহে, ওই যে দ্রে পশ্চিম দিকে যে প্রামটা দেখহ ওটার নাম আলোক দিয়ার। আর ওর পাশেই যে দেবদারু গাছওয়ালা বাড়িঘরতলো দেখা যাচেহ ওটার নাম পাধারপাড়া। আর ওই যে রেলব্রিজ ওটার নিচেই পায়রা নদী। এক শরতের ভোর বেলার কথা এখনও জীবস্ত আমার কাছে। আমরা হেঁটে বাচিহ, রাজার পাশের শিউলি গাছ থেকে মূল করে রাজা চেকে গেছে। বাবা সেখানে গিয়ে থমকে গেল, আমার দিকে তাকিরে মুখে একটু হাসির রেখা ফুটিরে বলল.

তুমি কি তোমার গারে হাশকা বাতাসের ছোঁয়া পাছ? হাাঁ বাবা ৷

দেশ, শিউলি বারে গেছে, বাডাস তাই গাহটাকে একটু একটু করে সান্ধনা দিছে। আর দেশ তকভারা নিভে গেছে। মনে রেখ, পৃথিবীতে কেউ না কেউ ভোমার সমবাধী আছে, হয়তো তাকে আমরা খুঁজে পাই না, হয়তোবা চিনতে পারি না। কিছু তুমি খোলা আকালের নিচে এসে দেখবে চারদিকের আলোর আলোর স্পদ্মনান হচ্ছে ভোমার জন্যে অনাবিল শান্তি, মুক্তির আনন্দধারা। তুমি যদি তা ভোমার মধ্যে ধারণ করতে পার বন্ধয়রের মধ্যে গিয়েও আকাশকে খুঁজে পাবে। তখন দূরে কোথাও তকতারা নিভে গেলেও ভোমার অনুভবের প্রান্তসীমার তুমি শোক অনুভব করবে, তখন হয়তোবা তুমি গভীর ঘুমে, কিছু শিউলি ফুল করে পড়ার নিজকভাও ভোমার ঘুমের মধ্যে স্পন্দিত হবে। বলতে বলতে বাবা সেই বারে পড়া ফুলওলো রাজা থেকে সরিয়ে রেখে আমানের জন্যে পারে চলার সক্ল পথ তৈরি করল।

আরেকদিন বাবা বলন,

যদি ভোমার পেছন দিক দুর্বল হয় দেখবে সামনের দিকে হাঁটতে ভোমার কট হবে। দেখবে ভূমি ঠিকঠাক পা ফেলভে পারহ না। কোনও দিকে বুঁকতে ভোমার কট ফচেহ।

কোনও দিন বাবা বনে,

পের মানুষের শক্তি কেমন। সে এমন সঙ্গীত তৈরি করতে পারে যার তরঙ্গ ওনেই তোমার মনে বৃষ্টি নামে, সে এমন বাক্য উচ্চারণ করে শোনার পরেই তোমার মনে দৃশ্যকর জেগে ওঠে। এমন হতে পারে কোনওদিন তুমি হয়তোবা বোঁড়া হরে পেছ কিংবা দিনের পর দিন কারাগারের অন্তরাশে দিন কাটাচহ, - কিন্তু তুমি চোখ খোলা রেখে চিন্তা করলেও হয়তোবা এই গ্রামের পর্যটাকে দেখতে পাবে। তোমার মনে হবে

व्यायना ८रेटिनि याना 🛭 🕽 🕹

তুমি সেই পথ দিয়ে আবারও হেঁটে বাছে। ঠিক এমনিভাবে, এমনিভাবে তোমার পারে দিনিরকণা করে পড়ছে, ভোরের আলো তোমার মুখে উদ্ধাসিত হচ্ছে, মৃদু বাতালে তোমার রাতের দুঃস্বপু মুছে যাছে। তুমি জানো এসবই বিশ্রম আসলে, কিন্তু তোমার মনে হবে। তুমি সেই দৃশাকরের জগতে যুরতে ঘুরতে কাঁদবে এবং চোখ মুছবে, আবার কাঁদবে এবং চোখ মুছবে। কিন্তু দেখবে এই বিশ্রমের জন্যে তোমার কোনও প্রানি হবে না। বরং এক অনাবিশ আনন্দে তোমার মন তরে উঠবে। আসলে আমরা এক-একটা স্মৃতি নির্মাণ করি সে স্মৃতিকে হত্যা করবার জন্যে, কিন্তু তা স্মৃতি-মরে জমা থাকে আর তোমার সামনে বাওরার গ্লানিকে ভূলিরে দেরার জন্যে কখনও সে ঘর ছেড়ে বেরিয়ে আসে।

আরেকদিন বাবা বলে,

হর পরম সমর্পণ না হর পরম একাকিত্ব এ যদি অর্জন করতে না পার তবে তৃমি কালজারী দিক-নির্দেশক হতে পারবে না। আমাদের নবী আল্লাহর কাছে নিজেকে সপে দিয়েছিলেন, তার জন্যে বধাবোগা সম্মানও পেয়েছেন তিনি। আবার চিন্তা কর পৌতম বৃদ্ধের কথা, তিনিও ধর্মপ্রচারক কিন্তু আদ্যোপার নাত্তিক আর কি। তবুও তিনি তার নিঃসলতা নিংড়ে নিংড়ে মানুবকে নির্বাধের পথ দেখিয়ে গেছেন । তৃমি ধার্মিক না নাত্তিক, তৃমি আশাবাদী না নিরাশাবাদী সেটা বড় ব্যাপার নর, আসল কথা হলো তৃমি একার হতে পারছ কি না। তোমার বে যন্ত্রপা সে বন্ত্রপাকে হাজার জনের যন্ত্রপার সঙ্গে এক করে কেলতে পারছ কি না। তা যদি পার দেখবে তোমার ব্যক্তিক আকাকা সমন্ত্রির চলার পথকে প্রশন্ত করছে, আর তৃমি নিরাশাবাদী হলেও এক অন্ধকার পারাবারের ব্যাক্রপথে আলোকজ্বল বাতিষর হয়ে উঠেছ।

হাঁটতে হাঁটতে বাবা আমাকে অনেক কথা বলে। আমি তার কোনওটা বুঝি, কোনওটা বুঝতে পারি না। আমাদের পা শিশিরে ভিজে বেতে থাকে। স্যাভেলের মধ্যে মাটি চুকে গলে যার শিশিরের অর্ণ্রভাতে। আলগথের ওপর পা রেখে গলানো মাটি মুছি আমরা। এতসব কিছুর মধ্যে বাবার কথা বলা চলতেই থাকে। থামে না বাবা। আমি জানি না কেন বাবা এইসব বলত আমার কাছে। তাঁর ভো জানাই ছিল এসব কথা আমি ঠিক বুঝতে পারব না। ধরতে পারব না। তবু বাবা বলে বেত। বোধহর বাবা বুঝতে পেরেছিল আর কখনও আমাকে তাঁর আর এসব কথা বলার সময় হবে না, জন্য কোনও সময় এসব কথা বশার সময় হবে না, জন্য কোনও সময় এসব কথা বশার সময় হবে না, থাকবে না; অথবা হয়তোবা বাবা ছিল একঝন ব্যর্থ মানুহ, ব্যর্থতার কথা তো কোনও

সমর্থ সৃষ্ট মানুষের কাছে বলা যায় না, উপহাসের পাত্র হতে হয়। বাবা তাই তার বার্থতা থেকে আমাকে মুক্তি নিতে অভিজ্ঞতার নির্ধাস দিয়ে পেছে আমার কাছে। আরও পরে কলেজে পড়তে গিয়ে ভাড়া করা ওয়েস্টার্নের নেশার মেতে বাবাকে মনে হয়েছে এরফানের মতো, যে পরম মমতায় শিশু কিংবা বালককে জীবনের নামতা পড়তে শিখাচেছ, যাতে কখনও একা হলে কখনও নিঃসঙ্গতা থেয়ে এলেও সে অনায়াসে নিজের অন্তিত্ খুঁজে নিতে পারে।

বাবা বলত,

দেখবে হদর যেরকম সম্পর্ক দাবি করে সমাজ সেরকম সম্পর্ক নাও চাইতে পারে। রাজনীতি যেরকম আচরণ প্রত্যাশা করে নৈতিকতার ধারণা সেরকম আচরণ অনুমোদন নাও করতে পারে। এ বড় জটিশ কাঞ্জ দুয়ের মধ্যে মিলিয়ে চলা, হয় তোমাকে সমাজের সঙ্গে নিজের হাদয় মিলিয়ে দিতে হবে, নয় আমৃত্যু তোমার হ্রদয়বৃত্তির পক্ষে যেরকম সমাজ প্রত্যাশা কর তার জন্যে সংগ্রাম করে যেতে হবে। এর মাঝামাঝি কোনও পথ নেই। এর মাঝামাঝি পথে থাকে পলাতকেরা। তারা বিদ্রোহ করে না, বিদ্রোহীদের পূজা করে। আবার অন্যায়কারীদের সামনেও নত হয়ে থাকে।

সং-মা আসার পরে বাবার আরও অনেক র টিন পান্টালেও এইটা কিন্তু পান্টাল না। খুব ভোরে উঠলেও বাবা নামাজ পড়ত না। আমাদের দল আরও একটু ভারি হলো। মণীয়াও আমাদের সঙ্গী হতো মাঝে মাঝে। আমরা হাঁটতে হাঁটতে যত দ্রই যেতাম না কেন দেখতাম রান্নাঘরে এই সাতসকালে কাজ করতে গিয়ে গনগনে চূলোর আগুনে মায়ের কপালে জমতে পাকা শিশিরই যেন ফুটে উঠেছে সকালবেলার ঘাসে ঘাসে, গাছের পাতায় পাতায়। হটিতে হাঁটতে হয়তোবা আমরা পৌছে যেতাম পায়রা নদীর পারে। নদী হয়তোবা খুমঘুম প্রোত নিয়ে একেবারেই নিখর, হয়তোবা অপেকা করছে আসন্ন বর্ষায় জেগে উঠবার। বাবা মণীযার মাখায় একটু চুলবুলি কেটে কখনও বলে উঠত,

তোমার কি জানা আছে নদীর একই পানিতে মানুষ দুইবার ছুব দিতে পারে না, সাঁতরাতে পারে না?

অনেককিছুই জানতাম না আমরা দু'জন। দেখতাম সং-মা মণীষাকে ছবক দিছে আসন্ন সংসারের, ভবিষ্যতের। সন্ধার একটু আগে ও চালের তুব আর খুঁদকুড়ো মাখিরে শেষবারের মতো মোরগমুরগী আর হাঁসগুলাকে টি-টি করতে করতে জড়ো করত। ওদেরও বোধহর অভ্যেস হয়ে গিয়েছিল। মণীষা মুখের মধ্যে জিভ দিয়ে টি-টি আওয়াল তোলার সলে সঙ্গে পড়িমরি করে ছুটে আসত কোখেকে সবগুলো মোরল-মুরগী আর হাঁস-হাঁসা। মাটির ওপর কেলে দেয়া খুঁদকুড়োর মতের জনো নিজেদের

মধ্যে মারামারি করত। কমজোরীরা সুযোগ পেত না শক্তিশালীওলোর কাছে; কখন আবার শক্তিশালীওলো নিজেদের মধ্যে মারামারিতে এত ব্যস্ত হয়ে পড়ত যে কমজোরীরা আয়েশ করে দিনের শেষ খাওয়া খেয়ে নিত। যেদিন খেণ্ডলো খেডে শেত না সেদিন সেওগো মধীষার পায়ের কাছে ঘুরঘুর করতে করতে আবারও বাওরার জন্যে ধর্ণা দিত। আর মণীবাও তা জানত বলে একটু মও লুকিরে রেখে দিত, সাধাসাধি করায় ছুঁড়ে দিত ওদের দিকে। ভারপর ও হ্যারিকেনের চিমনিওলোর কাচ ঘবৈ ঘবে ময়লা ভূলে একেবায়ে ৰাকৰকে করে ফেলত বাসী ছাই আর ন্যাকড়া দিয়ে। সেই শ্বকবকে হারিকেনের আশোর আমরা পড়তে বসতাম খরের বারান্দার পাটি পেতে। অথবা শীতের সকাল। মাদুর বিছিয়ে আমরা বসতাম খোলা উঠোনে। কিবো গ্রীম্মের ভোর। আমরা বসতাম ঘরটার পাশে কঠোল পাছের নিচে। পড়তে পড়তে, বইরের পর তনতে ভনতে কখনও-বা গল্পের রাজ্যে চুকে পড়তাম আমরা সবাই। বাবার বলা সেই গল্প, চুক আৰু শেক দুই ভাই। মনে হতো বাবা বাড়িতে না থাকাই ভাল হিল। বদি সে থাকত সেই নীল পাহাড়ের কাছে বরক পড়া বনটাতে! শীতে আমরা যেতাম মার সঙ্গে বাবার কাছে। বাবা বলতে থাকে, ধর তুমি চুক আর মণীবা তুমি গেৰু। না হর মেয়েই হলে কিইবা আসে যায়! যাও তো ভাইয়ার জামাটা পরে আসো ভো দেৰি। তনভে ওনতে আমরা চুক আর গেক হয়ে যাই। ডাক হরকরা চিঠি দিয়ে গেলে সোধার চিৎ হয়ে করে আকাশ কাটিয়ে চিংকার করতে থাকি আর গায়ের যত শক্তি সব জড়ো করে স্থুতোর গোড়ালি দিয়ে দেয়ালে তাল ঠুকতে থাকি। আমাদের পায়ের তালে তালে সোকার ওপরের ছবিওলোও ধরথর কেঁপে উঠবে, ঝনঝন করবে দেয়াল ঘড়ির শ্মিংখানাও। আমি মহাউল্লাসে মণীয়াকে দেখাতে থাকব, দেখ আমার এই চ্যাপটা টিনের কৌটোখানা। কত মহা দামী দামী জিনিস আছে তা কি তোর জানা আছে? আছে না কি তোর এরকম ট্যাঙ্ক, বিমান আর লাল কৌকোর ছবিওয়ালা চায়ের রাংতা আর চকলেটের মোড়ক। আছে না কি এইরকম কী সুন্দর কাকের পালক, চীনে ভাষাসা দেখানের জন্যে ঘোড়ার গুচ্ছ চুলঃ মত্ত্রমুধের মতো নিজের কৌটার প্রেমে পড়ে তাকিয়ে থাকতে থাকতে একদিন ডাক হরকরা এসে বাবে। নিয়ে আসবে মারের নামে নতুন টেলিগ্রাম। আমি তা কৌটার মধ্যে রাখতে রাখতে খেয়াল করব মণীবা গান থামিয়ে কেন জানি জোরাসে চিৎকার জুড়েছে, মার মার মার, ফডেঃ চাপানো দরজা খানিকটা খুলে দেখৰ ঘরের মধ্যে একটা চেয়ার টেনে সেটার পিঠে খবরের কাগজ কুলিয়ে একটা বর্ণা দিয়ে সেটাকে খুঁচিয়ে খুঁচিয়ে একসা করে ফেলেছে মণীঘাটা। এমনকি আমি মা'র জুতোর বে হলুদ বাস্কটায় টিনের বাঁশি, তিনটা রংচঙে ব্যাক্ত আর ছেচক্রিশটা কোপেৰু জমিরে রেখেছিলাম সেটাকে ভালুক বানিয়ে বর্ণা দিয়ে অবিরাম বুঁচিয়ে চলেছে সে। সেখে লিক্যুই মেজাজ খারাপ হয়ে বাবে আমার, আমি ধর বর্ণাটাকে নিকরই ভেডে কেলব কেড়ে নিয়ে হট্টির ওপনা কেলে। আর মণীবাও মহা শ্বির হয়ে আমার টিনের বাক্সটা কেড়ে নিয়ে লাক দিয়ে জানালার ওপর উঠে ছুঁড়ে কেলে লেবে বাইরের বরফের মধ্যে। এইভাবে মারের কাছে বাবার আসা টেলিগ্রাম হারিয়ে বাবে; হারিয়ে যাবে বরকের কুপে চিরকালের ভবিতবা নিয়ে।

কিংবা হবে এইরকম : আমি গড়ে তুলব তিমুরের দল। আর তুমি মণীয়া হ হ তুমি জেনিয়া। ভীষণ দেমাগ তোমার বাধার মতো চেহারা বলে। তাও ভাল লাল ফ্রব্ফ পরে কেমন নির্ভয়ে খালি পায়ে তিনতলার ঝনকাঠে দাঁড়িয়ে মুখে ফেলতে পার জানালার ময়লা। যারা যাবে লাল ফৌজে যুদ্ধ করতে তাদের যাড়ির গেটে লাল তারকা একে দেব আমরা। তার মানে গুই বাড়ি এখন খেকে দেখভাল করব আমি আমার দলসমেত। ভোরের আলো কোটার আগেই বাড়িওলোর দরজার সামনে ফুলের গোছা পৌছে দেব আমরা। বৃদ্ধি পরলানীর বে ছেলে বৃদ্ধে গেছে তার বদলে আমরা হব সেই গরলানীর ছেলে। ফটক খুলে বুড়ি গরলানী যাবে মাঠের পালের সঙ্গে ভার গরুটাকে ভিড়িরে দিতে। আর সে কিরে আসার আগেই আমরা ভরে কেশব তার গানির পিগে। আর বৃড়িটা ফিরে এসে তা পেখে হাউমাউ করে উঠবে কোনও কিছু বৃষতে না পেরে। ঠাকুমা ৰুড়িও দেখবে তার উঠোনে কেমন সৃন্দর থাক খাক করে কাঠের ভূপ সাজিয়ে রাখা হয়েছে ৷ সোনালী চুলের পুতুল খেলা মেরেটার বাবা যুদ্ধে মারা গেছে তো কি হরেছে, আমরাই বানিয়ে দেব ওর দোলনাখানা। তারপয় একদিন গেওর্লি বাবে ট্যাঙ্ক বাহিনীর উর্দি পরে মহাবৃদ্ধের ভাকে। আর ওলগা গাম গেরে উঠবে, 'বিমানচালক বৈষানিক!/ শ্ন্যগামী হে সৈনিক...' আর ভূমি মণীধা হ হ ভূমি জেনিয়া, কী জীবণ পান্ধী,– একটু পানি খাওয়ার কথা বলে চুপ করে পিরে এক নম্বর সাধারণ জমারেতের সক্ষেত বাজিয়ে দেবে। ভারি চাকা খুরে উঠবে ক্যাঁচক্যাঁচ শব্দ ভূলে, দড়িতে পড়বে ব্বাঁকি, লাগবে একটু টান, ডিনবার পরপন্ন বেব্ধে একবার করে থেমে বাবে। সঙ্গে সঙ্গে সবস্তল্যে বাড়ির চালের ছাদে, চিলেকোঠার, মোরগের খোপে একটানা বেচ্ছে উঠবে সঙ্কেত টিনের ক্যানেকারা আর কুমকুমি। হৈ হৈ করে চলে আসবে সব ছেলেরা। গেওর্নিকে সামনে রেখে সবুন্ধ পথ ধরে হেঁটে বাব আমরা। ওলগা বান্ধাবে এ্যাকর্ডিয়ন। আর এ্যাকর্ডিরনের বাঞ্চনাকে সঙ্গতি দেবে আমাদের বোতদ, টিনের ক্যানেরারা, কাতের বর্মেম আর লাঠিসোটা। ভারপর প্রাটফরমে আসবে দালকৌজ বোঝাই গাড়ি। আসবে সেমাদলের গাড়ি। আসবে ঘোড়ার পাল। কিংবা বাত্রীবাহী ট্রেন। তাতে করে চলে বাবে গেওর্গি আমাদের রেখে সত্যি সত্যি ট্যাক্ক বাহিনীর হয়ে যুদ্ধ করবে বলে। বাঁশি বাজবে। ঐন চলে যাবে। আর আমি জেনিয়ার দিকে ত্যকিরে বুকের লাশতারকাটার দিকে তাকিয়ে সাধীদের সবার দিকে তাকিয়ে একা হওয়ার সুঃখ ভূলে বাব।

বাবার গল্প তদতে তনতে আমরা কল্পনার জগতে ভাসি। গল্প বলা শেষ করে ব্যবা একটু খামে, দম দের, বলে, এইসব গল্প কে লিখেছে জানঃ আর্কানি গাইদার। গাইদার শব্দের মানে জানঃ পথদেখিয়ে।

আমি আমার মানসচক্ষে দেখি গাইদার পথ দেখিরে নিয়ে যাচেই সৈন্যদের এক দলকে। মূল দল থেকে বেল অনেকটা সামনে হাঁটছে সে, তার কাজই তো তাই, আগে-আগে হাঁটা আর শত্রুপক্ষের কাউকে নজরে পড়লে ফিরে এসে খবর দেয়া, ফিরে আসার সমর না থাকলে যেখানে আছে সেখান থেকেই বিপদের আভাস দেয়া। মানুষটার নামের সলে কর্মেরও কি অভ্যুত সম্পর্ক। পথ দেখিরে নিয়ে যেতে বেতে সে দেখল জার্মান হায়েনারা একেবারেই কাছাকাছি চলে এসেছে। এত কাছাকাছি যে ফিরে গিরে বকুদের আর খবর দেয়ারও কোনও সময় নেই। পথের মাঝামাঝি নির্ভরে দাঁড়িরে পড়ল আমাদের গাইদার কিংবা চুক কিংবা গেক অথবা তিমুর। শূন্য আকাশের দিকে তাক কবল পিরলটা। গুলি ছুড়ল অসীম শূন্যতায়। আর সে গুলির আওয়াজ পরিপূর্ণ করল শূন্যতাকে। বলশেভিকদের দলটা জার্মান বাহিনীর চোখে পড়ার আগেই নিরাপদ আশ্রয় খুঁজে নিল। কিম্ব গাইদার আর কিরে এল না। জার্মান বাহিনীর নিলানা তাকে লুকে নিল।

রাজা দিরে হাঁটতে শিখি আমি এই দৃশ্যকরের মধ্যে দিয়ে। সামনের স্বাই যেন শক্রু আমার, এখুনি হতার জন্যে সঙ্গীন তুলে ধরবে। কিন্তু পেছনের স্বাই বঙ্গু আমার, একদিন না একদিন তারা সামনের স্বাইকে পরাজিত করে আমাদের স্বাইক ঠিকই কুলের মতো কৃটিয়ে তুলবে। আমি তাদের থেকে অনেক আশে; বুক্ত হরেও বিচ্ছিল্ল; মৃত্যুকে সর্বপ্রথম আলিঙ্গন করার বেছোপথ বেছে নিয়েছি আমি। পেছনের স্বাইকে রক্ষা করার জন্যে, আরও অনেকদিন আমাদের স্বার জন্যে ধোরা ওড়া রোরা-রোরা ভাতের বপু তাদের চোখে বাঁচিরে রাখার জন্যে এই পৃথক ও সম্মুখবতী নিঃসঙ্গ ও একাকী পথ হাঁটা আমার। সে পথ শেব হবে কি না হবে তা জানি না আমি, আমি ওপু জানি হাঁটতে হবে।

আমি বড় হলাম হঠাৎ করে, মাত্রা একরাতের অন্ধকারে। সেদিনও সন্ধার পরে আঁক শেখার জন্যে মা আমাদের হারাধনের হড়া তনিরেছে। হারাধনের দলটা ছেলে কি করে একে একে হারিরে পেল সেই বিরোগান্তক হড়া শোনার পরে আমরা দু'তাইবোন আঙুলের কড় ৩ণে ৩ণে দেখেছি কি করে কমে বার হারাধনের সন্তানেরা। হারাধনের দশটি ছেলে ঘোরে পাড়াময়/ একটি কোথার হারিরে পেল রইল বাকি নর... তনতে তনতে আমার কট বাড়তে থাকে.. মা যখন বলে, হারাধনের একটি ছেলে কাঁদে তেউ ভেউ/ মনের দুগুখে বনে গেল রইল না তো কেউ, তখন আমি মুখ ঘ্রিরে রাখি। রাতে সবাই তরে পড়লে মণীবা আমাকে কিস্ফিস করে বলে, চল আমরা কালকে বনে যাব,

হারাধনের ওই ছেলেটাকে খুঁজে বের করব। তখুনি খটখট কড়া নাড়ার আওয়াজ তনতে পাই আমরা। বৃধি না কে আবার এল এত রাতে এই প্রায়-বিরাদ মাঠের মধ্যে আমাদের বাড়িটাতে। আখীয়বজন তো খুব একটা নেই বোধহয় আমার বাবার, আয় থাকলেও আসে না কোনওসিন। চাচা কিংবা মামা জাতীয় লোকজন কেমন কিংবা জীবনে তাদের ভূমিকাটাই বা কি তাও জানা হয় নি আমার। সাধারণভাবে পরিচিত কোনও মানুষের ওভাকাজ্ঞা থেকে এরকম আখীয়দের ওভেচ্চাকে আগাদা ও বিশেষ বিবেচনা করার কোমও সুযোগ ছিল না আমার। সুযোগ থাকলেও বোধহয় এরকমই হতাম আমি। রাজাবাদশাদের ইতিহাস পড়তে পিয়ে এত বেশি পারিবারিক বুনোখুনি, প্রতিছব্দিতা আর হিংসাছেখ-এর কথা জেনে ফেলি আমি যে এখনও মনে হয় আৰীয়বজন মা থাকাই ভাল। দেখা যাবে একদিন সম্পত্তি দৰ্গের মোহে দে না জানি কোন অঘটন ঘটিয়ে বনে আছে। আমি তাই মণীযার বনে যাওয়ার প্রভাবটাকে তখন বেশ সিরিয়াসলি চিন্তা করছিলাম। হারাধনের ছেলে আমাদের ধারেকাছের কোনও বনে গিয়েই পুকিয়েছে নাকি আরও দূরে সুন্দরবনে চলে গিয়েছে, আবার সুন্দরবনে গেলেও সাতকীরার দিক দিয়ে চুকেছে নাকি মোড়েশগল্প অথবা পটুরাখালী, বরিশালের দিক দিয়ে চুকেছে তা মার কাছে খেকে কাল জেনে নিতে হবে এইসৰ তাৰছিলাম খয়ে তরে। কড়া নাড়ার শব্দ আমার সে চিন্তায় ছেদ ঘটার বলেই হয়তোবা আমি উৎসূক হরে উঠি কে এল এই অসময়ে তা জানবার ব্যাগারে। বাবা উঠে হারিকেনের সলতে উস্কে দেয়, ঘরের দরঞা খোলে। কয়েক মুহূর্ত নীরবে কাটে। কে এসেছে তা বৃকতে শা পেরে আমার কৌভূহল আরও তীব্র হয়ে ওঠে। বাবা এবার ঘরের বাইরে গিরে দাঁড়ার। আত্তে কিন্তু বেদম কথা কটোকাটি হচ্ছে তা বেশ স্পট্টই বোঝা বার হতে খেকেও। আমি আরও অনুশুৰ করি মধীষা তার হাত দিয়ে আমার একটা হাত শক করে ধরে রেখেছে। আর মা বিছানার উঠে বসেছে, শাড়ির কোনা শক মুঠোর ধরে রেখেছে, যেনবা সেটা বিশাল কোনও অবলঘন এই সমরে।

অনেক পরে বাবা কিরে আসে ৷ আমি এবার অর্থেক উঠে বসি, কৌতৃহল আর চেপে রাখতে পারি না, জিজেস করে বসি বাবাকে,

বাবা, কে এসেছিল?

তুমি চিনতে পারবে না। ঘুমিয়ে গড়।

যাবা বলে বটে, আমার কৌতৃহল তবু শেখ হর না। মনে হর বাবা কিছু চেপে পেল, কিন্তু মারের কাছে তো ঠিকই বলবে। আমি তাই চুপ করে তরে থাকি কানটা খোলা রেখে। বিরাট এই ঘরটার মাঝামাঝি একটা নারকেলের মোটা সড়ি লাগিরে চাদর টানিরে ঘরটাকে দুই ভাগে ভাগ করা হয়েছে। এপাশের বড় খাটটার আমি আর মণীয়া থাকি, ওপালে বাবা জার মা। গভীর রাতে পৃথিবীও ঘুমায় বলে জেপে থাকনে ঠিকই পোনা যার বাবা মা সাংসারিক কত গোপন বিষয় আলাপ করে। জাগতে জাগতে জামার চোথ ক্লান্ত হয়ে আসে, রাতের অন্ধকারকে নিজের কোটরে তুলে নিতে চার, মণীয়ার একটা হাত ঘুমের মধ্যে ওর অগোচরে আমার গলা জড়িয়ে ধরে জার চুলগুলো সব থাবি থেতে থাকে আমার খুতনি, মুখ, নাক, কান আর কপালের কাছে। অন্ধকারে দিয়াশলাই জ্বলে। বৃথি বাবা সিগারেট ধরাল। এবার কথা বলবে। তাঁর নিম সর শোনা যার,

ওরা আবার এসেছিল।

যতিচিহ্নবিহীন মৃহুর্তও মায়ের উদগ্রীব হওয়াকে রোধ করতে পারে না। তনি মা-ও বশহে,

कि वनग?

বলে এত জমিজমা আপনার- ব্যবসাও আছে, ২৫ হাজার টাকা কোনও ব্যাপার হলোঃ সাতদিনের মধ্যে যদি না দিতে পারেন তাহলে খবর আছে।

একটু থেমে আবারও বলে বাবা,

রাভ বাহিনী আসলেই আমাকে ছাড়বে না তনু।

এই প্রথম আমি আমার বাবাকে মায়ের মাম বলতে তনি, কিছ তা শ্রবণের উত্তেজনাকে অধায়াসেই হত্যা করে ভালের পরবর্তী কথাসমূহ। সেই প্রথম আমি রাভ বাহিনীর কথা তনি। আরও তনি ভারা বাবার কাছে চাঁদা চেয়ে চিঠি পাঠিয়েছে। বাবারও নাকি দু চারজন পরিচিত বন্ধু আছে রাভ বাহিনীতে। বাবা ভালের সঙ্গে যোগাযোগ করেছিল। ভারাই এসেছিল একটু আলে। কিছু কোনও লাভ নেই, চাঁদা দিতেই হবে, জানিয়ে গেছে ভারা। মা-কে তনি কীণ গলায় বলছে,

তুমি এতদিন হলো পার্টি করছ, মৃক্তিযুদ্ধ করলে, এ থানার সবাই মানে ভোমাকে,→
রক্ষী বাহিনী কিছুই করবে না ভোমার জনোঃ

বাবা রাতের অক্কারে তার হতাবাসকে গুইয়ে রাখে,

হাতি পাঁকে পড়লে চামচিকাও লাখি মারে তন্। মোন্তফা ভাই তো অনেক আদে থেকেই আমার পিছে লেপে আছে। আর রক্ষী বাহিনীর কমাভার কৃতার বাচ্চাটা সব তনে হাসতে হাসতে কি বলেছে জানঃ বলেছে, ভো ওদের যদি ২৫ হাজার টাকা দা দিতে চান আমাদের ভো কমপক্ষে ১০ হাজার টাকা দিতে হবে, না কি বলেনঃ আমাদেরও তো রিঝা আছে। আপনাকে সবসমর প্রটেকশন দিতে হবে, রাতের বেলার আপনার বাড়ি যাওয়ার রাজায় টহল রাখতে হবে, ওরা যদি ফাটুসফুটুস করে ভাহলে দু'একজন তো মারাও যেতে পারে। লামছাম একটা কিছু না দিলে আমরাই বা গোটেকশন দেব কেন?

আমি গর্দার এপাশ থেকে অনেকক্ষণ তথু জোনাকের আলোর মতো সিগারেটের আলোর আভাস দেখি। দেখি অক্ষকার কেমন করে গান গায় অন্থিরতার সরীর জুড়ে, কেমন করে তার সূর হড়ার বন্ধ বাতাসের সঙ্গে গাটছড়া বেঁধে। বাবার আত্মমপু কথা তনি,

এদের দিয়ে মুজিব ভাই দেশ গড়বে? হবে না, কিছেই হবে না দেখ। মুজিব ভাই যদি মণি ভাইদের কথা না তনে ভাজ ভাইয়ের কথা তনত, নিদেনপকে দাদাভাইকে সাথে রাখতে পারত তাহলে কি আর এই দলা হয় আওয়ামী দীলের৷ কি কূটবৃদ্ধিই না আছে মণি ভারের। যুদ্ধের সময় আমি হক ভাইদের লোকদের সাথে চুক্তি করলাম ঠিক আছে তোমরা তোমাদের মতো পাকবাহিনীকে হটাও, তোমাদের দখল করা জারগায় আমরা আর পা বাড়াব না। তোমরাও আমাদের দখন করা জারগায় পা বাড়াবে না। দেশকে তোমরাও ভালবাসা, আমরাও ভালবাসি। তোমাদের রাজনীতি একরকম, আমাদের আরেকরকম, তোমরা মৃক্তিব ভাইকে শিভার মান না, কিছু দেশটাকে তো ভালবাসঃ চল স্বাই আণো দেশটাকে বাধীন করি, তারপর জনগণই ঠিক করবে কে ক্ষমতায় থাকবে, জনগণই ঠিক করবে তোমাদের মতো গলা কেটে সমাজতন্ত্র কায়েম করা হবে না কি শান্তিপূর্বভাবে সমাজতর কায়েম করা হবে। মৃক্তিমুদ্ধ যখন হয় তখন সবাই মিশেই যুদ্ধ করতে হয়। মাও সেভুঙ্কও তো জাপানকে হটাতে চেয়ে ডাই করেছিল, না কি করে নাই? আবার ফিদেল ক্যাস্ট্রো তো সমাজতত্ত্বের পক্ষে ছিল না, কিন্তু যুদ্ধ করতে করতে বৃধতে পেরেছিল সমাজতন্ত্র ছাড়া স্বাধীন দেশের মানুষদের বাঁচানো যাবে না। বলা কি বায়, ভাজ ভাইরাও তো একদিন ওই একইরকম কথা চিস্তা করতে পারে। এখন পাকবাহিনীকে হটিয়ে দেয়াই বড় কথা। তোমরা তোমাদের মতো হটাও, আমরা আমাদের মতো হটাব। তোমরা আমাদের দিকে অব্র ডাক কর না, আমরাও করব না। তবে হ্যাঁ, অপারেশন করার জন্যে যদি আমাদের বাহিনী ভোমাদের মুক্ত এলাকার মধ্যে দিয়ে কোথাও যেতে চায় যেতে দিছে হবে। আমরাও ভোমাদের বেতে সেব, দরকার হলে পেছন খেকে প্রটেকশনও দেব। সবকিছু ঠিকঠাক, ওরা খালি হাতে তথু একটা বড় ম্যাপ দিয়ে আমাদের সঙ্গে আলোচনা করতে এল কোন এলাকা দিয়ে কেমনভাবে যুদ্ধ করা হবে তার খসড়া আলাপ করার ঋশ্যে আর মৃঞ্জিববাহিনীর লোকজন সবাইকে ব্রাশকায়ার করে মেরে কেলল। ওরা আর আমাদের বিশাস করবে কেমন করে ভূমিই বল!

হাবার আশাশুক্তের অন্ধকার আমাদের ঘরের অন্ধকারকে আরও গাড় করে। আর আমি তনি বাবা ক্লছে,

মুক্তির ভাই তাক্ত ভায়ের কোনও কথা তনতে চার না। মোলতাক ভাই বৃদ্ধের সমরে এত হারামীলপা করল তার সাথে গলার পলার ভাব আর তাক্ত ভাইকে একদিনও জিজ্ঞেস করলো না কেমন করে মুক্তিযুদ্ধের নরমাস পাড়ি দিল তাক্ত ভাই । উদ্টে আরও হেনতা করতে চার তাক্ত ভাইকো তাক্ত ভাই এত গর্ব নিয়ে ঘোষণা দিল, যুদ্ধে খালে যাওয়া দেলটার জন্যে আমরা সবার কাছে খেকেই সাহাব্য নেব, কিছু যে আমেরিকা আমার দেলের মানুষকে মারার জন্যে অইম নৌবহর পাঠাতে পারে তার কোমও দান আমরা কখনও-ই নেব না; কই, মুক্তিব ভাই তো তার কথাকে প্রকট্ সম্মানও করল না। উদ্টে আমেরিকার সাহাব্য নিল। এত সম্মান করে মুক্তির ভাইকে আমরা রাষ্ট্রপতি বানালাম, কোথার উনি দেলে কিরে জাতীয় সরকার বানিয়ে সব গলের ওপর ছড়ি ঘোরাকেন, তা না করে উনি পাওয়ার প্র্যাকটিস করার জন্যে নিক্তে রাষ্ট্রপতির পদ হেড়ে তাক্ত ভারের প্রধানমন্ত্রিত্ব কেড়ে নিকেন। তাক্ত ভাই তাল মানুব জন্যেই চুপচাপ এইসব সহ্য করে। কিন্তু আর ক্য়দিনং তাক্ত ভাই কিছু না করলেও ওই মোলতাক আর মণিই ডোবাবে মুক্তিব ভাইকে।

একটু চুপ থেকে আবারও বলে বাবা,

চাঁদা দিয়েও বাঁচা যাবে না। আবার চাঁদা চাইবে। রক্ষীদেরও চাঁদা দিলে আবার যুবে ঘুরে আসবে। এখন একটাই উপায় আছে বাঁচার : জাসদ করা।

বাবা বেন ভার সিদ্ধান্ত ঘোষণা করে। কিন্তু সিদ্ধান্ত যোষণা করেও ভা কাজে লাগতে মন ওঠে না। ভাই চুপচাপ বাড়িতে বসে থাকে। বাইরে বের হর না। আমাদের সঙ্গেও কথা বলে না খুব একটা। ভোরে আমাদের জাগিরে দিয়ে বলে, যাও হেঁটে জালো। আমার শরীরটা বেন কেমন করছে, আমি জার বের হব মা। কিন্তু বাবাকে ছাড়া আমাদের ভাইবোনের হাঁটতে খুব একটা ভাল লাগে না। তবু আমরা হাঁটতে হাঁটতে কুল কুড়াই বাবাকে দিতে। আর ভোরের বাতালে আমাদের অভিযোগ মেশা নিশাস কেলি অবিরাম। মাঝে মাঝে বর্গাদাররা আলে। বাবা ভাদের সঙ্গে কথা বলে। সবচেরে বেশি সমর নিয়ে কথা বলে বর্গাদার আতাহারের সঙ্গে। সেদিন বিকেপেও অনেকক্ষণ কথা হর দু জনের। বাবা রাভে আমাদের আবারও গল্প বলে। এবার আর চুক-পেক নর, তিমুরও নর, অভিসিউনের ট্ররের খুদ্ধের জনো বাড়ি ভ্যাপ করবার গল্প। আর পেনিলোপের প্রতীক্ষার পদ্ধ। আমরা রক্ষশ্বাসে অনেকদিন পরে জমকালো গল্প ভনি। তনতে ওমতে অনেক রাভ হরে বার। তখন বাবা বলে,

তোমরা এখন তরে পড়তে পার। আমি এখন কিছুদিনের জন্যে বাইরে বাব। তোমাদের একটু কট হবে। কিছু তবু বেতে হবে।

जामना और छोड़े बाना 🔲 २८

আমরা দেখি বাবা তার ব্যাপ আগেই গুছিয়ে রেখেছিল। বোধহয় তথু এই গল্পটা বলে রাতটা একটু বাড়িয়ে নেয়াই বাকি ছিল এবার সেটাও হয়ে গেল, এখন বেরিয়ে গড়ার পালা। আমরা দু'ডাইবোন কিছু বলতে পারি না। অবাক বিশ্বয়ে একবার মাকে আরেকবার বাবাকে দেখি। মায়ের চোখেও কোনও অন্তিরতা দেখতে পাই না। বাবা ব্যাগটা কাঁখে নিয়ে ঘরের দরজা খুলে বের হয় বাইয়ে। আমরাও বের হই পিছু পিছু। বাবা বলে, ডোমাদের আসতে হবে না। বলে মা'র সাথে নিচুন্থরে রুখা বলতে বলতে সামনের দিকে হাঁটতে থাকে। আমরা ভাইবোন গেছনে দাঁড়িয়ে থাকি। কোনও কথা বলতে পারি না, চোখের কোল বেয়ে একটু অশুও গড়িয়ে পড়ে না। তথু অনুভব করি মনীয়া খুব শব্দ করে আমার হাতটা ধরে রেখেছে, ধীরে ধীরে হাতটা আরও শব্দ হয়ে ছঠছে, বেন আমার হাতের আঙুলগুলোকে পিয়ে ফেলবে। পিট করতে করতে পিট হতে হতে আমরা এই অভিজ্ঞতায় সিধিও হই বে মানুষ এইভাবে হাতের বন্ধন তৈরি ফরেই তার মনের ওপর ঝাপিয়ে পড়া বাড়িত চাপকে মুক্ত করে। নিজের অজাত্তেই আমিও মণীযার হাতটাকে শক্ত করে ধরে রাখি। আমরা কেউই জানতে পারি না এইভাবে আমরা পরস্পরের ওপর এক দূরপনেয় নির্ভরশীলতা তৈরি করি আজীবনের জন্যে আভও ভবিষাতের কোনও রেখার আঁকিবুকি ছাড়াই

বাবাঞ্চে বিদার দিয়ে মা ফিরে আসার পরেও আমি বাইরে দীড়িয়ে থাকি। সামনে খাঁখাঁ প্রান্তর। আমি আজও জানি না কেন বাবা এই বিরান চড়ার মধ্যে এসে বাড়ি বাসিয়েছিল। এ বাড়িতে সূর্যের আলো এসে পড়ে সরাসরি। আর ডাতে বাড়ির চারণাশের গাহওলোরই বেশি আনন্দিত হওয়ার কথা। বয়সে প্রাচীন কোনও পাছ নেই এখানে ৷ আম স্কাম কিংবা কাঠাল গাছওলোয় কল দিলে কি হবে, স্পটই বোকা যায় সেওলোর বয়স এত বেশি নয় যে অমুক দাদার কিংবা অমুক দাদির গাছ বলে ভাকা হবে। বানিকটা রাজ্য খেতের মধ্যে দিয়ে আলপথে হেঁটে গিয়ে ভবেই না সভ্কে উঠতে হয়। বৰ্ষা এলে বাড়িটাকে মনে হয় দ্বীপের মতো; একা একা জেগে আছে অধৈ জনরাশির মধ্যে কখনও কোনও ব্রবিনসন ক্রুশো এসে বাড়িম্বর বাঁধবে বলে। এইভাবে হঠাৎ বাবাকে রবিনসন ক্রশো ভাবতে বেশ ভাল লাগে আমার। পরিবারের সবার থেকে আলাদা হবার পরে এমনকি পৈড়ক বাড়িতেও ঘর শা তুলে বাবা বাড়ি করেছিল জনবসন্তি থেকে বেশ দূরে এই মাঠের ভেতর। একই সঙ্গে এ্যাড়ভেঞ্চরার্স <mark>আর</mark> অভিমানী মনে হয় বাবাকে আমার। প্রথমে বখন ঘর তোলা হয় সেবার কেমক তরাবহ শীত আর প্রচণ্ড গরম এই বাড়িটার ঘরের চালে দেমে এসেছিল তা কি আর আমি অনুভব করতে পারবং তবু সেসব ভাববার নেশা আমাকে পেরে বসে। কলাগাছ তো শো শো করে বাড়ে। বাবা কি খরের বেড়ার ধারে প্রথমে কলাগাছ লাগিরেছিল? না কি ৰীশগাছঃ কখনও তো শোনার কথা মনেও হয় নি আমার। আৰু তবে কেন ইচ্ছা হচেছ শোলার, এই এখন বাবা এইভাবে চলে বাধরার পরে?

গুধু একধার বাবাকে প্রশ্ন করেছিলাম, এইখানে ভোমার একা গাকতে নিন্চয়ই ভয় করত? বাবা হেসে কেলেছিল,

ভর লাগবে কেন? ভূমি খারাপ লাগার কথা বড় জোর বলতে পার। কিন্তু আমার ভাও লাগে নি। তোমার মা ভো সঙ্গে ছিল, সেই জন্যে। না থাকলেও খারাপ লাগত কি না ক্লতে পারি না। একা একা ভূমি দূর আকাশের দিকে, ওপারের সবুজে চেয়ে আছ, হয়জোবা বইয়ের পাতার চোখ বুলাচ্ছ না হয় গান খনছ, খারাপ আর কি? রাদ্রাবান্না করার কথা ভাবহঃ দেখ, মানুষের জীবনের রিজতা এইখানে,– সে প্রায়শঃ ভূলে বার কাজের মধ্যে ভূবে থাকা আর ভবিষাৎ প্রজন্মের চলার পর্যটা পূর্বপুরুষের মতোই খানিকটা পরিষ্কার করে রেখে যাওয়া হলো সবচেয়ে আনন্দের ব্যাপার। আর তোমার সৃক্তনশীলতা ঠিক করবে যে ভূমি কডটুকু পথ কত সুন্দর ভাবে পরিষ্কার করতে পারবে। অবশা অধিকাংশ মানুষ্ট নতুন কোনও পথ তৈরি করতে পারে না, চলার পথ পরিষার করে দিতে পারে না; ব্যবহৃত পথ চলতে চলতেই ক্লাক্ত হয়ে ফুরিরে বায় তারা। এমনকি যে প্রকৃতি তাকে ব্যবহৃত গথে চলার জ্ঞান দিল ভাকেও ধন্যবাদ দিছে পারে না। প্রকৃতির কাছে খেকে তুমি কত কিছু নিচ্ছ; প্রকৃতি কিন্তু চায় তার বিনিমরে ভূমি ভাকে খানিকটা সময় দেবে, ভার দিকে একটু সময় চেয়ে থাকবে, স্তব্ধতার ভাষায় কথা বলবে। নয়ভো দেখবে তোমার সৃজনশীলতা ভোঁতা হয়ে গেছে, সঙ্গীতের সূত্র কর্কশ হয়ে গেছে, ভাষার চৈতন্য হারিয়ে গেছে। এমনকি তোমার প্রবণের শক্তি উধাও হয়ে গেছে, বোধগম্যভার পরিধি সংকীর্ণ হরে গেছে, ক্রভির মন্ত্রমুখরতা বিশোপ रुख शब्द ।

আমি রাতের অন্ধকারে দাঁড়িয়ে প্রকৃতিকে সময় দিতে থাকি। আমার প্রকৃতিতে এখন অন্ধ আকাশ, গাছের বোবা পাতা শিখছে খসখিসিয়ে কথা বলা, বাতাসের নৈশকাশীন চলাফেরা। আমি এসবের অন্ধরীক্ষে কান পাতার চেটা করি, তনতে পাই প্রকৃতিতে নদী ভাঙনের সপথ প্রতিধবনি। কিন্তু না, নদী নর,— সড়ক পেরিয়ে আলপথ তেওে কারা বেন এগিয়ে আনছে আমাদের বাড়ির দিকে। দিনের বেলা হলে এই পদধ্যনি একেবারেই শোনা যেত না। রাতে যে তনতে পান্তি তার কারণ পুরো গ্রাম ঘূমিয়ে গেছে আর আমিও প্রকৃতির সঙ্গে কথা বলার চেটা করছি প্রকৃতিরই ভাষায়। লোকওলো যে ঘাসের ভগা মাড়িয়ে আসে আমি তার অব্যক্ত বেদনার অংশীদার হতে থাকি, লোকওলো আলপথের যে মৃত্তিকাতে তর করে পারের চালে আমি সে মৃত্তিকার মৃক্ত ও বধির সন্তার সঙ্গে থিকে থাকি। লোকওলো যেন আমাকে খেরালই করে না, যাড়ির ঢালু বেরে বাইরের উঠোন পেরিরে সোজা খরের দরজার বেরে কড়া নাড়তে থাকে। কিন্তু পরজা তো খোলাই আছে, তেতরে আমার জন্যে অপেকা করছে যা আর

মণীবা। আমি তাই ঘুরে দাঁড়াই, হেঁটে গিরে দরঞা ঠেলে তেতরে ঢুকে উসকে দেই হ্যারিকেনের শিখা। ততক্ষণে আমার দেখা হয়ে গেছে তাদের মুখাল, কারও হাতে অন্ত, কারও রামদা। অন্ত দেখতে আমি অভারে হয়ে গেছি। আমার মনে পড়ে মুক্তিগুক্ত হওয়ার পরে এই বাড়ির তেতর অন্তশন্ত এখানে-সেখানে গড়াগড়ি দিত। একবার আমি একটা হাতবোমা জোরে হুড়েও ছিলাম অনেকদ্রে, কিন্তু সেটার শিপ্তনার বসানো হয় নি কছুই। আরেকদিন একটা রাইকেল নিয়ে আমি একটা অলস বেড়ালের পেছনে তাড়া করেছিলাম, ভাগ্য ভাল ট্রিগার টেপা জানতাম না; ভাছাড়া রাইকেলের ওজনেই শিত-আমি কাত হয়ে গিয়েছিলাম, গুলি করা আর হয়ে ওঠে নি। এসব ঘটনার পরে আরও অনেক ব্যাপার মিলিয়ে অন্তওলো তনেছিলাম বাবা জমা দিয়ে এসেছে। এখন আবারও অন্ত দেখে আমার নতুন কোনও প্রতিক্রিয়া হয় না, যেন আমি জানতাম এরকমই হওয়ার কথা, এরকমই অন্ত হাতে করেকজন লোকের আসার কথা বারা মুখে এটে রাখবে গামছা ভাজ করে বানানো মুখোল।

হারিকেনের আলো উস্কে দিয়ে আমি স্পষ্টকটে বলি,

আসেন, ভেতরে এসে বসেন।

লোকগুলোর মধ্যে একজন ধমকে ওঠে,

বসার জন্যি জাসি নি, ডাক লে তয়ারের বাচ্চাভারে।

লোকটার ধমকের মধ্যে কি যেন ছিল, আমি থতমত খেতে থাকি ৷ এবং ভারপরও ভেতরে তেতরে প্রস্তুতি নিতে থাকি লোকগুলোর আলা যে পূরণ হবে না ভা স্থানিরে দিতে,

বাবা বাড়িতে নাই।

নেই মানে? হারামজাদা কনে গিয়েছে? - বলে লোকটা গৃহাতে আমার গৃকাধ চেপে ধরে পূন্য তুলে আবারও ছেড়ে দেয় মেকের ওপর। আমি আমার কোমরে, পাঁজরে এবং বুকের খাঁচায় প্রচও ব্যঞ্জা অনুভব করি এবং কিছুক্ষণ দম আটকে মেকেন্ডেই ওয়ে থাকি। মা আর মণীকা ধড়কড় করে উঠে বলে এবং মুখোল পরা মানুবজনকে দেখে বুকতে চেটা করে যে ঘটনাটা খুমের মধ্যে না কি বারবেই ঘটছে। ভারপর ভারা হঠাৎ খুমের ক্ষণভ খেকে বেরিরে এলে আভক্ষিত চোখেমুখে পেছাতে পেছাতে একেবারে খরের মাটির দেয়াল খেবে এমনভাবে দাঁড়ায় যে মনে হর দেরালের সঙ্গে মিশে বাবে। লোকওলো প্রায়-উঠু বরে বলেই চলে,

श्वामकाना। श्वामकाना ग्रन्ता ना नित्व यात्व कत्नः

আমার আর ধারণা করে নিজে ভূগ হর না বে গোকওলো রাভ বাহিনীর। ভাদের একজন রামণা দিরে ঘরের মধ্যের আলমিরাটার কাচ ভেঙে তভ উদ্বোধন ঘোষণা করে। আরেকজন পানি রাখার সরাইটা ভেঙে ফেলে লাখি পিয়ে। বালিশের মধ্যে ছুরি চালিয়ে দের এক যুবক। এ বাড়িতে আসার পরে মায়ের একটা এমনুয়ডারি করা ক্রমাল কাচবাধাই করে রাখা হয়েছিল ঘরের দেয়ালে পেরেক ঠুকে; সোৎসাহে সেটাকে ভেঙে কেলে আরেক যুবক। এইভাবে তাদের ধ্বংসয়ল প্রসারিত হয় বানার সইয়ের আশমারির দিকে। সেখানে গিয়ে রাভ বাহিনীর একজন ধ্বমকে দাঁড়ায় এবং জানের বিশাল সমৃদ্রের সামনে খানিকক্ষণ অসহায়ের মতো দাঁড়িয়ে থাকে। ভারপর নাক সিটকিয়ে বলে ওঠে

६-६-६, खानी इ'एएई।

আরেকজনও তা অবলোকন করে এবং আগেরজনকে বলে,

দেখ তো আমাণের পাঠচক্রের জন্যি কুনডা কুনডা নিয়ে যাওয়া যায়?

আপেরজন মনযোগ দিয়ে বইয়ের পুট দেখতে থাকে এবং অবশেষে মন্তব্য করে,

সব প্রতিক্রিয়াশীলদের বই। এইসব দিয়ে কুন কাঞ্চ হবে না। পোলাগানের মাথা আরো বারাব হয়ে যাবে।

অনস্তর তারা অয়তে অবহেলায় এবং প্রচত্ত ত্যোধ নিয়ে বইওলো উঠোনের ওপর ষ্টুড়তে থাকে। সেওলো এলোমেলো ইতরত ছড়িয়ে পড়ে অন্যে পা দিয়ে লাখি লাখি দিতে দিতে নিয়ে গিয়ে আবার একসঙ্গে করেও থাকে। কখনও বা কোনও লাল রঙের বই দেখতে পেরে সেগুলো এককোনে সরিয়ে রাখে। আমার ভেতরে আমি কারও কান্না তনতে পাই। কেবল প্রাইমারি স্কুলে পড়ি আমি। এইসব বইয়ের মধ্যে কি শেখা আছে তার কিছুই জানা নেই আমার। কিন্তু আমার মনে হতে থাকে বাবা কি পরম মমতার এই বইওলোর যতু নিত আর সময় পেলেই সৈওলো নিয়ে মনযোগ দিয়ে চোখ বুলাত। কিন্তাবে বাবা এই বাড়ি বানালো সে কাহিনী কখনও-ই বলে নি আমাদের কাছে, কিংবা এ-ও বলে নি চাচাদের সঙ্গে আলাদা হয়ে যাওয়ার পরে কডটুকু সম্পত্তি পেরেছিল। আর বাদবাকি সম্পত্তিই বা সঞ্চয় করণ কেমন করে। কিন্তু বাবা ত্রনিয়েছিল কি ভাবে এই বই**ওলো ধীরে ধীরে সংগ্রহ করেছে সে**। এখানে করেক ইউনিয়নের মধ্যে বইয়ের লাইব্রেরি একটাই আছে, আমাদের হাইকুলে। সেটাও গড়ে উঠেছিল এক হিন্দু জমিদারের বিশেষ আগ্রহে। এর বাইরে বাবার এই লাইব্রেরি, ভাও অনেক পরের। বাবা আর আমি সময়ের ব্যবধানটুকু বাদ দিলে একই কুলের মানুব বলা যায় অনায়াসে। কুলের লাইব্রেরিভে বাবার সবচেয়ে প্রিয় ছিল যে বইটা সেটা একেবারে মেরে দেয়ার সমর বাবা না কি ধরা পড়ে গিয়েছিল। ভারপর সে কি অপমান! হেড মাস্টারের নির্দেশে এ্যাসেম্বলিতে সব ছাত্রের সামনে কান ধরে দশবার ওঠবস করতে হয়েছিল তাকে। তারপর আর কোমওদিন স্কুলের লাইব্রেরি থেকে বই নিয়ে পঞ্চে নি বাবা। বৃত্তির টাকা দিয়ে, পুরানো খাতা জমিয়ে বিক্রি করে বিভিন্ন জিনার উপায়ে বই কিনে নিজেই লাইব্রেরি বানাতে তক্ত করেছিল। চার মাইল হেঁটে খামা শহরের বইয়ের লোকানে চলে যেত বাবা, কিবো কোনওদিন সকালে উঠে বিনা টিকেটে চড়ে বসত রেলগাড়িতে। নামত কোনও জংশন স্টেশনে, কেননা সেখানে আছে নিরেট বইয়ের লোকান,— খানা শহরের বইপত্রের লোকানের মতো সেওলো লাঠাপুত্তক দিয়ে ঠাসা নয়। জারও বড় হয়ে বাবা চেনে পুরানো বইয়ের লোকান। এইভাবে গড়ে ওঠে অজ্ব পাড়াগাঁয়ে আমার বাবার লাইব্রেরি।

এই বইওলোর সঙ্গে জড়িয়ে থাকা বাধার মমতাকে এই লোকওলো কখনও-ই ৰুখতে পারবে না। আর গোকগুলোকেই বা দোষ দিয়ে লাভ কি, আমি নিজেই কি বুঝতে পারব এই বইওশোর সঙ্গে জড়িয়ে আছে বাবার কত মমতা! একেকটা বই ন কিনত ৰাবা আৰু নিশ্চয়ই বুকে জড়িয়ে ধরে বার বার ঘ্রাপ নিত সেটার। অথবা দুকিয়ে রাখত হারিয়ে যাবার আশংকার। আমার মানসচোখে ছবি ভাসতে থাকে, হাইকুলে পড়া একটা ছেলে খানা শহর থেকে বই কিনে কখনও সড়কপথে কখনওবা আলপথে বাড়ি ফিরছে, কখনও সে কোনও গাছের নিচে দাঁড়িয়ে পড়ছে, সভৃকা নয়নে দেখছে বইয়ের মনাট, ভারপর নিজের অজাত্তেই গড়তে তরু করেছে স্থানকালগাত্র ভূলে। কিংবা একটি **হেলে** মামছে শহরের রেগস্টেশনে। সেখানে সে থাকতে চার না, সেখানে সে আমন্দ করতে চায় না, চার না সে শহরের সবচেরে ভাল হোটেলটার ভরকারি, ভালপুরি কিংবা সিঙ্গারা খেতে, চায় না সিনেমা হলে আসা নতুন ছবি দেখতে। তার ইচ্ছো খুবই সামান্য,~ রেলস্টেশনে যে বই ও পত্রপত্রিকার দোকান আছে সেখানে ভাল বই সুঁজে পাবে। সে সেই বই কিনে নিয়ে ফিরে যাবে নিজের গ্রামে। গাড়ি থেকে নামতে নামতে, হয়তোবা তখন সন্ধ্যাও নেমে এসেছে, একটু আধার দখল করে নিয়েছে খানিক আকাশ, তাকে এখন গা চালিরে কিরতে হবে, রাস্তা নিয়ে যেতে যেতে সে মৃদু উত্তেজনা অনুভব করবে কখন বাড়ি ফিরে নির্বিবাদে বইটা পড়ার সুযোগ পাবে, রাভ পার করে দেবে বইয়ের পাতার ভূবে গিরে। মানুষ নিজেকেই জানতে পারে মা তালোভাবে; আমিই বা কেমন করে হবহু বলে দিতে পারব বাবার সেই দুর্শত আনন্দ, মমতার বিশাস্তা।

আমি লোকওলোকে বাধা দিতে পারি না। আমি যতটুকু বুকি বাবরে পীড়ন এরা তো ততটুকুও বুক্তে পারবে না। এদের আমি বিরত করব কেমন করে। আমি তাই দাঁড়িয়ে থাকি। দেখি দেব সাহিত্য কুটিরের কাঞ্চনজ্জা চলে পেল বাতিল বইয়ের দলে, দেখি রবীপ্রনাথ, ঈশরচন্দ্র, যোগীন্দ্রনাথ, দক্ষিণারক্রন পিরে শামিল হল তাদের সঙ্গে এক কাতারে। প্রতিক্রিয়াশীল কি তার মোটামুটি চলনসই সংজ্ঞাও তখনও শেখা হয় নি আমার। কিন্তু লোকওলোর কথা থেকে বুকতে পারি সেটা খুবই খারাপ জিনিস

এবং এসব বই সেই পোরের। বইওলো জড়ো করে গোকওলো আওন জুলার। ওর হয় ওদের বহুৎসব। বইয়ের পাতার তেতর সুকিরে থাকা শক্তি নিরে আওনের শিলা স্পর্ধিত ভঙ্গিতে বার বার তাকাতে থাকে খোলা আকাশের দিকে। অন্ধকারের মধ্যে সে শিবার দিকে ভাকিরে মনে হয় চকরাখালিরা খেত পাহারা দেয়ার জলো আতন জ্বালিয়েছে গভীর রাতে। কিংবা সেরকম কোনও কিছু নয়, একদল শীভার্ত মানুষ নাড়া, খড়, গাছের ভকনো লাভা এইসব জোগাড় করে আলো জ্বেলেছে উঞ্চতার অনুসন্ধানে। আলোর শিশার ওপর ভারা হাত মেলে ধরেছে গভীর আগ্রহে, দূরে সরে বাচেছ শিশির ও শীত দুই ভাইবোন।

অনেকদিন শরে আমার আবারও মনে হবে এই দিনের কথা। তখন কিন্তু সত্যি সত্যি শীত। আমি ফুটপাত দিয়ে হেঁটে যাছিং পুরানো অভ্যাসে হাঁটতেই বেশি ভাল লাগে জন্যে। হঠাৎ একটা রিকশা ব্রেক করে আমার কাছাকাছি দাঁড়িয়ে যাবে। রিকশা থেকে ল্যঞ্চিয়ে মারিয়া লেমে আসবে, আর আমি কিছু বলার আগেই 'চল চল ডেসটিনি দেখৰ' বলে হিড় হিড় করে আমাকে টেনে রিকপাতে তুলে নেবে। ওর পরনের দিকে ভাকিরে জিনস দেখতে দেখতে আমার মনে হবে বিকেলের আকাশটা ধীরে ধীরে নেমে এসেছে যারিয়ার কোমর বেয়ে উরু পেরিয়ে হাঁটু দিরে পারের গোড়ালিতে। মারিরা হাসবে এবং অকন্মাৎ আমার মনে হবে সে ভার জিনসের সঙ্গে পরা শাদা জামটোই ঠোঁটের কাঁকে কৰে নিচে কি না। কিছু মারিয়ার শরীরের দিকে ডাকাতেই আমি বন্ধা। পাব এবং এত বড় একটা ভূল চিন্তা আমার মাধায় আসল কিভাবে তা ভেবে থৈ পাব না। মারিয়া কিস কিস করে বলবে, 'পোন ভালো গাঁজা পেয়েছি, সিনেমাটা দেখে পিজি-র পেছনে গিরে দুই ভাই কয়েকটা বারি মেরে আসব, না কি বল?' আমি কিছু বলতে পারব মা, বস্তুত আমার বলবার তেমন কিছুই খাকবে মা। মারিয়া বে এইরকম তা তো সবাই জানে, আমাকে হা ভাবিয়ে তুলবে তা হলো এর মতো মেয়ের হঠাৎ আমার মতো ল্যালন্যালা ছেলের সঙ্গে এই রকম সুবোধ ব্যবহার। গাঁজা খেতেও আমার তেমন আপত্তি নেই, যদিও আমি তেমন টানতে পাত্তি না এবং টানার ব্যাপারে আগ্রহও দেখাই মা টাকাপয়সা না থাকাতে। পীজা খাওয়া বছুরা এমনভাবে পাঁচ-দপ টাকা চেয়ে বসে যে আমার নিজেরই লক্ষা করে আর এই দুঃখে শাহবাগে আড্ডা মারাও অনেক আগেই বাদ দিয়েছি আমি। কিন্তু মারিয়ার কথা আলাদা, মেয়েমানুষ কেমন করে গাঁজা টানে আর টানবার পরে কথাই বা বলে কেমন করে, আচরণই বা কডটুকু সংযত থাকে এসৰ জানার অদম্য কৌতুহলে আমি ঠিকই ব্যক্তি হয়ে যাব গঞ্জিকা সেবনবিষয়ক গুল্কাবনার। তারপর মারিয়ার কাছে বলতে থাকব একটা ছোট মক্ষল শহরের গল্প বেখানে শীত আসে পাতা করিয়ে, রাত নামে খুব তাড়াতাড়ি, সুনসান রাজায় হঠাৎ দেখা মেলে পুলিশ কিংবা কোনও রাজনৈতিক কর্মীর; সেই শহরের দীর্ঘ পথে ভীষণ জন্ধকার, শিক্ষ কালো, আর তার মধ্যে তুমি হেঁটে যাচ্ছ একা কিবো কোনও বন্ধুসমেত। কেউ কোনও কথা বলছ না, বড়জোর একজন আরেকজনের হাত ধরে আছ। আরেক হাতে বিশুক্ত গঞ্জিকাভরা সিগারেট, আলো কুলছে অন্ধকারে মিটমিটিরে। হাঁটিতে হাঁটিতে ভোমরা চলেছ নদীপারের দিকে, সেখানে শীতল হাওয়া, অন্ধারের বুকে কেবলই ছলাখনে আর ভোমরা হাঁটছ কেবলই সেই নদীর পারে, কোখার কত দ্রে কিচ্ছু জান না জানবার দরকারও নেই, ভোমাদের ঠোঁটে ওধু জোনাক-আলো, মাখার মধ্যে সঙ্গীত বুনো বৃষ্টির, শিয়েছ কখনও এমন ছোঁট শহরে?

মারিয়া আমার কথা মুখ্য বিশ্বরে গুনে চলবে, ওর মুখে ধীরে ধীরে কুটে উঠবে বিকেল বেলার নদীপারের বালুতে ভেলে ওঠা রোদের আছনা, চোখের অতলে জেগে উঠবে আকাশের ওপার আকাশ। তারপর যেন কোনও পাখুরে ঝরনার পালে মুম ভেঙে জেগে উঠেছে এরকম ফিসফিস কলখননিতে বলে উঠবে,

জামাকে নিয়ে যাবে?

ও আমরে আমার হাতা শক্ত করে চেপে ধরবে এবং আবারও কিসকিসানো মুগ্ধতায় আহ্বান করবে,

বল ভথাগত, আমাকে নিয়ে থাবে? আমরা সারা রাত জেগে থাকব, নদীর পার ধরে ছাঁটতে হাঁটতে হারিরে বাব, যখন ভোরের আলো ফুটে উঠবে তখন দূরে আকাশের শুক্ডারা নিতে যাওয়া দেখতে দেখতে, পৃথিবীর প্রান্তরে সবুক যাস জেগে ওঠা দেখতে দেখতে পারের বালিতে আমরা যুমিরে পড়ব। বল নিয়ে থাবে?

আমি মাখা নাড়ি, হাঁ। নিরে হাব। কিন্তু আমি জানি মারিয়াকে নিরে আমার কোনওদিনও আমাদের শহরে বেড়াতে বাওরা হবে না। কোনওদিন মারিয়া গেলেও আমি ভাকে নিরে সারা রাভ যুবতে পারব না, জাগতে পারব না, হাঁটতে পারব না; হানুব কৌতৃহল নিরে আমাদের দিকে তাকিরে থাকবে, মানুব আমাদের পিছু নেবে, মানুব আমাদের উত্যক্ত করবে, মানুব আমাদের নিরে কর্মকাহিনী কাঁদবে; আমাদের বছুরাও ইনিভমর হাসি দেবে, কিংবা ভাদের মধ্যে দৃষ্টি আকর্মণের জন্যে প্রতিযোগিতা তল হবে, ভাদের কেউ হরতো কাঁক বুবে মারিয়ার একান্ত সারিখ্যে বসে অন্তত একটা চুমু দেবার চেই। করবে অথবা এসব কিছু না বলে এমন বস্তু সংবত্ত ও মার্জিত আচনশ করবে বেন মনে হবে মারিয়া আমার বিশেষ কিছু, আর কিছু দিনের মধ্যেই আমাদের আনুষ্ঠানিকভাবে বিয়ে হবে এবং আমারা এসেছি প্রাক্তিবাহু রোমাঞ্চ নিতে,— অভএব আমাদের দৃ'জনকে যত বেশি একান্ত সময় কাটানোর জন্যে দেরা বাহু ভতই ভাল এবং ভারা আমাদের কাছাকাছি থাকলেও আমাদের থেকে নিরাপদ দূরত্বে থাকবে। কিবো রাতে আমাদের ঘিরে ধরবে একদল নৈশ পুলিশ। ভারা হো হো করে হাসবে, ভারা আমাদের বিধে কেলবে, বাধতে গেলে বাধা দিলে মেরে কেলবে, নদীতে কেলে দেবে; আর বাধা না দিলে আমি দেখৰ মারিয়াকে ওয়া একের পর একজন ধর্মণ

করছে, মারিয়া আর কথা বলছে না পৃথিবীর সকল নিরবতা ভার দারীরে বেন ভর করেছে, সে নিরবতায় শোনা যাচেছ একদল শ্বাপদের উন্নাস, উন্নাসধ্যনির মধ্যে দিরে মারিয়ার দারীর থেকে গড়ানো রক্ত নদীপারের বালি তবে নিচেছ মারিয়ার লক্ষা আর ঘৃণা ভার নিজের কাছে রেখে দিতে, ভারপর একসময় মারিয়া মারা পেলে ভাকেও ওরা নির্বিদ্নে নদীতে ফেলে দেবে।

তথু আমি কেন, মারিয়াই বা কেন, এ কথা তো সবাই জানে এই ধর্ষণাখাই আমাদের ইতিহাসের সবচেয়ে দীর্ঘ গাথা। বলাংকার করে নিজেদের রক্তকে প্রবহমান রেখেছে এদেশে আর্যসকল, তাদের পথ ধরে ধর্মানুসারীর সংখ্যা বৃদ্ধি করেছে ধর্মপ্রচারকেরা, সেই দো-আশলা নারীই আবার পছন্দনীর হয়ে উঠেছে শাসক ইংরেজের বিদেশবিভূঁইয়ের নিরামিশী জীবনে, তারপর তদ্ধচারী মুসলমান বানানোর জন্যে আমাদের ধর্ষণ করে গেছে পাকিবানী হায়েনারা; আর বছরের পর বছর ধরে চোখের সামনে দেখতে দেখতে এখন সেই ধর্ষণ আমাদের এত বেশি মজ্জাগত হয়ে গেছে, এত বেশি অনুশীনন ও চর্চার বিষয়ে পরিণত হয়েছে যে আমরা অনায়াসে ধর্মধে মর হতে পারি, ধর্ষণের শততম ঘটনা উদ্যাপন করতে পারি, তারপর নির্বিবাদে সরকারের তত্ত্বাবধানে চলে যেতে পারি আমেরিকার মতো দেশে। দেশের সবচেয়ে সম্মানী কবি তখন কল্যম শিখবেন যে এরকম লোক তো সরকারি দলে থাকবার কথা নয়, আসলে সে বর্ণচোরা, সরকারি দলে ঠাই নিয়েছে বিরোধী দল থেকে এসে; কিন্তু তিনি বশবেন না সরকারি দলে থাকা তার মামার কথা, বে মামা পরম মমতায় ধর্বক ভাগ্নেকে পাঠিয়ে দেবার ব্যবস্থা করবে আমেরিকাতে। কিংবা তিনি বলতে ইতন্তত করবেন বস্ত্রহরণকারীদের পরিচয় উচ্চারণ করতে: সারা জীবন দৌপদীর বস্ত্রহরণের শৈল্পিক বর্ণনা পঠনে অভ্যন্ত তিনি এবং তাঁর মতো সংস্কৃতিসেবী বৃদ্ধিজীবীরা বরং একটু পুলকই অনুভব করবেন। তবু হাজার হলেও কবি মানুব; একসমর নিজের অজাস্তেই বলে উঠবেন, ধর্ষণকারীদের চিড়িয়াখানার রেখে দেয়া উচিত। ধর্ষণের এই স্থাপ দীর্ঘ থেকে দীর্ঘতর হতে থাকবে। আমি ভর পাব মারিয়াকে একা একা অমন মফস্বলে নিয়ে থৈতে। কিন্তু আমার ভীষণ খারাপ লাগবে মারিয়ার কাছে এই ভয় পাওয়ার কথা বলতে। আমি প্রত্যালা করব সডিয় সডিয় মারিয়াকে নিয়ে যাওয়ার। আমি বলব, হ্যা মারিয়া, তোমাকে নিয়ে ধাব। আর 'ওয়ু গ্রেট তথাগত' বলে মারিয়া আমার দু'হাত চেপে ধরবে। আমি কি করব কি বলহ ঠিক করার আগেই দেখৰ আমাদের রিকশা গন্ধবো পৌছে গেছে।

ভারপর সিনেমা শুরু হলে একেবারে প্রথমেই পর্দায় আরিস্তভলের চিস্তাধারার ওপর বাদশ শতাশীতে মুসলিম দার্শনিক ইবনে রূপদ আভারসের লেখা বই অনুবাদ করার দায়ে খ্রিস্টান লেখককে আগুনে পুড়িয়ে মারা হলে আমি চমকে উঠব, আমি দেখৰ শেখকের সারা শরীর প্রাস করে নিচ্ছে আওনের শিখা, তারপর একসময় মুখকে ঘিরেও লকলকিয়ে উঠল সেই আওন। আবারও আমি দেখব বহুৎসব, দেখব কুসংখারে আছেনু মানুষ কিভাবে পুড়িয়ে দিছে আভারসের সমন্ত বই, আর আভারস নিজেও অবশিষ্ট বইখানা নিয়ে আওনের মধ্যে ছুড়ে দেবেন, তখন আওনের শিখা ছাড়িয়ে পর্দায় ডেসে উঠবে এক অলভ্যনীয় অমর বাণী: চিন্তার রয়েছে উড়বার মতো পাখা, কোনও প্রতিবদ্ধকতাই পারে না তার ওড়া ঠেকাতে। আমার অনেকদিন পর বাবার কথা মনে হবে, আওনে পোড়ানো বইয়ের কথা মনে হবে, পোড়া ছাইওলো পরদিন একসঙ্গে জড়ো করে মণীয়া যে যতু করে তুলে রেখে দিয়েছিল সেকথা মনে হবে; আর মনে হবে বলেই আমি আরও নিবিষ্ট হয়ে মারিয়ার সঙ্গে বসে বসে গাঁকা টানব শাহবাগের অন্ধকারে।

গাঁজার শাদাটে ধোঁয়ার ভবিতব্যে একাকার হয়ে অকন্মাৎ ধেয়ে আসতে থাকে রাত বাহিনীর বহুৎসবের আগ্রাসী ধোঁয়া। রাত বাহিনীর লোকগুলো হো হো করে হাসতে থাকে। আমরা আতংকিত হই বইয়ের ভূপে লাগানো আগুন ঘরের বেড়া ও চালের দিকে এগিয়ে আসবে কি না। আমাদের আতংকের মধ্যে রেখে চলে যায় রাত বাহিনী। বাবার আগে আবারও শারণ করিয়ে দেয়, এবার বাবার দেখা পেলে কোনও কথা নেই গুলি করে মেরে ফেলবে, শ্রেণীশক্রর সঙ্গে কোনও আপোষ করবে না ভারা। আমি সংশব্দে পড়ি, যদি শ্রেণীশক্র বলে মেরেই ফেলবে তবে আর চাঁদার জন্যে এতদিন চাগাচাপি করল কেন। সংশন্ম নিয়ে আমরা বসে বসে বই পোড়ার দৃশ্য দেখি। আমাদের আর ঘুম আসে না। কিংবা আসে, আমরা তা বৃবতে গারি না, আমি দেখি মণীয়া মায়ের হাতের ভানায় মাথা রেখে ঘুমিয়ে গেছে, আমি দেখি মা বারান্দায় বাঁশের বৃত্তিতে যাথা ঠেকিয়ে চোখ বৃজ্তে আছে। তারপরই আবার আমি চোখ বুলে দেখি মা আর মণীয়া জ্যেরের ফর্সা আকাশের দিকে চেরে আছে, আমিও চেয়ে আছি না-ওঠা সূর্বের ছড়িয়ে পড়া আলোর দিকে। এর মাঝের সবটুকু সময়ই দৃশ্যান্তরে চলে গেছে, বইয়ের পাতান্তলো পুড়ে যাওয়ার পরেও এখনও ভেঙে বায় নি, কালো বাকানো শরীর নিয়ে ভারা গুকনো পাতার মতো কখনও কখনও নড়াচড়া করছে।

সেই সকালেই রক্ষী আসে। তাদের মুখে বাকানো হাসি, চোখে বিদ্রুপ, শরীরে অন্নীলতা। পৃথিবীর যাবতীর শব্দ মিইয়ে দিতে অভ্যন্ত মৃত্তিকার কোমলতাও বাধ্য হয় রক্ষী আসার আগেই বৃটের মচমচে আওয়াঞ্চ অভিস্রবণ না করে আমাদের তাদের আগমণ বার্তা দিতে। উঠোনে এসে থামে তারা। বরাবরের মতোই তাদের কাছে থাকা অত্ততলোর দিকে প্রচণ্ড আগ্রহ নিয়ে তাকিয়ে থাকি আমি। তখনও উঠোন থেকে পোড়ানো বইয়ের ছাই সরানো হয় নি। রক্ষীরা ওকনো পাতার মতো পুড়ে যাওয়া বইয়ের পাতাওকো বৃট দিরে মাড়াতে মাড়াতে, ভাঙতে ভাঙতে সাবধানে চারপাশ

দেখতে থাকে। তাদের শরীরের মধ্যে পা কেশবার ভঙ্গির মধ্যে এমন সতর্কতা খেলা করে খেন রাত বাহিনী এখনও চলে যায় নি, আশেপাশেই কোখাও পুকিয়ে আছে, এখনই তাদের সঙ্গে রকী বাহিনীর যুদ্ধ হবে। হঠাৎ মণীবা ক্রুদ্ধবরে বলে ওঠে,

বইয়ের ওপর দিয়ে হটিছেন কেন?

দু তিনজন রক্ষী হেসে ফেলে,

বা-ব্যাঃ গদার ধার দেখিছ। আরে হেড়ি এগুদি তো পুড়ে গিয়েছে।

পুড়ে পেছে তো কি হয়েছে? উঠানে আরও জায়ণা আছে, সেখান দিয়ে হাঁটেন।

মণীযার কঠ আমাদের জাগিয়ে তোগে। আমি কিংবা আমার মা চোখে একটুও পলক না ফেলে রক্ষীদের দিকে চেয়ে থাকি, দেখি কি করে ওরা। একটু এদিক সেদিক চেয়ে রক্ষীর দশ মায়ের সামনে এসে দাঁড়ায়। বলে,

कुन जुभाव, आरम्रहिन कुन जुभाग्र?

শা চোখ নামায় না। তাকিয়ে থাকে, তার সারা রাকের জমানো ক্রোখ এবার কঠিন শব্দ হয়ে বেরিয়ে আসতে থাকে,

কেন, রাতে কখন আকাশে আওনের থোঁরা দেখা গেছে দেখেন নাই আপনারা? কোন দিকে আওন জ্বলেছে তা ঠাহর করতে না পারেন সময়টাও কি ঠাহর করতে পারেন নাই? যাওয়ার সময় শ্রোগান দিয়ে গেছে, গুলি করেছে, সেসবও কি ভনতে পান নাই?

ব্লকীরা একটুও লক্ষা পায় না মায়ের কথার। বলে,

ভাবী আগনি এমনি এমনি রাগ কইরছেন। কুন সুমায় কনে ডিউটি দেয়া লাগে আমাগের তার ঠিক আছে না কিঃ ভাইজানরে তখনই বলিলাম টাকা তো খরচ হবেই, আমাগের পিছনেও কিছু খরচ করেন, তা কানে তুইললো না। আমরাও কমাভার সারেবের কাছে জার গলায় কতি পারলাম না। তা একবার বেখন পিছু নিছে, আর কি আর ছাড়ি দিবেঃ ভাইজানকে ক'য়েন আ'লেই দেখা কইরতে। একটা না একটা উপার তো বা'র করতি হবে। কনে গিয়েছে ভাইজানঃ

জানি না। কাল সন্ধায় বের হয়ে গেছে। কিছু বলে যায় নাই। একজন রক্ষী মূচকি হাসে,

রাতে যে আইবে টের পা'ছিল মনে দাপে?

মা আর কিছু বলে না। মনে হয় ভার কোনও কিছু বলার আর প্রবৃত্তি হয় না। রক্ষীরা কিছুক্দণ দাঁড়িয়ে থাকে। ভারপর 'ঠিক আছে আসলেই দেখা করতে বইলেন'

षाभवा द्रैंदेंगेहि वाद्रा 🗌 ७८

বলে আবারও চলে যায় বুটের মচমচ আওয়াজ ভূলে। সকাল হয়েছে বলে দূরে দু'চারজন করে লোকের দেখা পাওয়া যায়, আসছে আমাদের বাড়ির দিকে রাজে দেখা আওলের বহুস্যকাহিনী জানবে বলে। মা তাই দ্রুত কিপ্রবেগে ভাঙা কাচ ঋড়ো করে সরিরে ফেলে, মেকে বাড়ু দিরে ফেলে আর মণীষাকে দেখি পুড়ে যাওয়া বইয়ের ছাই জড়ো করতে।

বিকেল পার হয় না, ভার আগেই রক্ষীরা আবার আসে। এবার ভারা উদ্যুক্ত, রুক্ষ, চোখেমুখে লক্ষক করছে জিঘাংসা আর তীব্র ঘৃপা। আমাদের ভার কারণ বুঝবার সুযোগই দেয় না ভারা। আসার পথেই গরুকে পানি খাওয়ানের বড় নান্দাটা লাখি দিয়ে ভেঙে কেলে ভারা। চিংকার করতে থাকে,

কলে গিয়েছে হারামজাদাঃ তয়ারের বাচ্চা জাসদে যোগ দিয়েছে? ভাবছে জাসদে যায়ে পার পাবে? অর জাসদ করা বা'র করব।

রাত বাহিনীর মতোই মহাতাওবে মেতে ওঠে রক্ষীর দণ। থানে বাধা আমাদের মতুন বাড়টাকে খুলে নের ক্যান্সে নিয়ে খাবে বলে। তারপর আওল জ্বালিরে দের খড়ের পাদায়। রাত বাহিনীর লোকদের তবু কট করে বইওলো জড়ো করতে হয়েছিল পোড়ানোর জন্যে; খড়ের পাদার আওন দিতে রক্ষীদের সেটুকু কটও করতে হয় না। মহাতৃতি নিয়ে তারা আওন জ্বতে দেখে, বাড়টা নিয়ে চলে বার বীরদর্শে। যাবার আগে বলে বার,

বলিস আবারও আসব আমরা। গরু খুলি নিয়ে বাব, হাসমুরণি ধরে নিয়ে বাব, আওম ধরিয়ে দিয়ে খাব। পারলে ওই জাসদের হারামজাদাতলো বেদ ঠেকার আমাণের।

বহুৎসব আর ধ্বংসের এই মহাবন্ধে আমরা নির্বাক হরে পড়ি। আর আমি এক রাত, মাত্র এক রাতের মধ্যে তীবণ বড় হরে যাই, ভীবণরকম। একটু একটু করে চোখ মেলে দেখি, কেউ আর আমাদের সঙ্গে তাল করে কথা বলে না। তর করে তারা বিদি রক্ষীরা দেখে কেলে, রাত বাহিনীর লোকেরা যদি কেশে ওঠে। দৃ'চারক্ষণ বর্গাদার লুকিরে মাঝেমধ্যে আসে, মায়ের সঙ্গে কথা বলে, কি বলে তাল করে জানি মা আমি আর মণীযা। মনে হয় তারাও বাবার মতো জাসদ করে। বাবা কবে আসবে, আদৌ আসবে কি না কিছুই জানা যায় মা। কুলের ছেলেমেরেরাও আমাদের সঙ্গে কথা বলে নিরস গলায়। আগে স্যার মাঝেমধ্যেই আমাদের নানা প্রশ্ন জিজ্ঞেস করত, এখন আর কোনও কথা বলে না। কোনও কোনও মাসটার আবার এমনি এমনি খুঁত ধরে খুব করে বেত মারে আমাদের ভাইবোলকে। আমাদের হাতের ভালুকে, হাতের ভানার, পিঠের ওপর, পাঁজর ঘেষে লাল দাল পড়ে যায়। মা সরিবার তেল পরম করে সেঁক দের

শোয়ার আগে। যুমের ঘোরে জ্বর আসে, জ্বর এলে মণীয়া কাতরাতে থাকে, কর্বনও তরে চিংকার করে আমাদের জড়িয়ে ধরে। আমি আমার বুকের মধ্যে মণীয়ার জ্বতর গরম নিশ্বাস অনুভব করি। আমার সারা শরীর জ্বতে থাকে, কিন্তু কি করব ঠিক করতে পারি না। রাত জেগে পালা করে আমি আর মা মণীয়াকে জলপায়ী করি। কর্বনও মণীয়া চোর্থ মেলে, বড় বড় মণি মেলে তাকিয়ে থাকে, আমাদের চিনতে পারে না, দু'হাত তুলে কি যেন খোঁজে, জোরে জোরে নিশ্বাস নিয়ে চারপাশের গন্ধ শোঁকে। ঘ্রাণ তকে মণীয়া বুঝতে পারে কাছে আমি বসে আছি, পালে মা ঘুমিয়ে আছে, হাত বাড়িয়ে আমাদের গা ছুঁয়ে মণীয়া আমার অন্তিত্ব টের পেয়ে আবার চোর্খ বোজে নিশ্বিষ্টে।

এইভাবে প্রতিদিন জামরা ভাইবোন আরও বেশি-বেশি করে কাছে আসি, প্রাভ্যহিকতার মধ্যে দিয়ে গড়ে তুলি নির্ভরশীলতার অব্যক্ত জগত। আমরা আর ভোরে ইটিতে বেরুই না। তয় এসে আমাদের ঘুষকাতুরে করে তোলে। মনে হয় বাবার কথা। কোনও কোনও দিন সকাল অসহ্য হয়ে ওঠে। তখন আমরা ভাইবোন মিলে বিলের ধারে গিয়ে দেখি গানিপোকা কি করে দৌড়ে বেড়ায় অথবা গোরাছ্ট খেলে পাড়াপ্রতিবেশীদের সঙ্গে। কিংবা দেখি পাড়ের হিজল গাছের ডাল কেমন করে হেলে আছে বিলের মধ্যিখানে, হিজলের ফুল করে পড়ছে পানির বৃকে, তারপর জলজ ফুলের বেশে অলরাশিকে প্রসমু করে তুলছে, গাছ গাছের পাতা কিংবা ভাল সকাইকে যাই বলে ধীরে ধীরে অনন্তের প্রান্তরে ভেলে যাচেছ। হিজল ফুলের কান্না ধুয়ে যাচেছ মুছে যাচেহ বিদের জবে। কোনওদিন আমরা কেবল আকাশ দেখি। আকাশ দেখি আর পেটের মধ্যে চিনচিনে ক্ষ্ধা লুকিয়ে রাখার চেষ্টা করি। কেউ আমাদের বলে দেয় নি, এমন নয় আমাদের মা-ও চলে গেছে, কিন্তু নিজেরাই আমরা বুঝে গেছি তিনবেল। দূরে থাক একবেলা খাওয়া জোটানোটাই মায়ের কাছে দৃষ্কর হয়ে উঠেছে। মা তার বিয়ের শাড়ি পরতে তরু করেছে। আমি বাবার চলচলে জামাটা গায়ে চাপাতে তরু করেছি নির্বিকার ভঙ্গীতে। মণীঘাকে নিয়েই একটু সমস্যা। মায়ের কিংবা বাবা কারোরই কোনও কিছু ওর গায়ে লাগছে না।

প্রতিদিনই একটা না একটা নতুন ঘটনা ঘটে। একেকদিন একেক ভিথারিণী ভিক্ষা করতে এসে একেক খবর জানায়। আমের হাইকুলে সবচেয়ে ভালো ফুটবল খেলে মোকাররম ভাই। আমরা মুগ্ধ হয়ে বল নিয়ে তার দৌড়ে বেড়ানো দেখি। মোকাররম ভাইয়ের চুল বড় বড়। যখন বল নিয়ে দৌড়ার ভখন তার বাবড়ি চুল বাতাস কাটিরে দুলতে থাকে। আমরা ভেতরে ভেতরে ঈর্ষার জ্লেপুড়ে মরি। সেই মোকাররম ভাইয়ের বাবড়ি চুলে বিপ্রান্ত হয়ে একদিন রক্ষী বাহিনীর লোকেরা তাকে ধাওয়া করে। মোকাররম ভাই উর্ম্বশাসে দৌড়াতে থাকে। দৌড়াতে দৌড়াতে একসময় সড়কের

ওপর হোঁচট খেরে গড়িরে পড়ে। রক্ষীরা তাকে রাইকেলের কুঁদো দিরে মারতে থাকে।
নিয়ম না কি এইরকমই, অল্প অল্প মার দিয়ে দেখতে হর মুখ খোলে কি না, খুললে
ভাল, না খুললে ধারা অনুযায়ী একটার পর একটা দাগুরাই দেয় ভারা। মোকাররম
ভাইকে দৌড়ে ধরতে হয়েছে জন্যে আগে থেকেই ক্লাই ছিল গুরা; সেজন্যে প্রথমেই
স্নাইকেলের কুঁদো দিয়ে মারতে থাকে।

মোকাররম ভাই কবুল করে গুইভাবে দৌড়ানো তার ভূল হরে গেছে। কিছ ভভক্ষণে রক্ষীদের মনের মধ্যে সন্দেহ চুকে গেছে : নিক্রই ছেলেটা হয় রাভ বাহিনীর নয় গণবাহিনীর। না হলে দৌড় দেবে কেন। ভুলের হেড মাস্টার বাজার করে ফিরছিলেন তখন। তিনিই মোকাররম ভাইকে উদ্ধার করেন অনেক কসম কেটে আর সাকীসাবৃদ হাজির করে। রক্ষীরা একেবারে হাল হাড়ে দা, কুলের ছাত্র কেন এতবড় চুল রাখবে এরকম বারনাকা করতে থাকে। তারপর নিজেদের ক্যাম্প থেকে গোফ ছটিবার ছোট কাঁটি নিয়ে এসে মোকাররম ভাইয়ের সাধের চুলওলো কোমও নিরমকানুন ছাড়াই এখানে এক বাবলা ওখানে আরেক বাবলা এইভাবে কেটে ফেলে। একদিন বাজার খেকে বিলাতি কুমড়ো কেনার পরে রক্ষীরা খেয়াল করে দেখে যে ভেতরে একটু পচে গেছে। তখন ভারা বেয়নেট দিয়ে ৰোঁচা মেরে কুমড়োর পচা অংশটা তুলে যে বৃদ্ধ কুমড়া বিক্রি করছিল তাকে খাইয়ে দেয় গায়ের জোয়ে। এক দোকানদার খেরাল করে নি যে বেতারে তখন খবর হচেছ আর খবরের মধ্যে শেখ মুজিবের ভাষণ দেরার কথা বলছে। বেচারা প্রস্রাব করতে বাবে জন্যে রেডিও বছ করেছিল। কাছেই চায়ের গোকানে চা খাছিল রক্ষী বাহিনীর কয়েক সদস্য। শেখ মুজিবের কথা বলার সময় রেডিও বন্ধ করার অপরাধে দোকানদারটাকে ধরে উত্তমমধ্যম দিতে থাকে তারা। তাদের এই উত্তমমধ্যম পর্ব চলতেই থাকে বেচারা অজ্ঞান হওরার আগে পর্যন্ত। লোকের কথা আর कি বলব। একদিন আমি বাজারের শোডাউনের কাছ দিয়ে আসার সময় দাঁড়িয়ে খেকে পড়ছিলাম আলকাতরা দিয়ে রাভ বাহিনীর সদস্যরা কি সব লিখে রেখেছে আর গণবাহিনীর লোকেরা বে গোস্টার লাগিয়েছে ভাতেই বা কি লেখা আছে। হঠাৎ আমি আমার কানে তীব্র বস্তবা অনুভব করি, তারপরই আমার কোনও হশ থাকে না, অনেক পরে বিমক্তিম মাখা নিয়ে উঠে দাঁড়াতেই আমার কোমরে আরেকটা দাখি পড়ে। আমি তদি একজন রক্ষী বলছে, ধরারের বাচ্চারে আরও পিটাও। ও শালা ঠিকই জানে কোন সুমার ওর ব্লাভি কাদার আ'লে পোস্টার লাগিরে রা'ঝে গিরেছে। আর ওগের আন্তানাই বা ক'নে। কিছু আমার মূখের একপাশ দিয়ে রক্ত গড়াতে থাকে এবং মাখা যুরতে যুরতে পড়ে ঘাই মাটির রপর। এই অজ্ঞানতাই রক্ষা করে আমাকে। আমি জেগে উঠে সেখি পানের দোকানদার রমিজ ভাই এদিক সেদিক ভত্তে ভরে ভাকাতে ভাকাতে আমার মাধার পান ভিজিয়ে রাখার পানি দিচেছ একটা পান তিনকোনা তাঁজ করে ৷

এ ঘটনার পরে জনবহল, রক্ষীলন্ড। জায়গাণ্ডলো এড়িয়ে চলতে ওক করি আমি।
আমার মতুন সময় কাটানোর জায়গা হয় সড়কের ধারে তোলা সোলায়মানের বাবার
নতুন লোকান। আমি যে সেধানে পান্তা পেতাম তা কিন্তু নয়। দোকানের সামনে পাতা
বাঁশের চাঙারির কাছে হাবাগোরা মানুষের মতো দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখতাম দিনদুনিয়ায়
নানা কিসিমের মানুষ, চুপচাপ বিজ্ঞাপন তরঙ্গের অনষ্ঠান তনতাম সে দোকানের এক
বাান্ডের রেডিওতে। সোলায়মানের বাবা কোনও কাজে বাজারে কিবো খেতে গেলে
অথবা প্রতি বৃহল্পতিবারে নতুন মাল আনার জন্যে থানার বাজারে গেলে
সোলায়মানকে দোকানে বসিয়ে রেখে খেত। তখন আমি অনেক সাহস করে বাঁলের
চাঙারির ওপরে গিয়ে বসতাম। প্রায় সমান বয়স হওয়াতে আমাদের মধ্যে একটুআধটু
কথাও হতো। বেলির ভাগ সময়েই সোলায়মান মুখ গল্পীর করে রাখত, তা এইভাবে
তাকে বাবা না থাকায় দোকানদারী করতে হচ্ছে জন্যে না কি আমি বাঁশের মাচালের
ওপর বসে রক্ষী বাহিনীর কোপানলে পড়ার সম্ভাবনা তৈরি করেছি জন্যে তা বোঝা
যেত না। কখনও কখনও সোলায়মান কঠিন চোখে তাকাত আমারে দিকে, যেন আমি
চোখ দেয়াতে তার দোকানের বিক্রিবাটা কম হচেছ। আবার কখনও মুড ভাল থাকলে
সিনেমার গল্প শোনাত,

এই থে রেভিওয় এখন ডাকু মনসূর সিনেমার গান হচ্ছে না? হেন্ডি সূব্দর সিনেমা। আমার চাচা দেখে আয়েছে টাউনিরতে। এই সিনেমার যে ভিলেন আছে রাজু আহমেদ তাকে কয়দিন আগে সত্যি সত্যি মারে কেলেছে কেডা মারিছে জানিস?

কথনও সোলায়মান আমাকে একটা দুটো বনবনি কিংবা একদলা আখের কিংবা পাটালি গুড় দিয়ে বলতো, নে খা। বৃহুক্ত আমি তা হাতে নিয়ে গোগ্রাসে গিলতাম। বাড়িতে আমি ফিরতে চাইতাম না খুব সহজে। জানতাম ফিরে গিয়ে খাওয়ার জন্যে যা কিছুই পাই না কেন তা আসলে মায়ের অভুক্ত থাকার উপসংহার। এমনকি মণীখাও শিবে গিয়েছিল এই বিদ্যা। খেতে ভাল লাগছে না বলে সে উঠে যেত থালার অর্থেক শেষ না হতেই। ও-ও জেনে গিয়েছিল পুরোটা খেলে মা একেবারেই অভুক্ত থাকবে। আবার একেবারেই না খেলে মা কষ্ট পাবে কিংবা হুলছুল কোনও কাও বাধিয়ে বসবে। আয়ি তাই বাড়িতে না থেকে পাগলের মতো ঘুরে বেড়াতাম এদিক সেদিক, আর দেখতাম চারপালে কিসব ঘটনা ঘটছে অহরহ। একদিন হাটবারে চুপে চুপে বাজারে গিয়ে দেখি মহাকাও। কোনও গোকানে দিয়াশলাই পাওয়া যাছেছ না। রক্ষীর দল এসেছে এই সমস্যার সমাধান করতে। তারা প্রতিটা দোকানে গিয়ে দিয়াশলাইয়ের জন্যে দোকানঘরটাই তছনছ করে কেলহে। ভাঙছে কাচের বয়োম, ফেলে দিয়েছ জিরা, মশলা মরিচ, বিকুট-সিগারেটের প্যাকেট কিংবা টিনভর্তি নালি। এ সব করেও দিয়াললাই না পাওয়াতে দোকানদারের হাত পেছন দিকে মুচড়ে নিয়ে বাছের মেন্ডে বাজারের সামনের কাঁকা জায়গায়। আমরা সবাই উৎকর্ণ হয়ে উৎকর্চা নিয়ে অপেক্ষ

করতি কখন ওক হবে মূলপর্ব : কালোবাজারি করার জন্যে দোকানদার ধোদাইপর্ব। একজন হাটুরে ফিসফিসিয়ে তার সঙ্গীর কানে কানে বলেই বসে,

চাইল ডাইল যহন মজুত করে তহন কুনু শালার দেখা পাওয়া যার না। আর এগন নিজেদের সিগারেট খাওয়ার মাাচ খুঁজে না পায়ে মাতৃকারি করছে। শালার পশী বাহিনী।

একজন রক্ষী বাহিনী ঠিকই খনে ফেলে তার এই সরস মন্তব্য। অনন্তর ভাকেও বাধা হয় পিঠমোড়া করে। ধান ভাঙাবার যে কলটা আছে বাঞ্চারের উত্তর দিকে সেখান থেকে একমূঠো ধান নিয়ে আসার জন্যে হকুম দেয় এক রক্ষী। কেউ একস্তন নিয়ে আনে তা এক মুহুর্তের মধ্যে। মন্তব্য করা লোকটাকে চিৎ করে ঞেলে দেয়া হয় মাটির ওপর। তার নাভী অঞ্চলে ধানগুলো ঢেলে দেয় রক্ষী। তারপর সোজা দাঁড়িয়ে ডান পায়ের গোড়ালিটা দাঙীর ওপর ঘোরাতে থাকে। লোকটা প্রচণ্ড আর্তচিৎকারে ফেটে পড়ে, চোৰ দিয়ে আপনাআপনি পানি গড়িয়ে পড়ে, নাকের সামনের অংশ ভয়াবহ যন্ত্রণায় কেমন যেন ফুলে ফুলে গুঠে, একসময় ঢোখের মণি উল্টে উল্টে যেতে থাকে, কান্নার সর মৃদ্ হরে আসতে থাকে, অসুস্থ কিংবা পরিশ্রাক্ত যোড়ার মৃথ দিয়ে ঝরে পড়া ফেনিল পানি বেরিয়ে আসতে থাকে লোকটার নাকমুখের মধ্যে থেকে। রক্ষীটাও মনে হয় ক্লান্ত বোধ করে। দুই পায়ে ভর করে এবার সে সোজা হয়ে দাঁড়ায়। ভারপর আরেকজনকে অর্ডার দেয় লবণের দোকান থেকে একমুঠো লবণ নিয়ে আসতে ৷ আমি এবং হাটুরেসকল রুদ্ধখানে অপেক্ষা করি পরবর্তী ঘটনার জন্যে। সরাই কেনাবেচা বাদ দিয়ে মৃত্যুর মতো শীতল নিস্তন্ধতার মধ্যে বসতি গাড়ে ভবিষ্যতে আরও অভাবনীয় দৃশ্য দেখবে বলে। একজন হাটুরে লবণ নিয়ে আলে এবং এবার সেই রক্ষী তা খুবই যতু করে লোকটার নাভীর মধ্যে থেকে ধান সরিয়ে ক্ষতবিক্ষত নাভীমূলে স্থাপন করে। লোকটা এডক্ষণ ধরে সহ্য করা যন্ত্রণার ক্লান্তি ভূলে আবারও মরণ চিৎকার দিয়ে ওঠে। কিন্তু রক্ষীর দল নির্থিকার দাঁড়িয়ে থাকে। একজন চিৎকার করে ঘোষণা দেয়.

আমাদের হকুম ছাড়া যে শালা এই কুন্তাকে এখান থেকে তুলে নিয়ে যাবে তারও একই অবস্থা হ'বে।

আমি আর অপেক্ষা করি না। মানুষঞ্জন ভীড় করে আছে, নিশ্চল হরে দেখছে মধ্যবৃগীর বিচারের দৃশ্য, আমি ভাদের কোমর কিংবা উরুর ধাক্কা খেতে খেতে ভাদের শরীরের ফাঁক-ফোকড় গলিয়ে দুল্ড বাইরে বেরিরে এসে জোরে জোরে নিশ্বাস নিতে থাকি। আমার মনে হর রক্ষীরা পেছনে খেরে আসছে আমাকেও ধরবে বলে। আমি তাই উর্ধশাসে দৌড়াতে দৌড়াতে অনেক দ্রের বটগাছের কাছে এসে হাকাতে থাকি।

সোলার্র্যানের চেয়েও আমার বেলি খাতির জমে ওঠে ঘাসুড়ে হালিম নানার সঙ্গে।
একদিন কড়া রোদের দুপুরে যখন আমি সড়কের একটা পাছের নিচে দাঁড়িয়ে
আলেপালের কিংবা দুরের গাছগাছালিতলো খেয়াল করছি আর ভাবছি কোনটাতে পিয়ে
চড়লে একটা দু'টো ফল আমার না খাওয়া পেটে চালান করা যাবে, তখন দেখি সে
দু'হাতে দু'টা খালি বাইক আর ধামা নিয়ে হনহন করে হেটে আসছে। আমি ভাব
হাটার ভঙ্গি দেখতে দেখতে কুধার কথা ভূলে থাকার চেটা করি। কিছা হালিম নানা
আমার কাছে এসে খমকে দাঁড়ার, আমাকে ভালো করে খেয়াল করে, ভারপর জিল্লেস
করে,

ভূমি মাস্টার সায়েবের ছেলে নাং

জানি না কিসের জন্যে এরা সবাই আমার বাবাকে মাস্টার সাহেব বলে। তবে আমি এই সম্বোধনে অভ্যক্ত হরে পেছি। তাই তথু ঘাড়টা নেড়ে সম্মতি জানাই। হালিম নানা দীর্ঘশাস ছাড়ে,

না খায়ে আছ?

ওইটুকু বরস, কিন্তু আমি সম্যতি জানাতে বিধা করি, বিধা করি কেননা মাত্র
একরাতের মধ্যেই আমার মনের বয়স বেড়ে গেছে, আমি বড় হরে গেছি, আমি জেনে
গেছি মানুষ নির্বোধ ও জানপূন্য অবস্থায় জন্ম নিশেও তাকে বহন করতে হয় তার
পূর্বপূক্তবের পরিচয়ের বোঝা, যাবতীয় সামাজিক কণ, লোকনিন্দা, পারিবারিক
অবস্থানের সরল ও বক্র রেখা। কোন এক নিরীহ তেড়া এসে নেকড়ের এই খাটের জল
ঘোলা করে রেখে গেছে,— আমাকে তার সায় বইতে হবেই। আমি তাই কিছু বলি না,
বরং হালিম নানাদের ব্যাপারে ভীষণ উন্নাসিক, এরকম ভঙ্গিতে চুপচাপ দাঁড়িয়ে খাকি।
মানা আবার বলে,

আ'সো, আমার সাথে আ'সো। আমারে চেন তুমি? তোমার বাপমা'র বিয়ার সুমার আমাকে তোমার মা'র ধর্মবাপ হতি হইছিল। সেসব ঘটনা বুঝবে না তুমি। বড় হলি সব টের পাবা।

আমরা পালাপালি হাঁটতে থাকি। কেন আমি তার পালাপালি হাঁটি? এই কীণ প্রত্যালতে সে আমার মারের ধর্মবাবা, অতএব আমাকে সামান্য হলেও কিছু একটা খাওয়াবে বাড়িতে নিয়ে গিয়ে? এই কীণ প্রত্যালাতে বে কোনও কিছু খেতে দিতে না পারলেও মানুষটা এমন একটা গল্প কেঁদে বসবে বে আমি কুধার কথা ভূলে বাব? কিবো এরকম কোনও কীণ আশাও কি আমার মনে স্কিয়ে খাকে বে আমি আমার বাবা মা অথবা সংনা কারোরই অতীত তো জানি না তেমন, এই মানুষটা তার প্রবীণ অভিক্রতার এ বিষয়ে বলবে অনেক কিছুই? দুপুরের রোদ আমাকে পুড়িরে মারে, রোদের ভাপে আমি আমার উক্ষেশ্য হারিয়ে কেলি। হালিম নানা হঠাৎ তার লুসির ট্যার ধুলে একটা আধধাওয়া মোটা পুরু কটি বের করে। গমের ভূষি, ঘাসের বিচি আর
চালের কুড়ো মেশানো মোটা রুটি, ভেডরে খডটুকু সম্ভব মরিচ দেরারও চেষ্টা ব্ররা
হয়েছে। ভবে পেরাজের ধংশও নেই বলা যায় জোই গলাভেই। আমি সে রুটিই
গোগাসে গিলতে থাকি।

কিছুক্ষণ খাওয়ার পরে পেটের মধ্যে কুধার উগ্রতা নাকচ হয়ে গেলে আমি সঞ্চিবে পাই। হালিম নানা যে বার বার পেছন কিরে আমার খাওয়া দেখছে এটা খেয়াল করে একটু লব্ধা পাই, লব্ধা পাই আরেকজনের আখখাওয়া জিনিস এভাবে খেরে খেলার। নিশ্চরই নানা এ কটিটুকু দুপুরে খাওয়ার জন্যে রেখে দিরেছিল। আমি যদি সবটুকু খেয়ে ফেলি তাহলে তাকে সারাদিন অভ্যক্ত থাকতে হবে। আমি তাই অবশিষ্ট কটি বাড়িয়ে দেই নানার দিকে,

নিন, খান আপনি।

না রে বাজ্ঞান, তুই খা। আমার তো তিনকাল যায়ে আর এক কাল বাকি আছে। খালিই কি আর না খালিই কি। মরে গোলিও তো ক্ষতি নেই।

বলেই দীর্ঘশাস ছেড়ে খানিকক্ষণ চুপ করে থাকে। তারপর আপন মনে আবারও বলে,

এমন বংশের এমন লোকের ছেলে, আর কপালের ফ্যারে আইজ কি অবস্থা!

আমরা দুজন পাশাপাশি হাঁটতে থাকি কোনও কথা না বাড়িয়ে। আর কিছুদিনের মধ্যেই বর্ষা এসে বাবে, সভুকের ধারের এই নালা পানিতে ভরে বাবে, মাঠ ডুবে বাবে। এমনও তো হতে পারে এই সভৃকও ডুবে যাবে। আমি নানাকে প্রশ্ন করি,

কোথার যান আগনি?

যাস খুঁজজি, যাস। যাস চেন? দুবলাখাস, ভাগেলা যাস, চেঁচো যাস, ব্যাঙ পুবড়ি যাস?

আমি হেসে ফেলি, অনেকদিন পরে হেসে উঠি এবং অবাক হরে যাই এই ভেবে যে আমার মধ্যে এখনও কোথাও হাসির বন্যা লুকিয়ে আছে, এখনও ময়ে যায় নি। হাসতে হাসতে মাধা নেড়ে না করি আমি। বলি,

ঘাস দিয়ে কি করবেন?

গরু খাওয়াতি হবি না? নিজে না হয় না খায়ে থাকলাম, অবুলা জানোয়ার, ডারে তো খাওয়াতি হবি। না কি? বলে হালিম নানাও রহস্যভরা হাসি হাসে। তারপর আমাকে ঘাস চেনায়। কোন ঘাস কখন খেতে দিতে হবে, কোন ঘাস খেলে কোন মৌসুমে কোন কোন অসুখ হবে সব বলে যেতে থাকে,

গরু-বাছুর সবচে বেশি পছন্দ করে কোন ঘাস জানো? শামা ঘাস। সব সুমার পাওয়া যায় না। আউশ আর কুষ্টার খেতে হয়। উচো জমির আমন খেতেও পাওয়া যায়। গরু-বাছুর পালি খুপ খুশি হয়। আমন ধানের বিচেলিও খুপ পছন্দ করে। কুটি কুরি করে কাটে পানিতে ডিঞ্জিয়ে একটু খইল মিশিয়ে খাতি দেলি পাগলের মতো খায়। শীতির সুমায় দ্তিনদিনকার পুরনো উলা রস মিশিয়ে খাতি দিলি শরীল খুপ ভাল থাকে।

আমি অবাক হয়ে গুনি। গুনতে গুনতে ভাবি বাবা ঠিকই বলেছে, সবকিছু বইয়ের পাতার পাওয়া খায় না। অনেক কিছু পিখে নিতে হয় নিজেদের আন্দেপাশে থেকে, প্রতিদিনের চলাফেরা থেকে। নানার সঙ্গে পথ হাঁটতে হাঁটতে এইসব গুনতে গুনতে মনে পড়ে অনেক আগে বাবার সঙ্গে ভোরবেলা হাঁটার কথা, বাবার মুখ থেকে নানা কথা লোনার কথা। হালিম নানা হঠাৎ আমাকে আশ্বুত করে,

চিন্তা ক'রো না। বর্ষা আসলিই কচ্রিপানা ভাসে আসবে। তহন আর গরু খাওয়ানোর জিনিস খুঁজতি হবে না।

ভারপরেই যেন খুবই গোপনীয় কথা বলছে এমনভাবে আন্তে আন্তে বলে,

তবে খালি কচুরিপানা দিতি যায়ো না। তালি গরু ডায়রিয়া হয়ে মরে যাবে।

আমি আন্তে আন্তে মাথা নাড়ি,

তার আর দরকার হবে না।

দরকার হবে না মানে?

আমি স্লান হাসি,

আমাদের সব গরু বলদ আর বাড় হর রাভ বাহিনী না হয় রক্ষী বাহিনী নিরে গেছে। খালি একটা বাছুর আছে। এরপর বেদিন আসবে হয়তো সেদিন এটাও নিয়ে যাবে।

হালিম নানা দীর্ঘধাস ছাড়ে, সান্ত্রনা দেয় আমাকে,

চিন্তা ক'রো না। ভোমার বাপ ফিরে আসলি আবার তোমাগের গোয়াল গরু দিয়ে ভরে যাবে। ভোমার বাবারে ভো চিনি আমি। ভাঙ্গে কিন্তু মচকার না। এরহম বহ ধারাপ সুমায় গ্যাছে ভোমার বাধার। না খায়া থাকতি হয়েছে দিনির পর দিন। আধার সব গুছিয়ে নিয়েছে।

সেদিন সন্ধ্যাবেলা বাড়িতে ফিরে অবশিষ্ট বাছুরটাকে সাঁঝের আলোয় ভাল করে দেখি আমি। ভাবি হালিম চাচার বলা কথাওলো। একটু খানের ভুসি আর চালের কুঁড়া জিংবা মৃণ, মসুর, গম, মাসকলাই, মটর, ছোলা বা খেসারির ভুসি মিলিয়ে খেতে দিতে পারলে কত না ভাল হত। একটু খড়ও নেই যে পানিতে তিজিয়ে খেতে দেব। ভালোই হরেছে রক্ষীরা গরু বলদ আর ষাড়গুলো নিয়ে গিয়ে। না হলে নিজেদের খাওয়ার সাথে সাথে ওদের কথাও চিন্তা করতে হত। এখন একটা মাত্র বাছুর, সকালবেলা আলের খারে বেখে দেয়া হয়। বাঁশঝাড় খেকে বাঁশের পাতা কেটে খেতে দেয়া হয়। সঙ্গে সঙ্গে বাঁশটাও কেটে রাখি আমি। হয়তো কোনও বর্গাদার কখনও চোরের মতো লুকিয়ে আসে কৃতজ্ঞতাবশত। মা তাকে বলে বাঁশটা নিয়ে হাটে বিক্রি করে দিতে, একটু চাল-ডাল-নুন-মরিচ কিনে আলতে। কিন্তু বাঁশের দামও কমে লেছে, যদিও চালের দাম বাড়ছে হু হু করে। চালের মতো বাঁশ যদি মজুত করা যেত বেশ হতো। মানুব এখন চালই কিনতে পারে না, বাঁশ কিনবে কোখা থেকে!

খরের জালার ধান শেষ, ধানের বীজও শেষ। বাঁশ আর কেনে না কেউ মা কোথা থেকে একটু যব, কাউন জোগাড় করে। যা একসময় স্থ করে মাঝে মাঝে খেতাম আমরা এবন এই দুঃসময়ে তাই প্রতিবেলা খাওয়ার জন্যে মুখিয়ে থাকি। কিন্তু ভাও লোটে না। বর্ষা আসে, আসে বন্যা, পিছু পিছু হাঁসের ছানার মতো চই চই করে ডেকে আনে দুর্ভিক্ষ। গ্রামের পর গ্রাম ভেসে গেছে, চোখ যতদূরই যাক না কেন জলের মধ্যেই ভাসতে থাকে। পুরো আকাশটাও যেন নেমে এসেছে বানের পানির ভেতর। বর্ষার পানির সঙ্গে পায়া দিয়ে বাড়তে পারে আমন ধানের এই সুনাম তনে এসেছি বাবার কাছে আরো ছোটবেলা থেকে; কিন্তু এবার সে পরাজিভ হয়ে তলিরে যেতে থাকে বানের পানির ভলে। মানুকেরা সাঁতরে সাঁতরে পুরোপুরি পাকার আগেই ধান কটা তক্ত করে। নৌকা না থাকার সে ধান কেউ নিয়ে যায় কনার ভেনায়, কেউ আবার পাট জাগ দেয়ার মতো করে ধানের আটি পরপর সান্ধিয়ে লখা দড়ি দিয়ে বেখে সাঁতরে সাঁতরে নিয়ে বেতে থাকে ছলের দিকে। আমাদের বাড়ির চারদিকে পানি, বাড়িটা এখন দ্বীপের মতো। সাঁতার কেটে কার কাছে যাব ভাতের **খৌলে** ঠিক করতে পারি শ। মা বাড়ির একপাশে অবত্নে বেড়ে ওঠা কলার বাগান থেকে কলাগাছ কেটে কলার কান্দাল রান্না করে। তেল-মরিচ-নূন ছাড়া সেই সেদ্ধ করা কলার কান্দাল একবেলা খেরে আমরা ভাবি, যাক এ বেলা তো কেটে গেল। বসে বসে দেখি জলে তাসা গ্রাম-গ্রামান্তর। মধীষা আমার পা ঘেষে দাঁড়ায়, চুলে হাডচিক্লনি বুলায়, কেমন প্রশান্ত চোৰ মেলে ধরতে থাকে আমার চোখের অতল জুড়ে,

দেখ ভাই, এইটা দ্বীপ, রবিনসম ক্রুপোর বাড়ি। ঠিক বলি নিঃ

আমরা হাসতে থাকি। আমাদের চোধ পানিতে তরে ওঠে, আমরা তবু হাসতে থাকি, বলি,

হাা। রবিনসন ক্রুশোর বাড়ি।

আমরা দু'জন কাদতে কাদতে হাসতে থাকি।

বর্ষার পানি কমতে থাকে। বাড়ির গড়ানে উলটকমল গাছের ডালগালা কাঁদা মেখে গা ঝাড়া দিয়ে সূর্যের সঙ্গে আবারও কথা বলা তক্র করে। কাঁদামাটি মাখা ক'টা ঘাস ধীরে ধীরে মাখা তোলে মণীবার পাঁজর আর কন্ঠার হাড় জেগে ওঠার মতো। মা তার নিজের হাড়গোড় লেপের পুরানো ঢাকনা শাড়ির মতো করে পরে ঢেকে রাখতে পারলেও মণীবার হাড়গোড় নিয়ে আমরা চিক্তিত হরে পড়ি। আমি তাই আমার হাড়গোড় উদোম করে ফেলি, আর আমার প্রায় ছেঁড়া পাতলা জামাটা চাপিয়ে দেই মণীবার গারোর ওপর, আর বলি,

লেক, গেক না তুই?

হাী, গেকই তো-

আমরা দু'লন হাসতে হাসতে কাঁদতে থাকি।

ভারপর আমরা দু'জন বেরিয়ে পড়ি বানের পানি মেমে বাওয়া ভরাট ঘুরে ঘুরে কচুর লভি, ভাামা পাতা, মানকচু এইসব জোগাড় করে এনে মাকে অবাক করে দেব বলে। কিংবা হয়ভো কোথাও বর্ষার পানি নেমে যাচের, ছেঁড়া পামহাটা ধরে দু'চারটে বেলে মাহ্ব ধরে নিয়ে আসব। অনেকদিন পরে মুক্তির আনন্দে আমরা জোরে জোরে ছেঁটে চলি, অঘোষিত প্রতিযোগিতায় নেমে পড়ি। কডদিন পরে আবার একসঙ্গে হাঁটছি আমরা দু'জন? মনে পড়ে না। পায়ের ভালুতে কেমন তিক্ষে ওঠা কোমলতা ছুঁয়ে যেতে থাকে। নরম মাটি, আলও নরম, যাসতলো আলুলায়িত। এরই মধ্যে আবারও জমি কর্মণ ওর হয়ে লেহে। আখের পাতা ক্রমলঃ হলুদ হয়ে উঠছে। বাতে হেলে না পড়ে সেজনো কয়েকটা একসঙ্গে জড়ো করে মাঝামাঝি জায়গায় দড়ি দিয়ে বেধে দেয়া হয়েছে।

সভুকে উঠে আমরা আরও জােরে জােরে হাঁটতে থাকি। গুই তাে দেখা যাচেছ আর একটু দ্রে সভ্কের ঢালুতে অল্প কচু আর কচুর লতি। এরকম দিনে যথন কচুও দুর্গত হরে উঠেছে তথন একসঙ্গে এত গাছ দেখে আমাদের তেতরটা খুশিতে নাচতে থাকে। আমরা দৌড়ে চলি। পেরিরে আসি গােরছনে, প্রাইমারি ভুল, বটগাছ আর পাতকুরাটাও। তারপর সভ্কের গড়ান বেরে নামতে নামতে কচুর লতি তুলতে থাকি। তুলতে তুলতে নালার মধ্যে নেমে পড়ি। আমার শুনির কোচড় ভরে যার, মণীবার দু'হাত ভবে যায়, তবু আমরা কচুর শতি তুলে চলি, যেন মাছের মতোই গুটকি করে
রাখা যাবে, খাওয়া যাবে দুঃসময়ে।

হঠাৎ কচুর পাতা সরিয়ে মণীয়া তীব্র আর্তনাদ করে প্রঠে, আর্তনাদ ধামে না, তীক্ষ লরে দীর্ঘায়িত হতে থাকে। আমি ওর চিংকারকে অনুসরণ করে পাতার ফাঁকে তাকাই, এবং আমিও তয়ে শিটকে উঠি, একটা শীতল পানির ধারা আমার মেরুদও বেরে গড়িয়ে পড়ে এবং সবগুলো লোমকৃপ খাড়া হয়ে ওঠে। আমাদের অঞ্চান্তেই আমরা দু^{*}জন একজনের হাতের আঙুল পিয়ে আরেকজনের হাতের আঙুল পেচিয়ে ধরি। কেননা নালার মধ্যে কচুপাতার ফাঁকে পড়ে আছে একটা পলাকাটা লাল, গায়ে কিছু নেই, বৃঙ্গিটা কাছামারা। তার পায়ে এখন আর কোনও রক্তের দাগে শেশে নেই, হয়তো বাতাসে তকিয়ে গেছে, হয়তো কোমও রাতে হালকা বৃষ্টি নেমে সবকিছু ধুয়ে নিয়ে গেছে। পুরো শরীর এখন ধীরে ধীরে ফুলে উঠছে এবং একটা পচা গন্ধ, যা হয়তো জাণেও ছিল কিন্তু কচুর লভি তোলার নেশায় খেয়াল করি নি, ছড়িয়ে পড়ছে জালেগাশে। আমার ভেডরটা থরথর করে কেঁপে ওঠে, হঠাৎ বাবার কথা মনে পড়ে, আমি গলাকাটা মানবদেহটার দিকে তাকিয়ে চঞ্চল দৃষ্টিতে পরধ করি খুঁক্তে পাওয়া যায় কি না বাবার শরীরের কোনও চেনা চিহ্ন। কিন্তু বেশিক্ষণ তাকিরে থাকতে পারি না, মনে হয় লাশটা বলছে আমার মাথাটা এনে দাও না, আমি তো তোমাকে দেৰতে পাচিহ না। মনের মধ্যে একথা শোনার সঙ্গে সঙ্গে আমরা দু'জন উর্ধ্বপাসে দৌড়াতে থাকি।

শৌড়াতে পৌড়াতে অপু-দুর্গার রেলগাড়িকেও ছাড়িরে আসি আমরা। আমাদের ধ্বর পা আরও ধূলিমর হঙ্গে ওঠে, কোচড় থেকে কচুর লতি কখন বে পড়ে গেছে তা কেউই বলতে পারব না। এত কিছুর মধ্যেও আমরা একজন আরেকজনের হাত ছাড়ি নি, সম্রত্ত সমর আমাদের এতই কাছাকাছি এনে দিয়েছে। আমরা যে আরও বহুদিন এইভাবে হাত ধরাধরি করে বেঁচে থাকব, অদৃশ্য নির্ভরশীলতার মাধুরিমায় ক্রমেই আরো বিবশ হব বোধকরি সেদিনই নির্ধারিত হয়ে যায়। কেননা শৌড়াতে শৌড়াতে ক্লান্ত হয়ে আমরা অবশেষে একটা আথের খেতের আলের ওপর বসে পড়ি, মনীঘার হাড়গোড় বেকুনো পাঁজর কামারের হাপরের মতো ওঠানামা করতে থাকে, আমার পাঁজর অতটুকু না হলেও ঘড়ির পেতৃলামের মতো বঠানামা করতে থাকে, আমার পাঁজর অতটুকু না হলেও ঘড়ির পেতৃলামের মতো বড়েই চলে। আমরা হালাতে থাকি আর আশ্পাশ দেখতে থাকি। দেখতে দেখতে আমাদের দুজনের চোখ একই সঙ্গে আথের খেতের গোড়ার ফাঁক দিয়ে ভেতরে গিয়ে ছির হয়ে যায়। এখানেও পড়ে আছে পলাকাটা লাশ। তবে একটা নয়, তিনভিনটা। হয়তো ভেতরে গিয়ে খুঁজলে সংখ্যা আরও বাড়তে পারে। সবার হাতই পিছমোড়া করে বাধা। পাঁ-ও বাধা। আর কিছু বোঝা বাচেছ না থেতের ভেতরকার আলোআখারিতে। কিছুক্বণ নির্বাক ও ছবির হয়ে থাকি আমরা দু জন, তারপর মনীবা আবার আর্তিপিকার করে ওঠে। চিংকার করতে

করতে ও দু'হাতে আমাকে জড়িরে ধরে, হাতের আঙুলগুলো আমার কাঁধে বলে যেতে থাকে, ভরে ও মুখটা কেবলই বুকের মধ্যে গুঁজে দেয়ার চেটা করে। কিয়ু দেখানে যতি খুঁজে পার না, নিঃশাস নেয়ার জলো চোখ বোজা অবস্থায় মুখটা ভূলে ধরে অকাশ পানে এবং ভারপরই হড়হড় বমি করে বসে। বমির সঙ্গে বেরিয়ে আলে দুপুরের একটু আপে খাওয়া গলে যাওয়া চুলার ভেতরের পোড়ামাটি, পানিকল ও শালুক।

আমি চোৰ বুলে মুখ দিয়ে জােরে জােরে নিঃশ্বাস নিতে নিতে মদীবার চুলে হাত বুলাতে থাকি। মদীবা কৌপাতে কৌপাতে মিহি মসলিন-সুতাের তেউ তােলা কানুর মধ্যে দিয়ে ক্লাঝিতে ধীরে অবল হয়ে পড়তে থাকে। আমার বুকভর্তি বমির ভরলতার ও কেবলই চুপচাপ লাভ হয়ে থেতে থাকে। কি করব ঠিক করতে পারি না। তরলতার ও কেবলই চুপচাপ লাভ হয়ে থেতে থাকে। কি করব ঠিক করতে পারি না। তথ্যই একটু দূরে তাকিরে আমি পরম প্রশান্তিতে প্রার কেঁলে কেলি। কেনলা আমি তথ্যই একটু দূরে তাকিরে আমি পরম প্রশান্তিতে প্রার কেঁলে কেলি। কেনলা আমি লেখি, ঘাসুড়ে হালিম নানা আলপথ দিয়ে হেঁটে আসহে দু'কাথে দু'টো বাইক নিয়ে। নানা কিছু বলার আপেই আমি করুণ গলার আঙুল দিয়ে আথের থেতের তেতরটা দেখিরে পরিত্রানের আবেদন নিয়ে বলে বলে উঠি,

মানা, লাশ– গলাকটো লাশ।

নানা কিছু বলে না। নির্বিকার ভঙ্গিতে তাকিরে দেখে। তারপর বলে ওঠে আপন মনে,

শালারা দুশিরার আর খেত পায় নি। আমার খেতে মা'রে রাখে পেছে।

ভার কথা তনে মনে হয়, লাশ সবসময়ে পলাকাটাই হয়। সেটা কোমও ব্যাপারই নর, বড় ব্যাপার হল লাশওলো ভার খেতের মধ্যে থাকবে কেনং আমার কোলের মধ্যে চোখ বুলো পড়ে বাকা মণীবার দিকে তাকিরে নানা আবারও বলে,

তোমার বুইন না?

আমি মাথা নেড়ে সন্মতি জানাই। নানা মণীবাকে আড়াল করে যুরে বসতে বলে আমাকে। যুরে বসে পেছন কিরে দেখি, হালিম নানা লাশগুলোর পা ধরে টেনে টেনে সামনের আরেকটা খেতে রেখে আসছে। কিছুক্ষণ পর নানার হাত স্বাড়ার শব্দ শোনা যার।

ন্যাও, কান্ধ ফিনিশ। ইবার চশ তোমাগের আগিরে দিয়ে আসি।

আমি মধীবাকে প্রায় অড়িয়ে ধরে হাঁটতে থাকি। সারা রাস্তা মধীবা বেন ঘুমিরেই থাকে। আর আমি জেপে থেকেও অনুভব করি চারপাশে গলাকাটা লাশ পড়ে আর্ছ, ক্রমশঃই সংখ্যা বাড়ছে তাদের। কখনও কখনও কোনও কোনও গলাকাটা লাশ আবার উঠে আসছে, হাঁটছে আমাদের পালাপাশি; ফসলের সমারোহে দুলতে থাকা

वायता (दें(हेवि वाता 🛘 ८५

বেতবামারে যেমন তথুই একটা লাঠি পুঁতে গারে জামা পড়িয়ে মাথায় ভাঙা পাতিল বসিয়ে তৈরি করা হয় কাকডাড়ুয়া ঠিক তেমনি করে গলাকাটা লাশওলাকে হাটেমাঠেঘাটেবাটে ফেলে রেখে, মিহিলের সামনে খাটিয়াতে তইয়ে দিয়ে বানানো হচ্ছে এক-একটা মানুষ-ভাড়ুয়া। মানুষ-ভাড়ুয়ারা বিভংস ভেটে কাটছে আমাদের দিকে ভাকিয়ে। ভাদের ভয়ে আমরা আর হাটে মাঠে ঘাটে বাটে যেতে পারছি না। পারছি না একটুকরো রুটির জল্যে, একমুঠো ভাতের জল্যে বের হতে রাস্তায়। খুব কট করে কোনওকিছু জোগাড় করে খেলেও আবার বমি করে ফেলছি ভালের সেই বিভংস ভেটে দেখে।

এমনকি মানুষ-তাড়ুয়া বানানো মানুষগুলোকেও দারুণ ভয় আমাদের। যেকোনও মুহুর্তে তারা তো আমাদেরও বানিয়ে ফেলতে পারে মানুষ-তাড়ুয়া। আমরা তাই স্যস্তে সভয়ে তাদেরও এড়িয়ে চলি।

চলতে চলতে সভ্কের দিকে তাকিরে দেখি মানুষ-তাড়ুয়াদের ভয়ে, মানুষ-তাড়ুয়া
বানানো মানুষগুলার ভরে দলে দলে মানুষ যাত্রা করেছে নিরুদ্দেশের দিকে। তারা
কেউ ভালো করে হাঁটতে পারছে না, খোঁড়াচেছ কেউ, লাঠিতে ভর দিয়েও কেউবা
হোঁচট খাচেছ বারে বারে। বন্যা এসে তাদের মিঃসহায় করে রেখে গেছে, হাডছানি
দিয়ে ভাকছে দূরের শহর। সেই শহরের টানে তারা হাঁটতে মা পারলেও হোঁট
চলেছে। অথবা এ যেনবা বাবার বলা সেই পুরানো ইতিহাসেরই পুনরাবৃত্তি, ব্যাবিলন
থেকে মানুষের দল ছড়িয়ে পড়ছে চড়ুর্দিকে, সারা পৃথিবীতে।

এইসব ধকল পুরোপুরি কাটিরে ওঠার আগেই মারের কথার স্কুলে যাওয়া ওক করি আমরা। সুল ঠিকমতো হয় লা, মাস্টাররা কেউ খেতের কাজ নিয়ে ব্যন্ত থাকে, কেউ এসে ফ্লাসের ঘন্টা লেব হওয়ার আগেই চলে যায় বড় হাটে যাওয়ার অজুহাতে। কোনওদিন আবার প্রাবণ মাসের হিচকাদুনে বৃত্তি নামে। ছায় কম থাকার অজুহাতে তাড়াভাড়ি সুল ছাটি দিয়ে দেয় মাস্টারেরা। সেদিনও থমথমে আকাশ। সোলায়মানের

দোকানে পিয়ে সাতসকালে হাজির হয়েছি আমি সাতসকালে। সোলায়মান ফুল তল্যুমে রেডিও বাল্লাচেছ। কিন্তু কোনও গান বাজছে না আল। মেজর ভালিম নামে কে একজন বার বার বলকে লেখ মুজিবকে না কি সপরিবারে খুন করা হয়েছে। তলে বিশ্বাস হয় নাঃ শেখ মুজিৰ কি আর আমাদের প্রামের সোবহান খানের মতো মানুব না কি বে চাইলেই খুন করা যাবে, তাও পরিবারতকঃ আমরা বাঁলের মাচালের ওপর বসে নানা জন্তনাকল্পনা তক্ত করি। ক্রমণঃ লোকের ভিড় বাড়তে থাকে। কিন্তু কেউ কোনও মন্তব্য করে না। সোলায়মান বিজ্ঞার মতো আমাকে বলে সামনে বহু দিন না কি আর ছুল কলেজ কিছুই হবে না। আমি তবু একদিন কুলে যাই মদীবাকে নিয়ে। কুল তক্ত হওরার আপে এ্যাসেবলি হয় আমাদের। তার আগেই ছাত্রদের দেখি কানাঘূষা করছে। সবার আক্ষোচনাই ঢাকার ঘটনা নিয়ে। ছাত্রীদের কমনক্রম কুলের অফিসঘরের পাশে, আর অফিসম্বরের সামনে অনেকটা জায়ণা জুড়ে স্টেজের মতো। এ্যাসেমলি তরু হওয়ার সময় সেখানে সারিরা এসে দাঁড়ান। স্টেক্সের সামনে মাঝামাঝি জায়গায় একটা বাঁশের স্ট্যান্ড। সেটাতেই স্নান্তীয় পতাকা গুড়ানো হয় এ্যাসেখনির একেবারে তক্ষতে। ছাত্রদের সবাইকে কোনও কথা বলার থাকলে তাও বলেন তাঁরা ওই সময়ে। আমরা সবাই ক্লাস আর উচ্চতা অনুযায়ী পাঁচটা ভাগে ভাগ হয়ে পতাকার সামনে দাঁড়াই। শপথ নেই একসঙ্গে দেশরক্ষার, দেশজাতি ও সমাজ সেবার, পিতামাতা ওক্তন স্বাইকে মান্য করার। যাদের গলা ভাল তাদের ডাকা হয় পতাকার কাছে, জাতীয় সঙ্গীত ওক করে তারা, আমরা গলা মেলাই। আমাদের গেম স্যার হালকা পিটি প্যারেড করান। এইসব শেষ হলে ক্লাস তরু হয়।

মৌলতী স্যার খুব একটা আসেন না এ্যাসেখলিতে। আৰু দেখি তিনিই স্বার আপে হাজির। চোখমুখ দিয়ে বেশ জেল্পা বেকচেছ। তুলনার গেম স্যার, আরো দু'চারজন স্যার একেবারেই মিয়মান। আমাদের ক্যান্টেন জাতীয় পতাকা উরোলনের ঘোষণা দিতেই মৌলভি স্যার নড়েচড়ে ওঠেন,

দাঁড়াও। এই জাতীয় পতাকা তো এখন পাল্টে যাবে। এটা তুলে আর কি করবে? গেম স্যার মিনমিন করে বলার চেষ্টা করেন,

ভূলুক না। এখনও তো ঘোষণা দেয় মাই। আগে সরকার পান্টানোর কথা বলুক, ভারপরে–

শেম স্যারের কথা শেষ হয় না ৷ মৌলভি স্যার কথা কেড়ে নেয়,

সৰ কথা সরকারকেই বলতে হবে না কি? আমরা বুঝি না? সরকার তো আমাদেরই। আমরা কি একেবারেই না-বুঝ? শেম স্যার চুপ মেরে যায়। মৌশন্তী স্যার তার বয়ান তরু করেন। এবদ থেকে এ্যাসেঘলি তরু হবে বিসমিল্লাহির রাহমানির রাহিম বলে। শপথ নেয়ার আগে সবাইকে সুরা ফাতেহা পড়তে হবে। যার যেরকম ইচ্ছা সেরকম গোশাক পরে আসা চলবে না। কেননা সরকার জাতীয় পোশাক ঠিক করেছে। ছাত্রদের সবাইকে পায়জামা পাঞ্জাবি আর টুপি পরে আসতে হবে। ছাত্রীদের পড়তে হবে সালোয়ার কামিজের সঙ্গে বিছানার চাদরের মতো বড় ওড়না, যাতে মাথার ওপরে গিয়ে চুল চেকে কোমর অধি জড়িয়ের রাধা যার। তনতে তনতে আমার মনে হয় আবারও কিছু দিন স্কুলে আসাটা বন্ধ হয়ে গোল আমাদের। মণীযার ওড়নাটা না হয় মা'র লাড়ি ছিড়ে বানানো যাবে, বারার গাজামা পাজাবি কি আর লাগবে আমার। এই দুর্দিনে মা'র কি আর সম্ভব হবে আমাকে গাজামা পাজাবি কিনে দেয়া। তারচেয়ে এখন বর্গাদারদের খেত চযার জন্যে, হালআবাদ আর সার বীজ কেনার জন্যে টাকা দেয়া অনেক বেশি জরুরি। তব্ আমি মনোযোগ দিয়ে মৌলভী স্যারের কথা তনতে থাকি। মৌলভী স্যার মনে হয় হেড স্যার আর শেম স্যারদের জব্দ করার বেশ ভাল মওকা পেয়েছেন আজ। জোরে জোরে মুখ বাকিয়ে তিনি কথা ছড়ে চলেছেন,

আগে যা হয়েছে, হয়ে গেছে, এখন আর বেশরিয়তী কাজকাম চলবে না। আস্থাহ কখনও সীমা শব্দনকারীদের পছন্দ করেন না। কন্ত বড় বড় প্লোগান অনুদাম, সব শ্লোগান বরবাদ হয়ে গোল। খোদার গঞ্জব এইভাবেই নামে। এক নেতা এক সেশ এক রাভেই সব শেষ। খালি তাই না। গুটিতক্ক সব শেষ। মাদ্রাসা তুলে দিতে চেয়েছিল, এখন নিজেই উঠে গেছে। লাল যোড়া দাবড়াতে চেয়েছিল, এখন আর উঠে বসারও ক্ষতা নাই। কাকেরের দেশ ভারত,– তার সাথে দোক্তি করতে গেছিল, আক্বাহ খালি আড়াল থেকে মুচকি হেসেছিল। বান্দার কি ক্ষমতা আছে তার সঙ্গে পাল্লা দেয়ার? নাই একদম নাই। পাল্লা দিতে গেছিল। ভার ফল হাতে নাতে পেরেছে। শিক্ষা নাও, এইসব থেকে শিক্ষা নাও। মুসলমানেরা হলো ভাই ভাই। দেশ আলাদা হতে পারে, রাষ্ট্রথথন আলাদা হতে পারে, শরীরে তো একই রক। বেখানেই থাক না কেন, সুসলমানের প্রতিটা কণাই আল্লার নাম জিগির করে। ভাইরে ভাইরে গওগোল হডে পারে। তারপরেও ভাই সবসময়েই ভাই। মুসলমানরাও ভাই। পাকিতানের মুসলমানরাও ভাই আমাদের। খোদা এক, নবী এক, ধর্ম এক, কলেমা এক। মারামারি ইয়েছিন, ভাই বলে কাকের হিন্দুদের সাধে হাত মেলাতে হবে? কখনই না। আন্নাহ এইসব পছন্দ করে না, নিজেদের চোধেই তো দেখণে কি অবস্থা হলো কাকেরদের সাথে হাত মিলিয়ে।

আমরা নীরবে মৌল্ডী স্যারের কথা গুনতে থাকি। আকাশে মেঘ ঘনিরে উঠতে শকে। অথচ বাতাস ছবির হয়ে পড়ে। মৌল্ডী স্যার ছাড়া ভার স্বাই মনে হর তাদের কঠকে বাজারের নির্মাণাধীন মসজিদটার দানবাব্যে জমা দিয়েছে। আর সৌলন্তী সারে পেয়েছেন কোনও কিছু বয়ান করার অপরিসীম ক্ষমতা। তিনি তাই বলেই চলেন্

প্রই জয় বাংলা কাদের গ্রোগানং কাফেরদের, বৃষ্ণতে পেবেছং জয় তিম্-এর সাংশ্র মিলিরে গ্রোগান বানিরেছে জর বাংলা। কেন বানিয়েছেং পাকতে পেনে সা, মুসলমানদের একসঙ্গে থাকতে দেবে না। তারে তারে বিরাদ বাধিয়ে দিয়ে খালাগা করে ফেলবে, হিন্দুদের মধ্যে ঢুকিয়ে দেবে। সেইজনোই এত কেরামতি, কোনও সময়েই তো বলে না জর বাংলাদেশ! ফেন বলে নাং দুই বাংলা এক করে ভারতের প্রদেশ বানাবে বলে। আলাদা দেশ বানাবার ইচ্ছাই যদি পাকত ফেন বলতে পারত লা পূর্ব পাকিস্তান জিন্দাবাদং তা বলে নাই। বলতে অসুবিধা কিং উত্তর কোরিয়া দক্ষিণ কোরিয়া পূর্ব জার্মানি পশ্চিম জার্মানী নামে জালাদা আলাদা দেশ নাই লা কিং কিছে তা বলেন নাই ওনারা। কেননা ওনাদের ইচ্ছাই ছিল যে তালা এক সংকৃতি এক জীবনযান্ত্রা এক এইসব গুলগঙ্গো মেরে অবশেষে একদিন বলে নসবে যে, হল জা্মাদের মধ্যে এত মিলং আম্বা তার চেয়ে এক হয়ে যাই।

মৌলতী সার একটু থামেন। অনেকদিন পরে একসঙ্গে এত কণা গলে একটু হয়রান হরে পড়েন, গলাটাও বোধহয় তকিরে আসে। তাছাড়া এটা তো আর শীঙ মৌসুম নর বে দৈনিক মিলাদ মাছফিলে কিবো ধর্মসভায় গলাবালি করার কারণে কর্চ সবসময়েই চাঙ্গা থাকবে। তিনি তাই গলাকে বিশ্রাম দেন একটু সময় আমাদের প্রস্থীন নিরবতার মধ্যে দাঁড় করিয়ে। তাতে বোধহর তিনি একটু নিভিতও হন যে পরিছিতি মোটামুটিতাবে তাঁর নিরম্বণে। ভারপর আবারও বলেন,

এইসব কথা তোমাদের জানতে হবে, ধর্মজ্ঞানে মানতে হবে। এতদিন এওলো বলার মতো পরিছিতি ছিল না। এখন সবকিছু তাড়াতাড়ি জেনে নিতে হবে। সবসময় তো পরিছিতি অনুকূলে থাকে না। আমাদের দীনের দনী হবরত মোহাম্মদ আলাইহিস সান্তাম-এর কথাই ধর মা। তাঁকে মদীনার হিজরত করতে হয়েছিল। কিনের জালা। মা, মঞ্জার তাঁদের আর কথা বলার মতো পরিছিতি ছিল মা, তাঁদের জীবনের হুমকি ছিল। একান্তর সালের পরে আমাদের অনেক সা চ্চা মুসলমানকেও তেমনি বাংলাদেশ ছেড়ে হিজরতে যেতে হয়েছে। অনেকে আবার পরে জানের মায়া তাাপ করে আমাদের কান্তারির হুকুমে কিরে এসেছেল। খুলনার আনসার আলী সাহেবের কথাই ধর না। তার নাগরিকত্ব তো ওই তাঙ্গাবন্ধ না ব্যাঙ্গাবন্ধ কি নাম যেন, পেম মাস্টার সাব ভাল সলঙে পারবেন, ল ওই মুজিব সাব আর কি, তিনি তো কেড়ে নিয়েছিলেন। কিছু শেষ পর্যন্ধ করেছেল। ধর্মের কল বাডাসে নড়ে। রারণের করে সেটা আবার বারিক্ত করার ব্যাক্তা করেছেন। ধর্মের কল বাডাসে নড়ে। রারণের বংশেও বিতীক্ত থাকে। ভারাই দীন-ই-দীনিয়াত প্রতিষ্ঠার পথ খোলাসা করে। এখন সময় হয়েছে, হিজরত শেনে আবার

আমাদের প্রবাসী মূজাহিদ ভাইরেরা ইসলায়ের ঝাঝ নিয়ে সেশে কিরে আসংব ইনলারাহ।

তারপর মৌলতী সাার যখন আবার কথা বলা ৩৫ করেন, বলেন, এই জন্ম বাংলার বড়ি জনগণ আর কোনওদিন গিলবে না ডখনই কড়াৎ করে বাজ পড়ে কুল খরের ওপর। আমরা হড়মুড় করে দৌড় দিয়ে ক্লাসখরে গিয়ে চুকি। আমার হঠাৎ বাবার কথা মনে পড়ে, মনে পড়ে একৃতির আপন ভাষার কথা, নিজৰ আচরতের কথা। মনে হয় প্রাবণের যে মেঘলা আকাশ ফুঁড়ে এখন বন্ধ পড়ার কোনও কথা নয় সেই আকাশ নিজেই পথ হেঁটে বল্লের যরে পিয়ে তাকে ডেকে এনেছে। বস্তু এখন তথু আকাশকেই বিদীর্ণ করছে না, আকাশকে বিদীর্ণ করার অছিলায় সে আসলে বিদীর্ণ করছে সেই আকাশের ছারার নিচে দাড়ানো সমূহ অবরবকে। আমাদের কুলখরের টিনের চালা বার বার কেঁপে কেঁপে উঠতে থাকে, বাতাস তাকে টেনে তুলে হয়তোবা অসাবধানভারণত আবারও ছেড়ে দের ঘরের কাঠের বাটামের ওপর। প্রতিটা কম্পনের তীব্র আঘাত আমাদেরকেও আতংকিত করার কাজে ব্যস্ত হয়ে ওঠে, যেন মৌলভী স্যাহের কথা শোনার অপরাধে আমাদের বিরুদ্ধে এর মধোই দও ঘোষণা করা হয়েছে। আমরা আমাদের কিশোরসুলভ চপদভার প্রথম প্রথম কড় দেখার বাহাদুরি দেখাডে একটুআঘটু আগ্ৰহী হলেও অচিরেই সে আগ্রহ হারিয়ে কেলি, আমাদের কেউ বলে দের না, কিন্তু মানসিকতাৰে আমরা এই সত্যে উপনীত হই যে আঞ্চকের ৰড় একেবারেই আলাদা, আলকে ক্লাসঘরের বারান্দায় দিয়ে বড় দেখার কিবো মাঠে দিয়ে বাতাবি লেবু দিয়ে সুটবল যানিয়ে ভার পেছনে ছুটোছুটি করাটা হবে ছোরভর বোক্ষি।

বাড় খামডেই আমাদের কুশ ছুটি লিয়ে দেন স্যাবেরা। খুল খেকে দলে দলে বিরিয়ে আমরা ছড়িরে পড়ি যার বার বাড়ির দিকে। কিরডে কিরডে আমার আবারও ছুলের নতুন পোলাক বানানোর চিন্তা কিরে আসে। আমি মণীযার সঙ্গে হাঁটডে হাঁটডে ভাবি বাড়ি কিরে কেমন করে নতুন এই এলানের কথা কলা হবে। এখন এই বাড়ি খেকে ভুলে বাওরা আর কুল খেকে বাড়িতে কেয়া,— আমার আর মণীযার পাশাপালি ছাঁটা এইটুকুই। আমাদের এই সামানা পথ চলাতেই তবু বাবা বার বার কিরে আসে, পথ হাঁটে, কথা বলে। আমরা কোনও কথা বলি না, বেন বাবার কথার কেন পড়বে, ভঙ্কভার মধ্যে আমরা যাবার সেই কথা বলা ভনতে থাকি। এ-ও ভাবি, ক'লিনই বা আর। ভারপরে মণীবাকে আসতে হবে একা একা, কেমনা আমি চলে যাব নিভাই কলেজের পথে,— হোক ভা জেলা পহরের অথবা নেহাতই কাছের থানা লহরের।

কড় শেব হয়, বৃষ্টি তবু কিছুতেই থামে না। বাড়ি পৌহানোর আপেই কিবাে একসা হই আমরা। উঠোন পেরিয়ে বত্তর বারান্দায় উঠতে উঠতে দেবি বাবা কিরে এসেছে। তার শরীর রোগা হয়ে গেছে, চোবের কোণে চালসে পড়েছে, দু'হাডের কনুই কী অসম্ভব কালোই না হয়ে উঠেছে। তথু একটা অভ্যাস এখনও রয়ে পেছে। চলমা ভোখে না দিলেও শেখ মুজিবের মতো হাতে চলমা ধরার বিশেষ ভঙ্গিটা। আমি সেই ভঙ্গির মধ্যে মৌলভী স্যারের বলা কথাওলার ত্রিকালমূর্তি বুঁজি। কিছু তা বুঁজে পাওয়ার কিবো না থাকবার থৌভিকতা উপলব্ধি করার আপেই মদীখার আনন্দ-সভাষণ আর চিংকার ও উল্লাস সে মূর্তির অন্তিত্ কিবো কল্লিত-অন্তিত্ তেভেচুরে খানখান করে ফেলে। এই যে প্রাবণ দিন, এ দিন এখন নির্ভাবনার, সন্তাবনার। এখন কোনও অভ্যব নেই এদেশ ভূড়ে, যদি ইচ্ছা করে বাঘের দূখও খেতে পারব আমরা অনারাসে। মণীখা বাবার বুকে মাখা রেখে কাঁদে না কি হাসে বোঝা যায় না। আমি একটু সুরে দাঁড়িরে তাই দেখে চলি। অনুভব করি নিজের বুকের মধ্যেও প্রাবদের ঝরঝর বাদলখননি।

আরও একটু পরে বাবা বলে,

আমি বরং হাট থেকে একটু যুরে আসি। कি থেতে চাও আজ ভোমরা সবাই?

আমরা কোনও কিছু বলতে পারি না। এই করেক মাসের মধ্যে আমরা স্বকিছুতেই অভ্যক্ত হয়ে গেছি। সব খাদাই আমাদের কাছে পরম খাদা হয়ে পেছে। কিছু বাবা তা বুখতে চার না। বার বার আমাদের মুখের দিকে তাকাতে খাকে। মণীবাও ক্রমাণ্ড আমাদের মুখ দেখতে থাকে। তারপর অনেক হিসাব কবে বাবার চোখের দিকে তাকিরে বলে,

গরম ভাত আর মাসকলাইয়ের ডাল খাব বাবা।

আর যা যেম এতদিন ধরে বুকে পাষাণ বেখে ছিল, পেটে পাথর বেখে ছিল তথুমাত্র এরকম একটি দিন আসবে বলে, এরকম একটি দিনে এমনি করে একটি মাত্র আকাক্ষার মধ্যে দিয়ে মধীয়া এতদিনের কট আর অপমান জানিরে দেবে বলে; আজ সেই ইচ্ছাপুরণ শেবে যা ভাই হঠাৎ পমকে পমকে কাদতে থাকে। কাঁদে জার অনবরত চোখের জল মুহতে চলে এমন বিশিটভার যে মনে হর আঙুল বাঁকিরে ভাচের ওপর থেকে জল মুহতে, মুহে বাভরার পরেও খানিকটা খেকে বাচ্ছে ভার আপন বভাবওগে।

বাবার বাজার করে কিরতে সন্ধা হলো। আমিও সঙ্গে ছিলাম। দেখলাম বারা এতদিন আমাকে এড়িয়ে চলেছে ভারাই এপিয়ে এসে ছেসে ছেসে কথা বলল বাবার সঙ্গে। আমার মাখার হাত রেখেও হাসল মাঝে মাঝে। বাজার করতে করতে তাই বাবার অনেক সময় লেখে পোল। আমরা বাপবেটা মিলেও টেনে আমতে পারব না এড বাজার! চাল কেলা হলো পোলাও আর পালা ভাতের। তাপ কেলা হলো মুসুরির, মণীবার বির মাসকলাইরের জার বিচুড়ি রাখবার জন্যে মুগের। তেল কেনা হলো সরিবার, সরাবিনের, নারিকেলের, কেরোসিলের। কেন অনেকদিন পরে এক উৎস্ব করতে চলেছি আমরা। এসব বে নিতাদিনই প্রয়োজনীয় তা ভূলে পিয়েছিলাম কি অনায়াসে। বাবা এলে আবারও মনে করিয়ে দিল।

অনেকদিন পরে আমাদের বাড়িতে সন্ধারাতি জ্বল। মণীয়া আবারও হ্যারিকেন পরিচার করতে বসল পুরানো কাপড় জোগাড় করে। তথনই আবিচার করা পেল যে চিমনি নেই কোনও হ্যারিকেনের। কথন করে বে রাভ বাহিনী কিবো রক্ষী বাহিনীর কোপানলে পড়ে হারিকেনের চিমনি তেতে পেছে তা আর খেরাল করি নি আমরা কেউই। আবারও আমি ভুটলাম সোলায়মানের দোকানে চিমনি কিনে আনতে।

দূর থেকেই খেরাল করলাম পোকানের সামনে বাঁশের মাচালের অটলা আজ আণোকার চেরে অনেক বেশি। তালের জমজমাট আন্তচা আমার বাবাকে খিরেই। এতদিন পরে ফিরে এলঃ অনেকেই তো চলে পেছে, কেউই তো ফিরে আসে নিঃ আমানের প্রামে পথ বাহিনীতে পিয়ে জীবিত ফিরে আসার ঘটনা এই প্রথম। আমি সেই জীবিত মানুষ্টির একমার উন্তরাধিকার। আন্তচার মানুষ্টের কেউ সঙ্গর্থমে কেউ রুদ্ধাস কিছু ঘটার অপেকাতে আমার দিকে তাকিরে চুপ হয়ে পেল। আমি ফ্রান্স সোলায়মানকে বললাম চিমনি কিনব ভবন সে-ও এমনতাবে ভাকাল যে মনে হলো চিমনি নামে তো কোনও পণা আসলে পাওয়া যায় না। তারপর এত লুন্ত চিমনি তাক থেকে নামাতে পেল যে একটা তেঙেই পেল। অনানিকে ভান পায়ের বুড়ো আঙুলের চাপে একটা দিয়াশলাইয়ের খোল তেতরের দিকে বসে পেল। চাচামতন এক লোক অনেক সাহস গছিয়ে আমি চপে আসার ঠিক আপের মুহুর্তে প্রশ্ন করল,

গ্যাদা, তোমার বাবা নাকি কিরি আসছে?

হাঁ, ফিরে এসেছে- আমি গর্বিত ভঙ্গিতে বলি। আমার কণ্ঠবরের সঙ্গে মিশে বায় টেলিমেকাসের ৩ও ঔছতা। বাতাসকে গুড়ি গুড়ি বৃষ্টি আবারও তেলাতে থাকে। বাতাস এসে লুকাতে চেটা করে আমার ভ্রকের তেতর। বৃষ্টি তাকে পিছু পিছু তাড়া করে এসে আমাকেও তিন্ধিরে রেখে চলে বার একই সঙ্গে। তেলা তেলা ভ্রককে পরীরের তেতর থেকে কাঁপুনি উঠে এসে ওম নিতে চেটা করে। মুরগির মাংস আর আলুর ঝোল থেকে কেমল আকারাকা করে ধোঁরার তরঙ্গ উঠছে দেখে আমার কাঁপুনি খেমে বার একেবারেই। আলুর টুকরোওলা কেমল বড় বড়া আর ঝোলও কেমল গাড়া আমার লোভ এবং তর পুটোই পেরে বসে। মনে হয় পলার আলুর টুকরো আটকে বাবে, মাংসের কাটা কুটবে, সুক্ররা খাসনালীর তেতর চুকে বাওয়াতে আমি আর খাস নিতে পারব মা। কিন্তু অন্তরীদ লোভ আমাকে বিরে ধরে। আমি নিজেকে রোধ করতে পারি না। পোগ্রাসে নিজেও থাকি গরম ভাত আর মাংস। তেতরে তেতরে আমি বে এসবের জন্যে এত কুথার্ড কুথার্ড হয়েছিলাম সেটা টের পাওয়ার পরেও নিজেকে সামাল নিতে পারি

মা। মা আমাদের বাভাস করে চলে। বাবা আমাদের পিঠে হাত বুলোর। আমরা এইসব বেহ উপলব্ধির বোধ থেকে বিচিন্ন হয়ে পড়ি পরম ভাতকে সামনে রেখে।

কিন্তু আৰু প্ৰাৰণগছন রাত। ক্লাস নাইনে পড়ি, তবুও নিভরই বাবা আমানের কোনও নতুন পদ্ধ পোনাবেন এই আশার আমি বসে থাকি। হঠাং চেত্রে পেবি বাবা কোনও নতুন পদ্ধ পোনাবেন এই আশার আমারিটার ভাঙা কাচের গ্রানি চেকে নিয়েছে পেব মুজিবের ছবি। পুরু লেপের কাচ ভেল করে তার চোব দুটো বেন আমাকে বলছে, তোর বাবা ওরকম চলমা ধরার ভঙ্গিতে হাত মুঠো করে আছে কেন। তান কোধাও গোবাবের গছও ভাসতে থাকে, ভাসতে ভাসতে আমার ভেতরে এসে চোকে। হাট খেকে বাবা আগারবাতিও কিনেছিল, মনে পড়ে। মা নতুন কেনা সুই সুভোর ছেঁড়া বালিপের কভার সেলাই করে চলে, মণীঘাকে দায়িত্ব দেয় বাসনপত্র ওছিরে রাখার।

বাবা খনে আসে না। আমাদের নতুন কোনও গল্প শোনার জন্যে উনুনা রেখে সে বারান্দার দাঁড়িয়ে সিগারেট টেনে চলে। টিপটিপ বিটির মধ্যে সিগারেটের আগ্যে জুলে খোড়ো সমূদ্রের বাতিঘরের ঝাড়লন্তন হয়ে। টানতে টানতে বাবা আগন মনে গানও গাইতে থাকে। গান নয়, তার কঠ থেকে আমি নিঃখতা করে পড়তে দেখি:

कुक्षनशिम काममबामि मृद्यात (महा जनम घटा अरकमा रकाम भविक कृषि পविकरीम भरवत गर्छ रह अका जथा रह शिवकम हरप्ररह खोना अवड यय जबूब मिर्द्य चनमंत्रय रशहा मा स्थारत हरनात केरन जाकि शुक्रमम्म गरून स्वरच

নিংখতা বরাতে বরাতে গহন মেধের মধ্যে দিরে হেঁটে হেঁটে বাবা খরের মধ্যে ফিরে আসে। আকাশে মেঘ ডাকে, বাবাও ডাকে আমাদের। সে ডাকের তদদেশে বিকোত করে আকাশ-মেকের অতস্ত্রতা, যে তাকে বুবাতে পারে তথু তার জন্যেই অকাতরে বিলিয়ে দেরা আকুশতা,

এস, এই মানুবটার জন্যে আমরা কিছুক্ষণ চুপ করে সময় কাটাই।

বাবা গিয়ে শেষ মৃক্তিবের ছবির সামনে সাঁড়ার। মার ক্রটাকে সামান্য সমরের জন্যে কুঁচকে উঠতে দেখি জামি। কিন্তু মৃখে কিছুই বলে না মা। হাতের কাজ থামিরে চুণচাপ বলে থাকে। আমাদের সবার দিকে ইতিউতি করে তাকিরে গতিক বিশেষ সুবিধার নর বৃকতে পেরে মণীবাও বলে না কিছুই। প্রার্থিত নিরবভার মধ্যে দিয়ে কিছুটা সমর পার করি আমরা। তারপর বাবা তার খাটের কার্নিশে হেলান নিরে

জ্যবারও সিগারেট ধরালে মধীযার মূখে দুটুমির হাসি কিরে আসে। কিরে আসে বাবার কঠে আসমু গল্প শোনার অধিরতা।

হাবা আখার দিকে তাকায়,

তোম্ব কি শরণাধী শিবিরের কথা মনে আছে তথাগত?

আমি শরণার্থী শিবিরের কথা মনে করার চেটা করি। অজসু লোকের ভিড়, চেনা মুখন অচেনা লাগে। কারা যেন কালছে জোরে জোরে। বোধহর এক বৃড়ি বদনা খুঁছে না দেরাতে ব্যাটার বউ আর মাতিনাতনিদের নিঃশার্থতাবে গাল দিয়ে চলেছে, কাঁকে কাঁকে ছেলের উদ্দেশ্যেও অবক্রম ক্লোভ স্বাড়ছে ছেলেটা এস্থের কোনও গোঁরই রাখে না বলে। শেছনে কোথাও একজন মা তার ছেলেকে মুম পাড়ানোর চেটা করছে আদ্রে গলার, 'আররে পানি লেজ বোলা..'। কোনও কিছু ভাগ করে মনে পড়ে না। মাঝে মনে পড়ে পতাকা উড়ছে তড়ভড়িরে, রঙ সবৃজ, মধ্যে লাল গোল বৃত, তার ভেতরে হল্ল রঙের মানচিত্র। হল্ল যেন কিলের প্রতীক? আমি শ্তিমর হাতড়ে বেড়াই, উত্তর খুঁজে পাই না। বাবা অবশ্য আমার উত্তরের জন্যে অপেকাও করে না। আপ্র মনেই বলে চলে.

ভোমাকে আর ভোমার মাকে শরণাধী শিবিরে রেখে আমি পালিয়ে দিয়েছিলাম দেরাদুনে, কেননা শরণাধী শিবিরে নাম দেখানোর জন্যে ওরা আর বৃদ্ধে বেভে দিচ্ছিল মা।

মণীবা বাবার কথাকে মাটিতে পড়তে দেয় না, কস করে বলে বসে, তথাগতর যা দেখতে কেমন ছিলঃ

বাবা কেন বাত্তব অগতে কিরে আসে। তার মুখে একটু হাসি কুটে ওঠে, একবার মা আরেকবার মণীবার দিকে তাকিরে বাবা বলে,

দুট্টমি হচ্ছে?

মণীবা ঠোঁটে হাত চেপে কৃটকৃট করে হাসতে বাকে,

না- না বাবা, সডিঃ বলছি, বল মা ভূমি :

কিছু বলে না বাবা। খরের চালের দিকে তাকিয়ে থাকে খানিক সময়, ভাকিয়ে খাকতে থাকতে কিয়ে বায় শরণাখী শিবিয়ে,

পারের খাম করিরে, জীবনের মারা ভূচছ করে আমরা বৃদ্ধ করেছিলাম। কিছ আমাদের মধ্যে অনেকেই ছিল ওইসব শিবিরে, শরণাখী হরে। ছিল আমাদের চেরেও বড় বড় নেতা, সেই সুবাদে শরধাখীদের চেরেও বেশি সুবোগ সুবিধা পেরেছে ভারা। সুখে নির্বিধাদে তারা সমগ্র কাটিয়েছে আর ভারতীর সাধাদের সঙ্গে চা খেতে খেতে বুজের পরিণতি নিরে গল্প করেছে, নিজেদের মধ্যে আলাপ করার সময় বুজের নিকৃতি করেছে, ভাড়াভাড়ি কিভাবে যুক্ত পেব করা যার ভাই নিয়ে পরামর্শ করেছে জার বুদে বেড়িয়েছে, যুক্ত বেলিদিন করেশেই সব বাস্তালি নকপাল হয়ে যাবে। কিরে এসে এরা সবাই বড় বড় মুক্তিযোজা সেজেছে। এরা কেউ কিছু হারায় নি, কিছু আমি শরণাবী লিবির থেকে ভথাগতর মাকে ফিরিয়ে আনতে পারি নি।

বাবা একটু খামে। দীর্ঘশ্বাস ছাড়ে। আবারো বলে,

এরা কেউই যুদ্ধ চার নি। এমনকি মুঞ্জিব ভাইও চেয়েছেন কি না সন্দেহ আছে
আমার। কিন্তু একথা তো ঠিক তিনি চান বা চান আমরা তার নামেই যুদ্ধ করেছি।
ভেবেছি দেশ বাধীন হলে মুঞ্জিব ভাই ফিরে এলে সব ঠিক হয়ে বাবে, যারা যুদ্ধ না
করে যুদ্ধের নামে বাগাড়খর করেছে ভারা কোনঠাসা হয়ে পড়বে। মুঞ্জিব ভারের নাম
বে কোটি কোটি অন্তের চেয়েও আমাদের কাছে বেশি শক্তিশালী ছিল তা ভোমরা
এখনকার ছেলেমেয়েরা কেউই বুকতে পারবে না। দেখ আকাশসমান জনপ্রিরতাও
কেমন করে মাটিতে গড়িয়ে পড়ে! একটা মানুষও তার লোকে কাঁদে না। আমার দম
আটকে আসে ভারতে গোলেই।

আমরা সবাই মাধা নিচু করে চুপচাপ বসে খাকি।

ভেবেছিলাম বাবাকে বলব একটা সাইকেল কিলে দিতে। কিছ তা আর হরে উঠল না। হেমন্তের এক বিকেলে জলপাই বাহিনীর লোকেরা এসে ধরে নিয়ে গেল বাবাকে। মা তখন চুলার পারে। বাবা বসেছিল কাঠাল গাছের নিচে একটা চেরার পেতে। আর মণীষা সেই চেয়ারটার পেছনে দাঁড়িয়ে বাবার গলা জড়িয়ে গল্প করছিল। বাবা বলছিল আর ক'দিন বাদেই আমাদের হেমন্তের চাঁদ দেখাবে। ধান কাটা হরে পেলে হেমন্তের চাঁদ না কি রাতের বেলা প্রতিদিন অনেক রাতে খেতের শিরুরে এসে মৃত্তিকাকে সাবুনা দের। মাঠের মুখা ধানের দিকে তাকিয়ে থাকে। ইদ্রেরা তখন সেই মাঠে বেড়াতে আসে। চাঁদকে বলে, ও চাঁদ মামা, তুমি বেন আমাদের ঘোরা শেব হওরার আপে কিছুতেই ডুবে বেও না। তাহলে পাঁচা এসে নির্ধান্ত আমাদের গিলে খাবে।

হঠাৎ একসাথে অনেকওলো বুটের আওয়ান্ধে আমরা ফিরে তাকালাম। দেখলাম সড়ক থেকে আলপথে নেমে এসেছে একদল আর্মি। ওরা বে বাবাকেই ধরে নিয়ে বাবে ভা আমরা একটুও টের পাই নি। যদিও ওদের বুটের আওয়ান্ধের সঙ্গে রক্ষীদের বুটের আওয়ান্ধের কোনও তকাৎ নেই; ভারপরও বে কেন ওরকম মনে হয় নি ভার কোনও ব্যাখ্যা আক্ষও খুঁকে পাই নি আমি।

জনপাই বাহিনীর একজন খুব চটপটে কর্ছে বাধার নাম জিজেস করে নিচিত হবরার পরে বলেছিল, আমরা আপনার বাড়িটা একটু চেক করব। বাবা নিস্পৃহভাবে বঙ্গেছিল, করুন।

জনপাই বাহিনীর লোকেরা খেত নিড়ানি দেয়ার নিপুণতায় সারা বাড়িঘর তন্ত্রতন্ত্র করে খোঁজাখুঁজি করেছিল। তবে রাত বাহিনী কিংবা রন্ধী বাহিনীর মতো কোনও অসৌজনা বাবহার করে নি তারা। বিছানা বালিশ নাড়াচাড়া করে আবার সুন্দর করে সেবানেই গুছিরে রাখছিল। এমনকি গরুর পানি খাওয়ানোর নান্দার নিচটাও ওরা এত সুন্দর করে সার্চ করে যে আমি মুগ্ধ হয়ে যাই। শেখ মুজিবের ছবির সামনে এসে জনপাই বাহিনীর এক অফিসার একটু খামে। তারপর ঘুরে দাঁড়িয়ে সকৌতুকে বাবাকে প্রশ্ন করে,

আপনি তো জাসদ করেন। এর ছবি রেখেছেন কেন? বাবা বলে,

এখন আমরা যাই করি না কেন যুদ্ধের সময় তিনি আমাদের সবার নেতা ছিলেন। এমনকি যারা তাঁকে হত্যা করেছে, যিনি এখন সামরিক বাহিনীর প্রধান হয়েছেন তাঁরা সবাই তো তাঁর অধীনেই যুদ্ধ করেছি।

তা ঠিক, তা ঠিক।— জলপাই বাহিনীর অফিসারটি বুকটা আরও টান টান করে
দীড়ার। নিক্ষল খোঁজাখুঁজি শেখে আর সব আর্মিরা এসে তার আলেগালে দাঁড়ার।
অফিসারটি তালের একবার দেখে নিয়ে বাবার দিকে অর্থবাধক দৃষ্টিতে তাকিরে বলে,

বাই দ্য বাই, আপনাকে আমাদের সঙ্গে একটু বেতে হবে। আমি কি দু'চারটা টুকিটাকি জিনিসপত্র সঙ্গে নিতে পারিং

না, না। তার কোনও দরকারই হবে না। আপনি আজই ফিরে আসতে পারবেন।

বাবাকে সঙ্গে নিয়ে ওরা সড়কে গিয়ে আর্মি ভ্যানে চড়ে। ভ্যানে ওঠার আণে বাবা একবার আমাদের দিকে তাকার। আমরা তিনজন মানুষ ছানুর মতো দাঁড়িয়ে খাকি। কেবল তিনদিন আণে হাটবারে নতুন কিনে আনা গকটা দু তিনবার ভেকে ওঠে। বােধহর স্মরণ করিয়ে দিতে চেষ্টা করে হালিম নানাকে ভেকে এনে তার জন্যে ঘাস খড়ের ব্যবছা করতে হবে। বাড়ির এককানে ছােট কলাবাগানে, বাঁশগাছের ঝাড়ে হেমন্তের বাতাস চুপচুপ করে বরে এসে হঠাৎ দমকা শব্দে ভানা ঝেড়ে সারা পৃথিবী থেকে বরে আনা দুংধ বেদনা আমাদের জন্যে কেলে দিতে থাকে। আর্মি ভ্যানটা ক্রমাগত দূর থেকে আরও বহুদ্রে মিলিয়ে যেতে থাকে। কিছু একট্ও ধূলি ওড়ে মা। হেমন্তের ক্লান্ত ধূলো ভানা মেলার বদলে কেবলই উটপাধির বিশালতা ধারণ করতে থাকে নিজের কনাকৃতির শরীরের মধ্যে। আমি আমার হাতের মধ্যে মধীবার ছােট্র

হাতের ভয়ার্ত চাপ অনুভব করতে বাকি, আমি আমার মারের অবরব বোঁরা হয়ে মিলিরে যাছে এমত উপলব্ধিতে নিজেও ফিনিকা পাবি হরে বেতে থাকি। আমি আকাশে উড়তে থাকি, প্রতিটি ঘূর্ণনে ছাই হয়ে যেতে থাকি, বিন্দু বিন্দু ছাইয়ের আকারে ছড়িয়ে পড়ি, অক্তিত্বহীন হয়ে পড়ি।

রাতে আর বাবা ফিরে আসে না। মা রান্না করলেও আমাদের ভাল করে খাওয়া হয় না। সোলায়মানের দোকানের কাছাকাছি গিয়েও আমি ফিরে আসি। ওখানে পেলেই লোকস্কনের নানান কথা ওনতে হবে, নানা প্রশ্নের জবাব দিতে হবে। আসতে আসতে তনি, রেডিও-তে মেজর জেনারেল জিয়া নামের কে একজন আর্মিদের ব্যারাকে কিরে গিয়ে অল্প জমা দেয়ার নির্দেশ দিছে। সেই রাতে জীবনের প্রথম সিলারেটে টান লাগাই আমি। বাবার বিছানা গোছাতে গিয়ে বালিশের নিচে আবিছার করি একটা সল্য খোলা সিজার সিগারেটের প্যাকেট আর অর্থক শেষ হওয়া দিয়াশলাই। অনেক রাতে বাশবাড়ের কাছে বসে নিজের অল্পাডেই সেই সিগারেট টানতে থাকি। টানতে টানতে মনে হয় মণীবা ছাড়াও আমি আমার নিঃসঙ্গতার আরও এক সঙ্গী খুঁজে পেলাম। এই সঙ্গী বরং আরও বেলি নিবেদিত, কোনও প্রশ্ন করে না, কেবলই সহানুত্তির খোঁয়া উগভায়।

বাবা ফিরে আসে প্রদিন সকাল বেলার। জলপাই বাহিনীর লোকেরাই নিরে আসে। তবে বাবা আর বেঁচে নেই তখন। জলপাই বাহিনীর লোকজন বলে, বাবা না কি লালানোর জন্যে হঠাৎ করে আর্মি ভ্যান থেকে লাক দিয়েছিল। আর্মিরা তার পিছু পিছু থাওরা করে। বার বার ওয়াকি টকিতে থামার জন্যে নির্দেশ দেয়ার পরেও বাবা না থামার ওলি করতে বাধ্য হয় তারা। বাবা মারা গেছে সেই গুলি লেগে। আমরা তাদের কথা বিশ্বাস করি না। কিছু প্রতিবাদও করি না। কেননা তারা সামরিক হাসপাতালের ডাভারের রিলোর্ট আমাদের হাতে ধরিরে দের। বড় হয়ে বুকতে পেরেছি কত বড় প্রতারণা ছিল সেটা। ময়না তদন্তের রিলোর্ট মাত্র এক রাতের মধ্যে কোনওদিনই পাওয়া যার না। জিয়াউর রহমানের অনুগত সামরিক সেনারা তা-ও সম্ভবপর করেছিল লেবারের হেমন্তকালে। এমনকি আমরা এ প্রশ্নও করি না বাবার গায়ে এত কতিছি কেন, নাক দিয়ে রক্ত গড়িয়ে পড়েছে কেন, পিঠে প্যাচানো প্যাচানো দানাই বা কিসের। আমরা কোনও প্রশ্নই করি না, কেননা আমরা টের পাই প্রতিটি প্রশ্নের উত্তর তৈরি করে নিয়েই কথা বলছে তারা আমাদের সঙ্গে।

আর্মিরা বলে, বাবার লাশ ভারাই কবর দেবে। মুর্দা নিরে আমাদের কোনও কট করতে হবে না। কড়া পাহারার বাবাকে কবর দিরে কবরখানায় করেকজন আর্মিকে তিন সপ্তাহের জন্যে পাহারার বসিয়ে চলে যার আর স্বাই: আমরা কাদতেও ভূলে বাই বাবার লাশকে থিরে, বাবার কবরখানার ধারে বসে। আবার ভাবি একদিক থেকে ভালই হয়েছে এইভাবে বাবার কবর দেয়া হলো বলে। আর্মিরা ৩ধু লাশ কেরং দিয়ে

লেলে নির্মাৎ অনেক ঝামেলা পোহাতে হত আমাদের। জানাজা করতে গিরে ইমাম ধন্দন কলক, মূর্দার নামে কারও কোনও অভিবাদ আছে কি মা তখন নি-চরই আমার চাচারা হাজার রকম কাহিনী আর দাবিদাওয়া ফেঁদে বসত। অথবা ইমাম সাহেবই বলে বসতেন, আপনার বাবা এতদিন এক ওয়াক্ত নামাজও পড়েন নাই। এজন্যে তাঁকে এত হাজার টাকা জরিমানা দিতে হবে। একজন অপরিচিত লোক হয়তো দাবি করে বসত বাবা হখন আভারহাাউতে ছিল তখন সে তিন হাজার টাকা ধার দিয়েছিল। এইসব নানান গ্যাক্তাম পাকিয়ে বসত গোকজন নিঃসন্দেহে।

ভনতে পাই আর্মিরা গাঁরের পর গাঁ হানা দিরে কাদের কাদের বুঁকে বেড়াঞ্ছে। আবারও পোস্টারে পোস্টারে ছেয়ে যার আমাদের স্কুলঘর, বাজার, বিভিন্ন বাড়ির কাচারি ঘর এমনকি বটসহ বিভিন্ন গাছের মোটা গুড়িগুলো পর্যন্ত। ঝাকড়া চুলের যুবকদের ছবি ছাপানো তাতে। নিচে কালো কালিতে লেখা : এদের ধরিয়ে দিন। ধরিয়ে দিতে পারশে নগদ পুরক্ষার পাঁচশ' টাকা। সোলায়মানদের দোকানের সামনে বসে কেউ কিসফিসিয়ে আলাপ করে শহরে একজন বাঁকড়াচুলো যুবককে আর্মিরা ধরার পরে পর্যাত্ত মারধর করে অর্থেক মাটিতে পুঁতে গুলি করে মেরে ফেলেছে। क्राउनरप्रचे थरक ना कि मरन मरन रामादेता जब निरत दितरा भएएहिन वक्रिम কারা না কি জেলের মধ্যে ঢুকে মুক্তিযুদ্ধের সময়কার অছায়ী রট্রেপতি, প্রধানমন্ত্রী সবাইকে গুলি করে মেরে ফেলেছে। আর্মি অফিসাররা এখন বিদ্রোহী সেপাইদের ধরে ধরে ফীসি দিচেছ। আমার মঙ্গল পাণ্ডের কথা মনে পড়ে। বাবা বলত, মঙ্গল পাণ্ডের। মুগে মুগে ফিরে আসে। অন্য কারও দেহতে ভর করে বিদ্রোহ করে। তবে কি ওরা আবার ফিরে এনেছে? কিন্তু এখন তো ইংরেজদের কেউই নেই। তাহলে ওদের কেন মারা হবে? উত্তর খুঁজে পাই না। গ্রামের পেষপ্রান্তে একটা পড়োপড়ো কুঁড়েঘরে খাকা আলী আকবরের মায়ের অস্পষ্ট কাগ্লা আমাদের বাড়ির উঠোনকে কেবলই ভারি করে ভূলতে থাকে। আর্মিরা না কি তার বাড়িতেও হানা দিয়েছিল বগুড়া ক্যান্টনমেন্টে থাকা ভার ছেলের খৌজে। সে না কি পালিরেছে আর্মি থেকে। রহিমের মা একটা চিঠি নিয়ে এনে একদিন মায়ের কাছে কাঁদতে থাকে। ক্যান্টনমেন্ট থেকে চিঠি পাঠানো হরেছে ভার ছেলের নামে। লিখেছে : আপনি গভ একমাস বাবং কালে অনুপদ্বিত আছেন। অতি সত্ত্ব কাজে যোগদান করুন, নতুবা আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। অথচ রহিমের মা হলফ করে বলতে পারে ভার ছেলে ছুটি নের নি, বাড়ি আসে নি, ভাহলে কোধার বাবে? এইসব প্রতিকারহীন অনুযোগ প্রতিদিনই আমাদের বাবার শোক তুলিরে দিভে থাকে। অথবা ভূদিয়ে দেয়ার বদলে নিয়ে বেতে থাকে ছদয়ের গভীর কোনও পহ্মরে, কোনওদিন বিসুভিয়াসের তীব্র দাভাসমেত উদ্গীরিত হবে বলে।

আমার সাইকেল কেনার ইছে। ক্রমাগত হারিরে বেতে থাকে। তার ওপর ওই সমর ধ্রমন এক ঘটনা ঘটে যা আমার আগ্রহের কেন্দ্রবিন্দু সাইকেল থেকে সরিরে আনে। কুলের এক ছটির দিনে ঘর গোছাতে পিয়ে আমি দেরালের ক্যালেভারের উন্টো

দিকের কল পরিভার করার জন্যে নামাতেই চমকে উঠি। দেখি ক্যালেভারের ওপরে তে লোল বিং আছে তার সঙ্গে একটি পিরল বুলছে। পিরলটার নলের মুখের সৃক্ষ ব্যবহন্য বিংটাকে টলেমাটাল অবস্থাতেই বিং-এর সঙ্গে খুলিয়ে দেয়া হয়েছে। এরকম একটা সংখ্যার সাহায়র পিরবের মতো জিনিস থাকরে তা কেইবা চিন্তা করবে। জলগাই বাহিনীর লেকেরাও করে নি। বাবা যে অবস্থায় ওটাকে রেখে গেছে সেই অবস্থাতেই হত্তে গেছে। চট করে পিরুলটাকে কোমরে ওঁকে ফেলি আমি মণীবা কিংবা মায়ের সেৰে পড়াৰ আলেই। একটা অনাধ্ৰম উত্তেজনাও অনুভৰ করি আমি, আর ভার কত্বৰ যে পিলুৱেত পক্তি তা কিছু নয়। আমার মনে হয় বাবা তার নিঃসঙ্গ দিনগুলোর এক সঞ্জীকে আমার স্থান্য রেখে গেছে। মনে হয় বাবাই আমার কাছে চলে এসেছে। আমার রক্ত চনমনিরে ওঠে, শরীরের মধ্যে আলাদা উঞ্জতা অনুতব করি। সেই থেকে এক লোৰও দাঁড়িয়ে বাহ আমার। মাঝে মাঝেই ইচ্ছা জাগে ওটাকে নেডেচেডে দেখার। আছি বে কোনপ্রদিন বটা ব্যবহার করব, কারও বুকে চেপে ধরে প্রতিশোধ নেহাৰ চেট্টা করব কিবো প্রতিনিনের যুক্তে ক্রান্ত হয়ে একদিন হেমিংওয়ের আলোকিত ইক্তাৰণেৰ সক্ষে পলা মিলিয়ে 'ম্যান ক্যান বি ডেস্ট্ৰয়েড বাট নট ডিফিটেড' বলতে বলতে ৰূপালে গুলি ফটিয়ে বসৰ এরকম কোনও কিছই মনে হয় না আমার। সেফ ছুঁরে দেখতে ইচ্ছা করে, আর কিছু নর। আমি ভাকে সফত্নে লুকিয়ে রাখি, কখনওয়া সাবাদিনই কোমৰে ওঁজে ঘৰে বেডাই। ঘৰতে ঘুৰতে দেখি পথ চলে পেছে কোনসিকে, কোন অক্লানতে ৷ বাবার নিচু কিন্তু 🎫 ই কথাও তনি হঠাৎ করে,

ওই বে রাজা ওটা চলে নেছে বশোর রোডে। দেখবে সারি সারি বিশাল কড়াই গাছ রাজার দুইখারে। চলে লেছে সোজা ভারতে। মৃক্তিযুদ্ধের সময় এক আমেরিকান কবি এসেছিল এইখানে। তাঁর একটা কবিতা আছে এই নিয়ে – সেপ্টেম্বর অন বশোর রোড। তুমি তো তখন একেবারেই ছোট। তোমার মতো শরপারী শিবিরে খাকা শিতদের কথাও আছে এই কবিতাতে।

বাবার কথা তনতে তনতে আমি আপন মনে বিড় বিড় করে উঠি, নিজের তেতরে নিজের কন্তব্য তনতে থাকি :

मक निष्ठ (मध्यक्ष व्यक्तन व्यक्तनः हेम्प कीयः, विरक्तातिक क्रारचत थात व्यक्तन (द्यारक - विरम्न मन वीरनंद पत पुक्रम् वर्षः, कार्डम वाणि निकस्तः।

मक निटा क्रिक्ट दिस्म वृद्धिक भक्त बाटा मुख्य मारच मृद्धिक मक ठाउँद्धित दमत ठथु रह्म्या मक राह्मत (गर्देस्स एउन मानुसा)...

দক্ষ প্ৰাদেৱ উনিশপুত একান্তৰ

बायता (रेस्ट्रेडि बाता 🔲 ७०

ऍकाड मरभाव स्वारण नव भूनव नूर्य कृत्य भूनव व्रद्ध भृज्याव हरिष्ट् यानूच वास्मा (क्रर्ड्ड कनकाजाव ।...

কিন্তু এখন একারর নয়, এখন আমরা পেরিয়ে এসেছি পচান্তরও। এখন আর পথে রাজপথে মৃত মানুব পড়ে না, নালার ভেতর গলাকাটা লাপ দেখে আমরা আর দৌড়াই মা উর্জনাসে, খেতের মধ্যে লালের সারি দেখে এখন আর মণীবা বমি করে না হড়হড়িরে। কিন্তু এখনও মৃত্যু ঘটে, ঘাতকের থাবা কেড়ে নের আপের মতো খড়, মূতু। তকাৎ এই লাশওণো আর নালার, খেতে কিংবা রাত্তার পড়ে থাকে না। সবত্নে তাদের কবর দেরার পরে পাহারা বসানো হয় কবরছানে, কিংবা ওম করে দিরে তাদেরই আজীরবজনের কাছে নিরীছ পলার খেঁজ নেরা হয়, কোথার গেছে অমৃক। আর আমি খুরেন্দিরে এই বাংলাতেই ঘুরতে থাকি, এতই হতভাগ্য বে বাংলা ছেড়ে হটতে হটতে বে অন্য কোখাও চলে যাব তার কোনও পথ বা উপায় বুঁজে পাই না।

সিণারেট খাওয়া তাই বেড়ে বার আমার, পুরোদস্কর অন্তান্ত হয়ে উঠি। সবাই তয়ে পড়লে আমি বারান্দার এসে কিংবা বাঁলবাগানে গিয়ে সিগারেট টানতে টানতে নিজের ভবিতবা চিন্তা করি। বাবা মারা যাওয়ার পরে মায়ের খুব ভয় ছিল জায়গাজমি বেদখল হয়ে যাবে। সব জমি তো চিনিও না আমরা। দেখা বাবে যে বর্গাদার হালচায় করে সেই চুপচাপ নিজের জমি হিসাবে চাষাবাদ করা তরু করেছে। কিন্তা বাত্তবে সেরকম হয় মা। প্রামের গোকজন অতিশয় সরল এই চিরকালীন প্রবাদ কমেন্তি হয়ে কিরে আসে আমাদের কাছে। প্রতিদিন আমরা উপলব্ধি করি এই সরল মানুবওগোর কৃটিলতা। এক বর্গাদার আরেক বর্গাদারের নামে কথা লাগাতে পিয়ে, আরেকজনের কাছে থেকে জমি ছাড়িয়ে তাকে জমি বর্গা দেয়ার জনো উদুদ্ধ করতে পিয়ে কদর্য ভাষার আমাদের কাছে বলে চলে দানান কথা। আমাকে জার কট্ট করে খেলি নিতে হয় মা; ওদের কথাবার্তা থেকেই উদ্ধার করে ফেলি কার কাছে কোন জমি আছে, সে জমি কডটুকু, শেষবার কোন কসল বোনা হয়েছিল ভাতে।

একদিন ঠাটা দুপুর বেলা বাড়ি কিরে দেখি, বড় চাচা এসেছে। চাচাদের কাউকেই কখনও আমাদের বাড়িতে আসতে দেখি নি, বেমন আমিও কখনও বাই নি ভাদের বাড়ি। এমনকি রাজ্যঘাটে দেখা হলেও কখনও কথাবার্তা হয় নি আমাদের মধ্যে। বাবা মারা বাওরার পরেও তাদের কেউ আসে নি আমাদের খোঁজখবর নিতে। তারা বে আসবে না সেই মানসিক প্রস্তুতি ছিল বলেই আজ আমি বিশ্বিত হই চাচাকে দেখে। চাচা বসেছিল ঘরের বারান্দার হাতলওয়ালা চেয়ারটাতে। মাকে দেখি রান্নাখরের দরজার চৌকাঠে বলে। সন্তবত তারা কোনও কথাও বলছিল। আমাকে দেখে মা রান্নাখরের ভেতরের নিকে চলে বার, বড় চাচা উঠে দাঁড়ার। ঘরের ডোরার মাটি কেটে তৈরি করা সিড়ি বেরে উঠোনে দেষে আসে,

ভাইতা আমার-

যেন ভার কণ্ঠ ক্লব্ধ হয়ে আসছে কোমও দুয়ার খোলা মহাআবেগে। চাচা আমাকে এমত সভাধন করার পরে বেল কিছুক্ল অভিয়ে রাখে। ভারণর বলতে বাকে,

আমাকে চিনতি গারবে লা। চিনার কবা মা। আমি তোমার বড় চাচা। ভাবছিলাম কুম দিন আসবো না। কিন্তু রক্তের টাম বুথলে? রক্তের টান মোছা যায় না। ভায়ে ভায়ে বিবাদ বিসম্বাদ করে আমরা আমাগের সুমায় নট করে ফেলিছি, কিন্তু তার যাতল ভোমরা কেন দিবে?

চাচা এভাবে অনেক কথাই বলে। সব কথা আমার কানে ঢোকে লা। কেন জানি মনে হয় বে জগতের, যে বন্ধনের, যে নির্ভরতার মাধুরিমা থেকে বাবা আমাকে পূরে সরিয়ে রেখেছিল, - যে রক্তের, যে পরিবারের, যে ধারাবাহিকভার ঐতিহ্য থেকে বাবা নিজেই আমাকে মুক্ত করার জন্যে আপ্রাণ চেষ্টা করেছিল সেই মাধুরীতে সেই ঐতিহ্যে আমার আর প্রস্থিত হওয়ার কোনও-ই সুযোগ নেই। আমি তাই নিজেকে ছাড়িয়ে নেই, পান্ত কঠে বলি,

বসেন চেয়ারটাতে বসেন।

আর বসাবসির কি আছে ভাতিজ্ঞা? চল আ'জ সবাই মিলে আমার বাড়ি, দানাগানি যা আছে সবাই মিলঝিল করে খাওয়াদাওয়া করি।

আমি হেসে ফেলি। হাসতে হাসতে আমার কুলের পাঠ্যবইয়ের কবিতার কথা মনে পড়ে। পুরের ঘাতক আশ্রয় নিয়েছে অসহায় অবস্থাতে না জেনে না তনে পিতার বাড়ি,— যে পিতা প্রতিহিংসার আগুনে পুড়ছে অহর্নিশি। ঘাতকের পরিচয় জানার পরেও সে সঙ্গীন তোলে নি ঘাতক তার অতিথি বলে। কবিতার পিতার মতো আমিও মিট্টভাষী হওয়ার চেটা করি,

যাব। যাব একদিন। আজ আপনি এসেছেন, মেহমান মানুষ, একটু আপ্যায়ন করার সুযোগ দেন।

ভাতিজার কী সৃশ্বর ব্যবহার। সম্পর্ক না থাকলি কি হবে, দেখতি হবে না বংশের ধারা কেমন?

আমি ভেবেছিলাম এরপর বড় চাচা খংশের ফিরিস্তি দেয়া তরু করবে। কিন্তু সেদিকে মোটেও পা বাড়ায় না সে। বাড়িঘরের খোঁজখবর নিতে থাকে। কোন ফসল কেমন হলো, জমিজমার অবস্থা কি, বর্গাদাররা ঠিকমতো চাষবাস করে কি না এইসব খেলুঁরে গল্প। আলাপের ধারা কোন দিকে গড়িয়ে চলে আমি তা টেরও পাই না। যখন টের পেলাম তখন আর ক্ষান্তি দেয়ার কোনও উপায় নেই। বড় চাচা আমাকে নানা পরামর্শ দেয়া তরু করে। বাবা যে সব ভূল করেছে আমি ফেন সেসব করতে না যাই,

বেন ভার কট কছ হয়ে আসহে কোনও দুয়ার খোলা মহাপ্রবেশে। চাচা আমাকে এমত সংঘাধন করার পরে বেল কিছুক্তণ জড়িয়ে রাখে। ভারপর নলতে থাকে,

আমাকে চিনতি পারবে না। চিনার কথা না। আমি ভোমার বড় চাচা। ভাবছিলাম কুন দিন আসবো না। কিন্তু রভের টান বুঝলো রভের টান মোছা যার না। ভারে ভালে বিবাদ বিস্থান করে আমরা আমাগের সুমায় নাই করে ফেলিছি, কিন্তু ভার মাতল ভোমরা কেন দিবেং

চাচা এতাবে অনেক কথাই বলে। সব কথা আমার কানে চোকে না। কেন জানি মনে হয় বে জগতের, বে বজনের, যে নির্তরতার মাধুরিমা খেকে বাবা আমাকে দূরে সরিয়ে রেখেছিল, - বে রতের, যে পরিবারের, যে ধারাবাহিকতার ঐতিহ্য খেকে বাবা নিজেই আমাকে মৃত করার জন্যে আপ্রাণ চেটা করেছিল সেই মাধুরীতে সেই ঐতিহ্যে আমার আর প্রস্থিত হওয়ার কোনও-ই সুবোগ নেই। আমি তাই নিজেকে ছাড়িরে নেই, পান্ত কঠে বলি,

বসেশ চেয়ারটাতে বসেন।

আর বসাবসির কি আছে ভাডিজাঃ চল আ'জ সবাই মিলে আমার বাড়ি, দানাপানি যা আছে সবাই মিলঝিল করে বাওরাদাওয়া করি।

আমি হেসে কেলি। হাসতে হাসতে আমার কুলের পাঠ্যবইরের কবিভার কথা মনে পড়ে। পুরের আডক আশ্রন্থ নিয়েছে অসহায় অবস্থাতে না জেনে না তনে পিভার বাড়ি,- বে পিভা প্রতিহিংসার আতনে পুড়ছে অহনিশি। ঘাতকের পরিচর জানার পরেও সে সঙ্গীন তোলে নি আডক ভার অভিখি বলে। কবিভার পিভার মতো আমিও মিউভাবী হওরার তেটা করি,

বাব। বাব এঞ্চিদ। আছা আপনি এসেছেন, মেহমান মানুষ, একটু আপ্যায়ন করার সুবোগ দেন।

ভাতিজার কী সুন্দর ব্যবহার! সম্পর্ক না থাকলি কি হবে, দেখতি হবে না বংশের ধারা কেমনঃ

আমি তেবেছিলাম এরপর বড় চাচা বংশের ফিরিস্তি দেরা শুরু করবে। কিন্তু সেদিকে মোটেও পা বাড়ার মা সে। বাড়িঘরের খোঁজখবর নিতে থাকে। কোন ফসল কেমন হলো, জমিজমার অবস্থা কি, বর্গাদাররা ঠিকমতো চাষবাস করে কি না এইসব খের্কুরে গল্প। আলাপের খারা কোন দিকে গড়িরে চলে আমি তা টেরও পাই না। যখন টের পেলাম ভখন আর ক্ষান্তি দেয়ার কোনও উপার নেই। বড় চাচা আমাকে নানা পরামর্শ দেরা শুরু করে। বাবা বে সব ভুল করেছে আমি যেন সেসব করতে না যাই, বাৰার মডো যেন ঘরের খেঁরে বনের মোন সা তাড়াই এইসব পরায়র্শ। আয়াকে এখনই কঠোর হতে হবে, না হলে বাৰার সম্পত্তি রক্ষা করতে পারব লা, এইসব বলতে বাকে চাচা। আমি তথু তনেই চলি। একসময় আত্তে আত্তে কথা বলার ভঙ্গিতে বড় চাচা

ষ্ণে, পরের ছরের এই দুটো মেরে পুথে আমি বেদ আর চালভাল দাই দা করি। বাবার ভা বিজীর পক্ষের কোনও ছেলেপুলে নেই যে সম্পত্তিত হক জন্মাবে ওলের। মণীবা-ও জা আপন বোল না আমার। অভএব আমার কি দরকার ভালের পেছলে বরচাপাতি করার, কি দরকার ভালের এই বাড়িছরে থাকতে দেয়ার। চাচা এসব বলে আর আলেপাশে এমন করে ভাকাতে থাকে যে বাড়িতে আর কেউ নেই, কিছে যে কোনও মুহুর্ছে চলে আসতে পারে, সেজনো রাজার দিকে খেরাল রাখা প্রয়োজন। আবার বলার ভারতে কিসকিসানি নিয়ে এলেও এক জারে বলতে থাকে যেন মা কিংবা মণীবা সহজেই ভার কথা ভনতে পারে।

ভারণর চাচা চুপ করে বসে থাকে। আমি বুবে নেই চাচা আসলে এটুকুই বলতে এসেই। সরাসরি বলা বার মা, ভাই পৌরচন্দ্রিকা টানার নানা চেটা। একবার কল্পনা করাও চেটা করি চাচার সঙ্গে সভিয় সভিয় আৰু মুপুরে আমরা যদি চলে যেভাম ভাহণে সে কি করত। যেসৰ কথা এখন বসে বসে আমাকে ভনিয়ে পেল ভা কি বলার সুবোগ পেড? মা কি চাচা আরও করেকদিন অপেকা করত? অথবা চেটা করত আমাদের মধ্যে অন্যভাবে খুল ধরাতে? ভাহলে এখন কি চাচা আসলে টের পেরে পেছে আমি কোনওদিনই ভার বাড়ি যাব মা? ভাই লেব পর্যন্ত আজই বলে কেলতে হলো মণীয়া আর ওর মাকে খরচের খাভার লিখে কেলার কথা? কিবো এ চিন্তাও কি চাচা করে আসে নি আমি যদি মণীয়ালের খরচের খাভার না-ও লিখি এসব কথা লোমার পর থেকে ওদের ভাড়িরে কিরবে বে কোনও সময় উল্লেদ হওয়ার আশংকা?

একসমর চাচা উঠে দীড়ার, বলে,

ঠিক আছে, আমি বাই। ভাবনা চিন্তা করে দেখ হাতি পু'ববে না সম্পত্তি রক্ষা কাৰে।

আমি কিছু বলি না। এমনকি তাকে বিদায় দেয়ার জন্যে পিছু পিছুও বাই না সামান্য রাজা। চাচা সড়কে পিয়ে উঠেছে দেখে আমি ঘরের মধ্যে দিরে চুকি একট্ট্ শোব বলে। দেখি মণীবা বাবার খাটের একটা প্রান্ত ধরে সাঁড়িয়ে আছে। চোখমুখ ভারি হরে উঠেছে ওর। আর সারা শরীরে বেন অবসন্তা নেমে এসেছে। নিজের অক্লান্তেই ও এপিয়ে আসে, আমিও এপিরে বাই নিজের অক্লান্তে।

ভূমি আমাদের ভাড়িরে দেবে?

ওর কঠ করুণ হয়ে আলে। আমরা একজন আরেকজনকে জড়িয়ে ধরি। আমাদের কৰা ৰক্ষাৰ ভাষা শেষ হয়ে আলে এবং আমরা সতুন করে পরীরী স্পর্শের আবর্তে বোধণমা ভাষা তৈরির চেটা করি। মণীয়া আমাকে ছেড়ে খুরে দাঁড়িয়ে দু'ছাতে মুখ চেকে কাদতে থাকে, অনেকদিন একসঙ্গে থাকার পরে মানুধ যেমন হঠাৎ করে একদিন সম্পর্কহীনতা আবিষ্যাত্র করে কখনও ক্রন্সনমূধর কখনওবা বোধা হয়ে বেতে খাকে ভেমনি করে মণীবাও সুঁপিয়ে ওঠে, আবার বোবা হরে পড়ে। পেছন খেকে বৃশ্ব তৈরি করে আমি কখনও স্পর্ণ দিয়ে কখনও কথা বলে কিরিয়ে আনার চেটা করি আমাদের সেই অতীতী নির্ভরতা। মণীবা হঠাৎ প্রচণ্ড আবেগে কাঁদতে থাকে নিজেকে আমার মধ্যে সমর্শিত করে। আর তখনই আমি আমার তেতরের অন্য এক আমিকে অবলোকন করি। আমার সারা শরীর হঠাৎ আবেগে ও উত্তেজনার ধরধর করে কাঁপড়ে থাকে, আমার শিশু উথিত হয় সচেত্য আমার আদেশকে অমান্য করে, তেতর খেকে কেউ বলতে থাকে আরও প্রবলতার ওকে আমার তেতরে টেমে নিতে, এবং আমি তাই করতে থাকি; মণীবা আমার হাতের ভাশার বিবরে শীদ হতে থাকে, যেমন পাখির ছানা উক্ষতা নিতে ধীরে ধীরে নিজেকে ঠেলে দেয় পালকের অন্ধকারে। আমি আমার এই আবেগ আর উত্তেজনাকে মরিয়া হয়ে খামাতে চেষ্টা করি, দু উক্লর অভ্যন্তরে প্রাণশণে চেশে ধরে সুকিয়ে রাখতে চাই উথিত শিশু আর শিশুর আকাজ্ঞাকে; কিছ যুকতে শারি আমি আমাকে অভিক্রম করে চলে যাচিছ অন্য কোনও অনুভবে, আমার ঠোট নাক পাল কামনার অধীরতা নিয়ে মধীষার ঠোঁট নাক গালে সান্ত্রনার প্রতিবিদ তৈরি করছে, ভলপেটের জমিনে মণীবার নিতম নির্বাক কোমলতা দিয়ে আমার উক্লর মধ্যে আটকে রাখা শিশুকে ঔদ্ধত্য দেখানোর জন্যে ডাক দিচেছ আর আমার উক্রদেশ ইচ্ছানিরশেকভাবে মিশে বাচেছ মণীযার নিতদের সঙ্গে। হঠাৎ আমি অনুন্তৰ করি বিরিকিরি বৃট্টি নেমে এল, কোখার বেন একটা পাৰি উড়ে গেল, বাঁধ তেঙে গেল একটা দদীর। মণীধার চুলের মধ্যে আমার হাতের আঙুলগুলো কেঁপে কেঁপে উঠল, ঠোঁট আগনাআগনি মড়তে লাগল.

ভোদের আমি কোথাও বেডে দেব না।

আমাদের দুজনের শরীরই এবার হঠাৎ একবার শক্ত হরে উঠল, তারপরই ধীরে ধীরে শাক্ত হরে এলো, আমরা অবসনুতা আর উদীপনা দুটোকেই একসঙ্গে ধারণ করে বার্যমার খাটটার একধারে শাশাশাশি বসে রইনাম। বামি জানি না মনীবা আমার এই স্থলন টের পেয়েছে কি না। হরতো একসম বাঝে নি, বোনরা কাঁদলে ভাইরা ভো এরকম কাছাকাছিই চলে আসে; অথবা টের পেয়েছে, কিন্তু কিছু বলে নি, কেননা মানুষ পেথে এইরকমই হঠাৎ করে, এরকম কার্যকারণইনভার মধ্যে দিয়েই সে উপলব্ধি করে অপর স্বর্হক, ভারপর ভাকে সামাজিক কার্যকারণের সঙ্গে মিলিরে সন্তাব্যভা-অসন্তাব্যভা বিচার করে হরতোবা আ্বারও কাছাকাছি আসে কিবো চলে বার নিরাপণ অন্য কোখাও। মণীধার আচরণে আমি ভাই অন্য কোনও ইঙ্গিত খুঁজে পাই না। আমিও আমার এই প্রথম জ্লে ওঠাকে সংলোপনে লুকিরে ফেলি।

ক্ষাণত। অথচ আমাদের কুলে নির্বিবাদেই ভোট হরে পৃথিবীতে সূর্বের ভেজ বাড়তেই থাকে ক্ষমাণত। অথচ আমাদের কুলে নির্বিবাদেই ভোট হরে পেছে। ব্রক্তরসী তোজান্দেল দিন্তার বনে পেছে এই সুবোগে। দলবল নিয়ে হ্যাঁ মার্কা বাালটপেগার সে এত বেলি কেনে বে ভোটারের সংখ্যার চেয়েও বেলি ভোট পড়ে বাওয়াতে কিছু ভোট আবার গণমার পরে পারেব করতে হর। হ্যাঁ/মা কিংবা রাইপতি নির্বাচনে না হলেও সংসদ নির্বাচনের সময় আমি প্রথমবারের মতো ভোট দিতে লিখি। ভোটার হওয়ার আপেই ভোট দেরার সুবোগ করে দের আমাদের কুলের গ্রাথগেট কুদুস। কুদুসের বরস কত ভা আমরা কেউই বলতে পারব মা। ভাকে কথমও পরীক্ষাও দিতে হর মা। ভার কাজ গ্রকটাই: আভ: ভুল ক্রীড়া প্রতিবোগিভার সময় ভুলের হরে সবওলো আইটেমে প্রথম হওয়া এবং চ্যান্দিরনীপের মেডেল ছিনিয়ে আনা। কিংবা কুটবল খেলার ইটাইকার হিসাবে করেকটা গোল করে কুলের শিন্ত পাওয়া নিন্চিত করা। ভাতে কুনের অনুদান পাওয়ার রাজা মা কি ক্রিয়ার হয়ে বার। স্যারদের ভাছে ভাই কুদুসের ওরত্ত সন্তর্গেক।

ভোটের দিন আমি কুলের কাছে যুরঘুর করছিলাম আর দেখছিলাম কে কি করে : কুদুস হঠাৎ ভাক দের আমাকে,

কি রে ভোট দিবিঃ

বলে উত্তরের অপেকা না করেই একটা রিপে কি একটা নামার আর নাম নিখে ধরিরে দের আমার হাতে। আমি সেটা নিরে ভোটখরে চুকে পড়ি। দেখি ভোজান্মেল ভারের লোকজন পুরো ভোটকেন্দ্রই দখল করে রেখেছে, হাভাকাটা কালো কোট কিবো পাঞ্জাবি টুলি পরা কাউকেই কোথাও দেখা বাচেছ না। প্রিসাইডিং অফিসারের সামনে রিপটা এলিরে দিভে পেলেই ভোজান্মেলদের দলবলের একজন এগিরে আসে এবং ছোঁ মেরে ছিনিরে নের সেটা। ভারপর রিপটা দেখে 'ও, কুমুস পাঠাইছে' বলে আবারও কিরিরে দের। আমি সেটা প্রিসাইডিং অফিসারের হাতে দিলে তিনি ভোটার

লিস্টে মিলিয়ে দেখেন, টিক চিহ্ন কাটেন এবং ব্যালট পেশার এগিয়ে দিতে দিতে শ্বিভযুগে বলেন,

ভোষার বয়স ভাহলে ভেগানু!

ওলে আমার বৃবই লক্ষা করে। আমি কোলওমতে বৃথে চুকে পড়ি। কে যেন বলে,
বৃথে চুকে আর কি করবে, এখানেই সিল দিয়ে কেল। আমি অনেও না পোনার ভান
করি। ব্যালট পেলারটা বাব্দে চুকাতে চুকাতে দেখি, মৌলন্ডী স্যার বৃবই কিও হয়ে কি
যেন কলাবলি করছে প্রিসাইডিং অফিসারের সলে। কথা বলার সময় ভার বৃকের ছাতি
দম নেয়াতে এও বেশি ফুলে উঠছে বে বুকপকেটে লাগানো দাঁড়িপারার মনোমামটা
কেঁপে কেঁপে উঠছে। বের হতে হতে ওনি মৌলতী স্যার বলছে,

আমার তোট দিয়ে দিয়েছে, আম্যদের পোলিং এজেন্টকে বের করে দিয়েছে। আর আপনি বলছেন কিছুই করার নেই। এটা কি মণের মুসুক না কিঃ এই জনো কি জিরা সাহেবকে সমর্থন নিছিলাম আমরা হ্যা/না আর রাষ্ট্রপতি ভোটের সমরঃ আমি– আমি লিখিত অভিযোগ করব।

আমি দেখি কোখা থেকে কুদ্স এসে হাজির হয়েছে সেখানটার। মৌলজী স্যারকে দেখেও না দেখার তান করে সে কথা বলা তরু করে,

কি ব্যাপার প্রিসাইডিং ছার, এত হাউকাউ কিসের? আপনারা কি তোট সূষ্ট্তাবে হ'তে দেকেন নাঃ সৰ হল একজন আ'সে বলল আমার ভোট আরেকজনে দিয়ে গিয়েছে, আর আপনি তাই নিয়ে ঝাপায়ে পড়লেন? চিল কান নিয়ে গেছে ড'নে চিলের গিছে পিছে দৌড়ালে চলে না কি?

মৌলতী স্যার ভার আদৃভাই মার্কা ছাত্রকে দেখে বেশ খুশি হয়ে ওঠে, কুদ্সকেই সাকী মেনে কৰা বলা ভক্ত করে পুনরুদ্যমে,

দেখ না বাবা কুদ্স। কি অনাচার বন্ধ তো দেখি, তোজাম্মেশের এইওলো করা কি ঠিক হচ্ছে? আমার পোলিং এজেন্ট বের করে দিয়েছে, আমার ভোটটাও আরেকজনকে দিয়ে সিল মারার বন্দোবন্ধ করেছে..

অ, আশনের ভোট দিয়ে কেলেছে? স্যার, এত বয়স হলো, এতবার ভোট দিলেন, এখনও ভোট দেয়ার হাউস শেল না আপনের। ঠিক আছে, দেখেন কার ভোট কিরি আছে, আগনে মানি মানুষ, আপনেগ আর না করি কেমনে। বান, বার ভোট কাঁকা আছে তার ভোট দিয়ে আনেন।

এইটা তৃমি কি বল বাবা? আরেকজনের ভোট আমি দেব কেন? আমার ন্যাব্য ভোট কে না কে দিয়ে লেল সেটা দেখবে না তৃমি? কুমুস হঠাৎ কেপে বঠে,

আবে শালা রাজাকারের বাচ্চা রাজাকার, বসতে দিলে তইতে চায়। তোজাম ভাই এইওলোরে লাই দিরে মাধার তু'লছে। আরে চোদনাকাটি, ভোটে যদি আওয়ামী লীগ জেতে ভোগের কোন ভাতার বাচাবে হিসেব রাখিস?

মৌশনী স্যারের মুখ চুল হয়ে যার। আর একটাও কথা বলে না। কুদ্দুস বীরদর্শে ভার সামনে দিয়ে বের হয়ে আসে। আমার চোখে চোখ পড়তেই বলে,

চল, চা খারে আসি।

তেটি উপলক্ষে রাজ্ঞার থাতে বসালো ক্যাম্প-কাম-চায়ের লোকানে বসি আমরা। কুমুস আমার দিকে একটা সিগারেট এগিয়ে দিতে দিতে চায়ের অর্ডার দেয়। বলে,

শোন, তোকে যে এত খাতির করছি তার কারণটা কি জানিস? আমি মাধা নাড়ি। কুন্দুস মিটিমিটি হাসে,

খুপ সিচেট। খুপ সুন্দর ক'রে আমার একটা জীবনবৃহাপ্ত তৈরি করে দিবি। তোজাম তাই করাছে দিবিয়া পাঠায়ে দিবে। ফারুক তাই, মাম তো তনছিস, তনিস মাই এপোমো? আরে, ওই বে মুজিবেক মাডার ক'রলো না? তার বডিগাড হব। তোজাম তাই করাছে আমার মতো শিলকাঠের মতো বডিজালা তেলে দরকার তার। করেক বছর থাকতি পারলেই কোটি কোটি টাকা। ফিরে আ'সে এম শি ইলেকশন করব। টাকা হ'লে কাঠের পুতুলও হাও করে। ঠিকই জিতে বাব।

আমরা চুপচাপ চা খেতে থাকি। কুদুস আবারও বলে,

কাজটা ঠিক হলো না রে। আমরা নর চোদনা ছেলে। সুইটেপুইটে বাই। তুই এড তাল একটা মানুষের পোলা, তোকে দিয়ে এইরকমন্তাবে ভোট দেওয়ালাম, মনের মধ্যে ঠিক সার দিছে না। যা সুন্দর করে তোর বাবা কথা বলত। মনটা ভরে বেত। সে বাকলে ঠিকই জাসদ করতাম আমি। আমাকে আদর করে কি ডাকত জানিসং মিসটার কুনুস। বলত, মিসটার কুনুস খেলা হল পরীরের খাদ্যা আর পড়া হল মনের খাদ্য। খালি খেলাধুলা করলে তো চলবে না মিসটার। আমাকে দিয়ে স্বাই খেলাতি চার, ভোর বাপের মতো কেউ চার নাই আমি লেখাপড়াও করি। তা এগন আর কিঃ এগন তো সবই শেষ। বেটার লিবিয়া চলে বাব।

ৰাবা মা থাকার এভাবেই বোণাবোগ আর পরিচিতির বৃত্ত আমার বাড়তে থাকে। আমি অবাক হরে দেখি, এইসৰ মানুষগুলো চার না আমি বাবার বৃত্তের বাইরে এসে দাঁড়াই, বাবার আচরণ থেকে পৃথক কোনও আচরণ করি। অথচ তারা নিজেরা কখনও-ই ওরকম আচরণ করতে চার না। কিংবা করতে চার, সাহস পায় না, তাই সামনের সারিতে কাউকে শেখতে চার, বার ওপর ভরসা করে সেরকম আচরণ করা বাবে। বাবা একমন সেরকম মানুষ। ভারা বাবার হারা বুঁজে কেরে আমার ভেতর।

ছারা বুঁজে কেরা এইসব মানুবজনকে আমি ডাই পারতপক্ষে এড়িরে চলি। এরা জানে না মুল লাছ মরে লেলে ছারাও মরে বার একই নলে, ডখন আর নেই ছারা বুঁজে পাওয়া বায় না। এনের এড়িরে আমি চুপচাপ ছুলে বাই, ফিরে আমি চুপচাপ। ডারপরও অঘটন বটে বায় একদিন। ছুলে টিকিন পিরিয়ন্ডের আপে সেদিন করেকজন গাঞ্জাবি পরা ছেলে আনে। সবারই আবার একটু একটু লাড়ি আছে। হেলাল স্যায় আমালের ক্লাস নিচিহলেন। ছেলেগুলো বলে, তারা ইউনিগ্রাসিটিতে পড়ে, পড়াতনার লাকে কাকে ইসলামী সংগঠন করে। আমালের উদ্দেশ্যে কিছু কথা বলার জন্যে স্যাবের কাছে থেকে ডিস মিনিট সমর প্রার্থনা করে তারা। স্যায় অনুমতি নিলে বলে, আমালের সঙ্গে ভারা একটু কথা কলবে টিকিন পিরিয়তে। ওই সমর প্রতিটা ক্লানে বারা প্রথম, বিতীয় আর ভূতীয় হরেছে তাগেরকে তারা সংগঠনের পক্ষ থেকে কাপজ কলম ক্যালেনার এইসব হাবিজাবি জিনিসপ্তা দেবে। বারা প্রথম হরেছে তাগের এইসব হাবিজাবি জিনিসপ্তা দেবে। বারা প্রথম হরেছে তাগের বাছাড়া বই থেনার জন্যে লগদ টাকা দেরা হবে।

আমত্ম খুব উৎসাহ আর কৌভূহল নিয়ে টিকিন পিরিয়তে সমবেত হই সবচেয়ে বড় ক্লাসখনটাজে। আমার জন্যে বিষয়টি খুবই সুখকর ছিল, কেননা আমি আবার আমার ক্লাসের প্রথম ছাত্র। ক্লাসের বই আমি অদেক আগেই কিনে কেলেছি। এদের দেরা টাকাণ্ডলো নিয়ে कি করব ভাই চিন্তা করি। ভারপর ঠিক করি যে সামনের রবিবারে ভুল ৰজের দিলে সকালের ট্রেনে চড়ে বুলনা গিয়ে পিকচার প্যালেসের সামনের দোকান খেকে 'আমি সূতাৰ বলছি' বইটা কিনে কেলব; মদীবার জন্যে কিনৰ আহমদ হুফার অনুবাদ করা 'তানিয়া' কিংবা মনী ভৌমিকের অনুবাদ করা 'বাবা বৰন ছোট'। ভার্সিটি পভুরা ছেলেওলো কি বলবে তা শোনার জন্যে, কিতাবে কাগন্ধ কলম দেবে তা দেখার জন্যে বেশ ভিড় জনে বার। যে ছেলেটির গাড়ি সবচেরে বেশি ঘন সে আমাদের সবার উদ্দেশ্যে কথা বলতে থাকে। আমরা জানতে পারি আমাদের সাচ্চা মুসলমান হয়ে উঠতে হবে। কেনদা আমরাই সেলের ভবিব্যং। আমরা বদি আন্তাহর ওপর পুরোপুরি ভরসা রেখে, দীদের পথে খেকে ঠিকমতো লেখাপড়া করি ভাহলে জীবনে প্রতিষ্ঠিত হতে পারৰ, পিতামাতার মুখে হাসি কোটাতে পারৰ, সমাজের দশজন মানুবের কাজে লাগব এমনকি পরকালে আমাদের আল্লাহ্ডারালা বেহেশৃত্ নসীব করবেন। আর সেজনোই আমাদের ঠিকমতো নামাজকালাম পড়তে হবে, মুক্রবিদের কথামতো চলতে হবে, ভালের সঙ্গে নিচু গণার কথা বলতে হবে। যাতে আমরা ঠিকমতো এসৰ কাজ করি সেজন্যে একটা কমিটি করে দিতে চার ভারা বিভিন্ন ক্লাসের ভাল ভাল ছাত্রদের সমবারে। আমরা সবাই একসঙ্গে নাম্যক্র পড়ডে বাব, মিলাগ পড়তে খাৰ, কেউ মারা গেগে কবর দিতে যাব,- এইসব দানান ধর্মীর কাজ করব। এমনকি পরস্পার পরস্পারের লেখাপড়ার খোঁজ নেব, বে ঠিকমডো পড়ালেখা করতে পারছে না ভাকে সাহায়া করব। আর এই জন্যে আমাদের এই সংগঠনের নাম হবে ইসলামী ছাত্র শিবির। কেননা আমরা ইসলাম ধর্মাবলখী, কেননা আমরা লেখাপড়া করি, কেননা আমরা এই ছাত্ররা একই শিবিরে অন্তর্ভুক্ত হরেছি। আমরা কোনও রাজনীতি করব না, ধর্মকর্ম আর লেখাপড়া করব আর লেখের স্বাই যাতে সাচ্চা ও সং মুসলমান হরে ওঠে, ভারা স্বাই যাতে ইসলামের আইনকানুন মেনে চলে ভার জন্যে মনেগ্রাক করে বাব।

ভারা বখন এইসব কথাবার্তা বলছে ভখনই হঠাৎ আমার মনে পড়ে গভকাল সন্থ্যার সোলারমানের সোকান থেকে গড় কিনেছিলাম। যে প্যাকেটটার সোলারমান গড় দিয়েছিল সেটা বানানো হরেছিল সাগুহিক বিচিত্রার পাতা দিয়ে। আর এই পাতাওলাতে ছিল একটা প্রতিবেদনের অংশবিশেব। প্রতিবেদনটা লেখা হয়েছিল এই ইসলামী ছাত্র শিবির নিয়েই। যাড়িতে বেরে সব গড় কৌটার ভুলে কোনও কান্ধ না থাকার প্যাকেটটা হিছে সেটা পড়েছিলাম আমি আর মণীয়া। স্থাধীনতার আগে না কি এই সংগঠনটারই নাম ছিল ইসলামী ছাত্র শক্তি। মুক্তিবৃছের বিরোধিতা করেছিল ভারা, যোগ দিয়েছিল কেউ আলবদরের, কেউবা আবার আলশামস কিবো রাজাকারে। সেটার কথা মনে হতেই আমি ঠেটিরে উঠি,

আপনারা তো রাজাকার ছিলেন!

চাপ দাড়িওরালা একটু ভ্যাবাচ্যাকা খেরে বার। এই ছুলে এরকম কথা লোনার জন্যে বোধহর ভারা একেবারেই তৈরি ছিল না। কিছু একেবারে থেমে বার না ভারা। ছাপলে-সাড়িওরালা ছারটা চাপদাড়িওরালাকে ইশারার থামিরে দিরে কথা বলা ওক করে,

এই কথা তোমাকে কে বলেছে ছোট ভাই?

তৰে আমার জেদ চেপে বার,

কে বলেছে সেটা ৰড় কথা নর। সতি্য কি না ভাই বলুন।

দেখ ছোটভাই, আমাদের এই ইসলামী ছাত্র শিবির প্রতিঠিতই হলো গেল করেক বছর আপে, আর বৃদ্ধ হয়েছে একান্তরে। আমরা রাজাকার হব কেমন করে? আর ওসব তো পলিটিকাল ব্যাপার, আমরা তো রাজনীতি করি না।

আপনারা রঙ পাস্টেছেন। আপনারা রাজাকার ছিলেন।— আমি গড়গড় করে বলতে থাকি— এখন সংগঠনের নামও পাস্টেছেন বাতে লোকজন কেপে না ওঠে। রাজাকারদের যে আদর্শ ছিল আপনাদেরও একই আদর্শ, আপনারা ধর্ম নিয়ে ব্যবসা

PLANT THE PERSONSHIPS

করছেন। আপনারা বদি এখানে বেশি কথা বলেন আপনাদের আমি ওশি করে মেরে কেশব।

আমি আন্তও চিন্তা করে পাই না কেন আমার মূখ দিয়ে সেদিন এমন কথা বেরিয়ে গিয়েছিল। তেমন সাহসী আমি তো কোনও সময়েই ছিলাম দা। অথবা এটাই কি সতিয় যে অনেকদিন থরে আমার মনের মধ্যে বেসব কোন্ত ক্রমা হচ্ছিল তাই সেদিন বেরিয়ে এসেছিল অপর কোনও ঘটনাকে তর করে? ওলি করে মেরে কেলার কথা বলার পরেই আমি আমার অবচেতনে বাবার পিত্তলের উপস্থিতি অনুত্র করি। ইহলাগতিকতা আমার অবিত্তকে প্রাস করে এবং কেট্ট আমাকে অব্রের কথা জিজ্ঞেস করলে কি উত্তর দেব তা নিয়ে আতর্থকত হয়ে পড়ি। কিন্তু আমি দেখি, কেট্ট আমাকে কোনও প্রশ্ন করে না, বয়ং তারাই আতর্থকত হয়ে পড়ে। আমানের এলাকাটা এমনিতেই রাত বাহিনীর বর্ণরান্তর, তাসের ঠ্যাঙ্কালোর জন্যে আবার একসময় প্রার জারগাতেই রক্ষী বাহিনীর ক্যাম্প বসালো হয়েছিল, হুদ্রিওস্থি পাতিনেতা চেলানেতা সরকারি দলের প্রায় সবাইকেই অন্ত দেরা হয়েছিল। জান বাঁচাতে জানদের ছেলেরাও অন্ত রাখত কাছে। এবনও অনেকের কাছেই অন্ত আছে। আমার হমকিকে তাই তারা একেবারেই কেলে দিতে পারে না। কমিটি না করে, পুর্ছার না দিরেই চলে বার লিবিরের ছেলেওগো। বাওরার আপে কোনওমতে বলে,

ছোট ভাই ভোষার কথাওলো ঠিক না আসলে। তুমি কমিটি করতে দেবে না, ঠিক আছে আমরা চলে বাচিছ, কিন্তু নামাজটা ঠিকমতো পড়বে ভাই।

শাখাক্ত আমার কোনগুলিনই পড়া হয় নি, আর আমার কথাই বে ঠিক তা পরে হাড়ে হাড়ে টের পেরেছিলান। শিবিরের ছেলেওলোকে সেদিন ওতাবে ফিরিয়ে দেয়ার পরে সবচেরে বুশি হতে দেবি পেম সায়কে। তিনি এমনগ্রবে তাকিয়ে থাকতে তর্ক করেন কেন আমি তার সমবয়্রী। একদিন বাজারে আমাকের পুরানো চেরারমানে জমপেল আলী হাসতে হাসতে এগিয়ে এনে আমাকে জড়িয়ে থরে। এবারের ইলেকশনে জমপেল চাচা ভোজাত্মেল মিয়ার কাছে হেরে গেছে। তোজাত্মেল তাই জনেক ইয়াং ছেলেপেলে জড়ো করেছে বাজারে ক্লাবঘর বসিয়ে। বিভিন্ন প্রামের ছেলেপেলেদের কুটকল কিনে দিয়েছে, ক্লাবঘর করার জনো টিন দিয়েছে। দরকার হলে সবাইকে পিয়ে আবার বিএনপি-র মিছিলও করাছে। এই কয়েকদিন আগেই বারা জাগদলের মিছিল করেছে এখন ভারা সবাই বিএনপি করে। বাংলার সংক্ষেপণ করেল দলটির নাম বেশ রসান্ধক হয়ে ওঠে। জমপেল চাচা জন্ধ আওরামী লীগার। সংক্ষেপণ বাজাদশ বলতেই চাচা বেশি ভালবানে। আমি জানি বিএনপি আওরামী লীগার। সংক্ষেপণ ব্যাপার না, তোজাত্মেল ভাই ভেবে দেখেছে জমপেল চাচাদের মতো লোকজন কবরে না বাওয়া পর্যন্ত পর্যন্ত লিভারাশিপ পাওয়ার কোনও সম্ভাবনা নেই তার আওরামী লীগে।

অতদিন থৈবঁ ধরার সময় নেই তোজান্দেল ভাইয়ের। অতএব বিএনলি করা অনেক ভাল। সরকারি বা বিরোধী দল কোনও ব্যাপার নয়, আসল কথা পাওয়ার প্রাকটিস করা। এখন বরস মাত্র তেত্রিশ হলেও সবাই তোজান্দ্রল ভাইকে সালাম করে, সরবারে ভাকে, দু'এক কথা বলভে বলে ভুলের স্পোর্টস-ফাংলান কিংবা মিলালে। আবার খানা খেকে পুলিল এলেও লোকজন ভার খোঁজ করে। এসবের কারণ একটাই কোনও বুড়ো হাবড়া আওরামী লীলের মাত্রা কাটিয়ে বিএনপি-তে খাওরার আণেই ভোজান্দেল ভাই মিছিল মিটিং কমিটি আর ঢাকার লিভারদের সঙ্গে বোগাবোগ করে

তবে একটা ব্যাপারে জমশেদ চাচা আর তোজান্দেল ভাইরের কোনও তকাং নেই।
আমার মনে হয়, কোনও চেরারম্যানেয়ই নেই। জমশেদ চাচার মতো তোজান্দেল
ভাইও সবসমর সঙ্গে একটা কালো ব্যাপ রাখে। সেই ব্যাগের মধ্যে থাকে ইউনিয়ন
পরিষদের প্যাভ, সিল সবকিছু। হঠাৎ করে একটানা খানখেতের মধ্যে চলার সমর
আলের ওপর হরতো দেখা হয়ে পেল, আর দেখা হতেই মনে হল একটা চারিত্রিক
সাটিকিকেট দরকার, চেয়ারম্যান সাহেবকে বলার সঙ্গে সঙ্গে তিনি আইলের ওপর বসে
কোনও নাম ঠিকানা না লিখেই করেকটিতে সই আর সিলছাপ্রর মেরে দিলেন। মুখে
বললেন,

শে। বাড়তি কয়েকটা শ্লেখে দে। কখন কোন কাজে লাগৰে আমাকে আবার খুঁজে পাৰি না। আর নাম বাপের নাম ঠিকানা এসৰ নিজেই বসিরে নিস। আমি লিখে দিলে আবার মনে করবে যে চেরারম্যানের কোনও এ্যাসিস্টেন্ট নাই।

কতদিন এইভাবে চলছে, আইও কতদিন চলবে তা বলা মুশকিল। জমপেদ চাচা বেমন রাড বাহিনী কিংবা গণবাহিনী কাউকেই সার্টিফিকেট দিতে কার্পণ্য করত না, ভোজান্দেল ভাইও তেমনি বক্তা দেরার সময় 'এই আওয়ামী লীগের পেটোরা বাহিনী…' ইত্যাদি বললেও কেউ চাইলে গদগদ হত্তে নির্বিচারে চারিক্রিক সমদপ্র বিলি করে।

জমশ্বেদ চাচা আমার পিঠ চাপড়ে বলে,

ঠিক কাজ করেছিল। বাজাকারওলো বেশি বেড়ে পেছে। আর কুন্তার বাজা সর্বহারাওলারে দেখ না, লেজ লোজা করে আর্মি আর পাকিরানী দালালওলোর ল্যাওড়া চাটছে। কাল, আহাদের তো চাল পেলেই ওলি করে মারিল, রাজাকার আর আর্মিদের সলে অত ভালবালা কিলের? আর্মিদের ল্যাওড়াই বলি চুখবি ভাহলে আইরুব ইরাহিরা কি দোধ করেছিল? পাছার মধ্যে রাজাকারওলোর ল্যাওড়াই বদি নিবি ভাহলে আমাদের আর ভারতের দালাল বলিল কেন? চাচার কথা তদতে তদতে আমার কান গরম হরে ওঠে। আমি বে-কোনও উপায়ে ভার হাত থেকে পালাবার জন্যে উদগ্রীব হলে উঠি। কিন্তু জনপেদ চাচা নির্বিকার একেবারেই। আমি বে ভার চেয়ে বয়সে জনেক ছোট, ভার বলা কথাওলো বে আমার কাছে প্রাক্তিমধুর হতে পাল্লে না ভা চাচা ভোরাকাই করে না। বলতে কলতেই হঠাৎ চাচা জানাকে প্রশ্ন করে,

ওই ৰাজাদলের কুমুসের সঙ্গে ডোর এড খাডির কিসের রে? একটু খেমে ভাবার বলে,

আর্মির লোকেরা তোর বাবাকে মেরে কেলেছে, মনে নেই তোর?

মাধাটা আবারও কেন জানি বিশত্তে বায় আমার। বে কোন্ত সংগোগনে লুকিয়ে রাখতে চেটা করি তা আবারও বেরিয়ে পড়ে গলগলে যুক্তপ্রোক্তের তাপদ নিয়ে,

মনে আছে। এ-ও মনে আছে আপনাদের জন্যে বাবা মাসের পর মাস পালিরে বেরিরেছে, নাগাল পেলে আপনারাও আর্মিসের মতো গুলি করে মারতেন। অথবা গুলা কেটে কেলে রাখতেন কিংবা লাশটাও গায়ের করে দিতেন।

জমশেদ চাচার চোৰ বড় বড় হয়ে ওঠে, মুখটা সামান্য হা করে আমার পিকে তাকিয়ে থাকে। কেননা চাচাও চিক্তা করে নি তার মুখের ওপর আমি এমন একটা কথা বাড়ব।

খেতে হর, পড়তে হয়। সেজনো কি করব তেবে আর কুল পাই না। প্রথমদিকে উদ্যম হিল। বর্গাদারদের সঞ্চে নিজেও বীজ কিবো চারা বোনার দিন, সার কিবো নিড়ানি দেয়ার দিন খেতে চলে বেতাম। যেদিন কসল কাটা হতো সেদিন সারাদিনই মাঠে পড়ে থাকডাম। আতে আতে বুকলাম এসকই অর্থনীন। এতে বরং বর্গাদাররা বিব্রত হয়। তারা না পারে খান্তাবিক হতে, না পারে চুপচাপ খেতের মালিকের উপস্থিতিতে কাল করতে। আমি তাই পেম পর্যন্ত ভধুমার কসল কাটার পরে তাপ টান দেরার জন্যে খেতে বাওরার পথ বেছে দেই। যা মাকে মাকে অনুযোগ করে এতাবে না কি কাল হয় না। নির্মিত দেখাতনা না করলে জানা বার না কিছুই। অনেক সমর বর্গাদাররা এনে হয়তো এমনি এমনি বলে, চারা মরে যাচেহ সার দেরা দরকার। তারপার সেই সার নিয়ে দেয় অন্য জমিতে। কসল কটার দিন প্রথম খেকেই খেতে না থাকলে মা কি সুযোগ বুবে কসলের করেক বোঝা বাড়িতে পাঠিরে দেয় বর্গাদারেরা।

আমি তাই পুরানো অন্তাস কিরিয়ে আমি। আবারও সকালে উঠি। আগে বাবা তেকে তুলত, এখন আমি নিজেই উঠে মনীবাকে ডেকে তুলি। ভাল লাগলে মনীযাও বেরিয়ে পড়ে আমার সঙ্গে খেড দেখতে। চরাচরের মারার চোধ বুলাতে বুলাতে আমরা ভাইবোন আলপথে হাঁটি। জমি দেখি, কসল দেখি। মৃত্তিকার বুক চিরে মাখা তুলছে সবুজ চারা আকাশের ডাকাডাকি ওনে। আমরা বেরাল করি চারার পোড়ার মাটিতে যথেট পানি আছে কি না, পাতার দিকে ডাকিয়ে সবুজের খনতু দেখে বোকার চেটা করি যথেট সূর্বের আলো পাচেছ কি না। কিবো কোখাও বাসা বেখেছে কি না নাম না

এইসৰ করতে গিয়ে আয়ার বে কলেজে তার্ত ইওয়ার সমর পেরিয়ে গেছে তা টেরই পাই নি। আপে থেকেই ঠিক করে রেখেছিলাম আমি বাড়ির কাছের কলেজটাতে ভার্তি হব না। ভার্তি হব শহরের কলেজে। বাসে বেতে আসতে অবশ্য পাকা সূম্বাটা সমর বেরিরে বাবে, তবুও এই মরা কলেজে দাম দেখাব না। আমি তাই পো ধরে ভার্তি হই না। একটা বছর পুর কাছে থেকে জমিজমা দেখি, কসল তোলা দেখি, মাতকারদের হাকাহাকি দেখি। জমি বে কি অসীম কমতার উৎস তা টের পেতে সমর লাগে না আমার। এখন কোনও দরবারে একজন বর্গাদারকে একটু কথা বলা তনলেই আমি বাজি রাখতে পারি সে কার জমিতে বর্গাদারী করে কিংবা পাতা খাটে। বলে দিতে পারি কোন যাতকারের জন্যে কোন বর্গাদার লাঠি ধরবে। আমিও বে অনারাসে এভাবে এদের ব্যবহার করতে পারি ভা মনে হতেই দ্রিয়মান হরে পড়ি। ইক্রা করে সর্বিশ্ব বিলিবন্টন করে পথে পথে হেঁটে বেডাই।

আমার মতো মণীবাও বে ভূল বাদ দিরে বলে আছে তা আমার জানা ছিল না। পরপর করেকদিন দুপুর বেলা বাড়ি ফিরে ওকে দেখে একদিন বলি,

কি রে তোর শরীর খারাল দা কিং

মা ভো! কেন?

এই বে ছুগে বাস নি।

মণীযার মূখ কেমন শক্ত হয়ে ওঠে। মাটিতে বাহহাগল খেলার কোর্ট কাটতে কাটতে বলে,

ক্লাবের থারের রাক্তা দিয়ে কুলে বেতে আমার ভাল লাগে না।

আমার শাঁ করে মনে পড়ে বাজারের মেন রাজাতেই ক্লাব ঘরটা বসিরেছে তোজান্দেল ভারের সালোপালোরা। ভূলে বেভে হলে ছাত্রছাত্রীদের সেখান নিয়েই হেঁটে বেভে হর। ক্লাব্যরের মধ্যে বসে তোজান্দেল ভারের চেলাচামুবারা। তারা অবশ্য সেটাকে বুব কমপ্রেক্স বলে। ইউনিয়ন পরিবদের টিভিটা সেখানেই রাখা হয়েছে। রাভে সবাই ক্লাবছরে ভিড় করে নাটক কিংবা অন্য কোনও ধারাবাহিক দেখতে। বেশির ভাগ সমরেই অবশ্য ভাস খেলা হয়, কোনও কোনও সময় টাকা দিয়ে। কিংবা ক্যারাম খেলে। কখনও চেয়ারম্যান বলে খানা খেকে মাল মানে রিলিক কিংবা কাজের বিনিমরে খালা প্রকল্পের গম নিয়ে আসতে। তখন সব কেলে ঠেলাগাড়ি নিয়ে রওনা হয় এয়া।

রাত একটু বেশি হলে জুয়ার আসর বসে, সঙ্গে গাঁজা কখনও বাংলা মদ। কোনও কোনও দিন ভোজ বেশি পড়ে গেলে জুয়ারি বুৰকেরা রাজায় দল বেখে বেরিয়ে পড়ে প্রোগান দিছে বাকে, 'টেকনাক খেকে ভেতুলিরা/ সবাই বলে জিয়া জিয়া'। কিংবা বেদিন আগে খেকেই প্রোমান করে বেশি ডোজ খাওয়ার সেদিন কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের দুঃছু মেয়েদের বলা হয় রাতেও খেকে যেতে, 'রাতের খাওয়ার জন্যে মুরণি/ গরু পাঞ্চ করতে'। আমাকে আর বলে দিতে হয় দা জুলগামী মেয়েদের দেখে দিনের বেলাও 'জিয়া জিয়া' বলা থকা করেছে জিয়ার সৈনিকেরা।

হাটবার ছিল সেদিন। বিকেলে বাজারে লিয়ে দেখি তোজান্মেল ভাই ক্লাব্যর লাগোরা সাকলায়েনের চারের দোকানে কুন্দুসসহ আরো কার কার সঙ্গে চা খাচেছ আর গুলপারো করছে। আমি থেরে তার চেরারের কাছে দাঁড়াই। আমাকে ওতাবে দাঁড়াতে দেখে কুন্দুসের মুখ কেমন হয়ে আসে। ভোজান্মেল ভাই ব্রিশটা দাঁতই বের করে কেলে আমাকে সাদর সম্ভাবণ জানানের জনো। আমি সে হাসিকে একট্ ও পাতা দেই দা। একট্ ও না হেসে বলি,

তোজাম তাই, এই ক্লাৰঘরের কাছে দিয়ে বখন আমার বোন আর কুণের ছাত্রীরা কুলে বার তখন আগনার চেলাচাম্থারা নানান কথা বলে। আমি যদি বেখানে নেখানে আগনার বোন বৌ ভাইঝি ভালীদের দেখলেই বিছানার নিয়ে শোরার কথা বলি আগনার কি ভা খুব ভাশ লাগবে।

ভোজাম ভাই খতমত খেয়ে যায়,

কি- কি কচ্ছো ভূমি?

আমি চোৰ নামাই না। কেন জানি মনে হয় এখন চোৰ নামালেই হেরে বাব আমি,

শোনেন নাই কি বলেছি? আবার বলতে হবে? শোনেন তোজাম ভাই খাল কাটার, বাস্তা মেরামতের গম চুরি করেন আর রাস্তা বাধার মেয়েদের যা খুশি করেন কিছুই দেখতে যাখ না, বলবও না। কিন্তু ভুলের ছাত্রীদের যদি কিছু বলেন ভাহলে আপনার বাড়িতে বেয়ে বন্দোবন্ত করে আসব। মেরে ভো আর নাই আপনার, বোন বৌ ভাতিজী ভাত্নীদেরই বন্দোবন্ত করতে হবে।

তোজাম ভাই চেরার পেছনে কেলে হংকার দিরে ওঠে,

চুপ করে বলে আছিল ক্যান কুদুসং বান খালারে-

আত্তে— আত্তে কথা বলেন তোজাম ভাই। আপনার পনের বোলজন চেলাচামুগ্র আছে, আমারও পনের বিশ ঘর বর্গাদার আছে। হাড ভূললে আপনার চেরে ডিনওণ বেশি লোক লাঠি নিরে বের হবে। আপনি আপনার চেলাদের চুরি করা গম আর দুঃছ্ বিধবা মেরেদের দিয়ে পোষেন, আমি বাপের হালাল পয়সা দিয়ে পৃথি। পিঠা বাওয়ার আপে পিঠার কোড় ওপে বাবেন।

ভোজাত্মেল তাই আমার জায়ার কলার ধরার জন্যে হাত বাড়িয়ে দেয়। আমিও একটু এলিয়ে যাই তার হাতটা ভালতাবে ধরবার জনা। কিছু কুদুস আমাদের গু'জনের মধ্যে এসে দাঁড়ায়। ভোজাত্মেল ভাইকে সে ঠেলে সরিরে দেয় অন্য দিকে। আমাকেও সরিয়ে দেয় আরেকদিকে। ভারপর আমার পিঠে হাত রেখে বাইরে নিরে আসতে আসতে বলতে থাকে,

আমাপে একটু আগে বলে নিবি নাঃ পাবিস তো খালি ঠাাং ভারতি : জোড়া লাগাতি বে কড ঠেলা ডা ডো আর চিন্তা করিস না।

আমি সিগারেট ধরাতে ধরাতে কুম্নের দিকে সরোবে ভাকাই,

পোন কুন্স, আমার বাপের নাম তোর ভাল করেই জানা আছে। পারিস তো খালি পেছন থেকে লাখি মারতে। আমি পেছন থেকেও পারি, সামনে থেকেও পারি। সামনে থেকে দেখিরে পেলাম। সাবধান বদি না হস ক্লাবঘর তো ক্লাবঘর তোর ওই তোজাম ভাইরের বাড়িঘর পর্বন্ত ছাই হরে বাবে, ছাইরের ওপর সাঁড়িরে আমি প্রস্তাব করে আসব, আমার টিকিটাও ছুঁতে পারবি না।

কুকুস আমার পিঠে হাত বুলানো খামার না,

তোর কাছে হাড জোর করছি, তুই ইবার চুপ কর এগটু। আমি সব ম্যানেজ করছি।

আমি জানতাম সৰ ম্যানেজ হত্তে বাবে, যদিও কোনও না কোনও নিন আমাকে মাতল ওপতে হবে। কিছা সেনিন কবে আসবে, এলে কি করব, কতটুকুই বা মাতল লিতে হবে এসব নিরে চিন্তা করার একটুও সময় ছিল না। মাঠের পর মাঠ তখন পুড়ে বাছে এচও রোদের ভাপে, শরীর খেকে একটুও ঘাম করে মা, কেবলই পুড়তে থাকে চিড়বিড়িয়ে। কালের বেতওলো সর্বনাশা তৃষ্ণা নিরে মুখিরে থাকে, একটু পানি পড়তেই থেবে নের সর্ব্যাসী জিত বাড়িয়ে। ভারপর ভাতেও কাজ না হওরাতে একসমর মিইরে আলে, কসলের ভারে মর রোদের ভারে সে মুইরে পড়ে মাটির ওপর। ভার ওপরে আবারও নেমে আলে বালিভাজা রোদ, ওকাতে থাকে সর্বাটুরু প্রথমতা চেলে। আমাদের কলা হয় কারাকার জনো না কি এই সর্বনাশা ঘটনা ঘটছে। নদীতে পানি নেই, পানি নেই জলাশরে। পানি গুকিরে বাওয়ার সঙ্গে সঙ্গে মানুষও তকিরে মরা পাটশলা হরে বাছের রংপুরে, কুড়িমানে, লালমণিরহাটে, নিনাজপুরে, বওড়াতে। আনমর মুকুল করে পড়েছে, এখন মানুষও বারে পড়তে ওক্স করেছে রাজশাহী, চাপাইনবারগঞ্জের নিকে।

বর্ণাসাররা একেকজন আসে আর বিলাপ করে। এবার ভাগাওপে বদিবা কোথাও ধান চিকে বার ভার লীবেও থাকবে না চিটা ছাড়া জনা কিছু। খূন্য মাঠওলো কেটে চৌচির হরে লেছে, যুবিকার জন্তরীকে জমা হচ্ছে দিনজর আকাশের ভাগ। ছুনের মাঠে আমার সামনেই আখন লেগে লেল যাসে। ভোর হতেই সেখি প্রামের মেরেরা মল বেখে বেরিরেছে পানির খোঁজে নদীর দিকে। নদীও শত্রুতা ওক্ত করেছে, কিবো প্রতিশোধ নিচ্ছে, প্রতিদিনই সে নিজেকে তকিরে কেলভে ব্যক্ত খাটের নৌকাটাতে বেকার করার পরে নগ্ন ভলানী দেখাবে বলে। প্রথমে তকিরেছে ভোরা নালা, ভারপর চোকের লামনে পুকুরের কর্মমান্ত ভললেশও কাঠ হয়ে পেল, দেখাতে দেখতে হাজনকর্দের পানির সঙ্গে বালি ওঠা ওক্ত করল, একদিন বালিওয়ালা পানি ওঠাও বন্ধ হয়ে পেল। দ্রের পাঁরে নলক্শে পানি বাকার উড়ো খবর আর নদীর চই চই ডাক ওনতে ভলতে গ্রাফের মেরেরা প্রতিদিনই বেরিরে পড়ে ভানের পেছন পেছন। মনীবাও বেরিরে পড়ে ভানের মেরেরা বাভিনিনই বেরিরে পড়ে ভানের পেছন পেছন। মনীবাও বেরিরের পড়ে ভানের পড়ে ভানের সঙ্গেন সংল কাঁথে হাড়ি নিরে।

পানি মিললেও ভা নিয়ে যা আর মধীষার প্রতিদিনই ৰগড়া লাগে। মণীয়া চায় খাওয়ার পানি কুটিয়ে নিডে। কিছ পানি এমনিতেই আওন হয়ে আছে, কুটিয়ে নিলে ভা হরে বার হাবিয়া দোবন। আর কোধাও একটু বাভাসও শেই যে ঠাঞ্জ করা ব্যবে। যা তাই চায় ওই অবছাতেই পানি খেতে, মণীযার জোর আপন্তি ডাতে কপেরা হওয়ার আশংকাতে। যরের মধ্যে আমরা টিমের চালের গরমে সিদ্ধ ইওয়ার ভয়ে বসে ব্যক্তি আম কিংবা কঠাল গাছের নিচে। চেরে চেরে দেখি গাছের পাতা সাগোক সংশ্রেষণ করতে করতে ক্লান্ত হয়ে পড়ছে, প্রতিটি পাতাই ধীরে ধীরে পক্ষাবতী পাছের পাতা হয়ে পড়ছে। কৃষকেরা মাখাল মাখার দিয়েও কাজ করতে হিমলিম খাছে, ভাগের রোদে পোড়া কালো চামড়া পুড়তে পুড়তে লাল হয়ে উঠছে। আমি প্রমান গলি, ষরের চাল প্রায় শেষ হওরার পথে, আম গাছে এবার আর কোনও আম নেই, অনেক আগেই রোদের দিনে একটু বৃত্তি পেতে লোকজন কাঁচা আমই সাবাড় করে কেলেছে, কখনও খালি মুখে, কখনও খাট্টা বানিয়ে, কখনও-বা ডালের মধ্যে ছেড়ে খেতে ভাল লাগে বলে। কোবার কোন কারাগারে কাদের গুলি করে মারা হলো তা আর কারও মনে দাগ কাটে না, উলশি-বদ্নাধপুরে নাকি এখনও পানি আছে এই আলাপেই সবাই নিমগু হরে পড়ে। প্রামের কয়েকজন কয়েকটা ভ্যান ভাড়া করে ভাতে বড় বড় করেকটা ট্যাংকি নিয়ে একদিন সাতসকালে রওনা হয় উলপি–যদুনাথপুরের দিকে। তারপর किरत जारम वार्ष হरत मुश्बी-मृश्बी मूर्य ।

কিন্তু আমাদের জন্যে আরও সৃংখ অপেকা করছিল। পরদিন দুপুরে হঠাৎ দুরে আফরা ধৌরা দেখি। থোঁরা ক্রমশঃ মুখ উঁচু করে আকাশ পানে, তখন স্পট হরে ওঠে লেলিহান আওনের বৃতুক্ষ শিখা। সে শিখা ক্রমশঃ বিক্তারিত হতে খাকে, মানুষের হার

হার আহাজারি তলে আমিও বেরিরে পড়ি আওলের উৎসের দিকে। কিন্তু আমরা হাজার হাজার মানুৰ একবিত হয়েও কিছু করতে পারি না। সরব দর্শক হয়ে আমরা তথু দেখি কিতাবে আওল অরদোর পিলে নিজে। কেউ বুক চাপড়ে কাঁদে, কেউ কিট হয়ে পড়ে, কেউ পাগলের মতো নিজেও বাঁপ দিতে চার সেই মারাবী অগ্নিপিবার তেতর। এ হাত্রার কেবল আমাদের বাড়িই রক্ষা পার, মূল গ্রাম থেকে দ্রে মাঠের মধ্যে ইওরার কারণে।

আমি দেখি; আবারও দেই পুরানো দৃশ্যই দেখতে হয় আমাকে,— দলে দলে মানুব বালি হাত পারে রওনা হচ্ছে শহরের দিকে, কিংবা অন্য কোনও গাঁরে ঘনিট আবীয়ের বাড়ির দিকে, তাদের মুখ ভারলেশহীন, দৃটিতে অথৈ শুন্যতা, পা আড়াই ও ক্লার হলেও পথের নেশার টালমাটাল, তারা বেরিরে পড়ছে বেমন বেবিলন থেকে সুদ্র অতীতকালে মানুব ছড়িরে পড়েছিল সারা পৃথিবীতে।

জামিও বেরিরে পড়ি। তবে কলেজে যেতে। এবার আর ভূল করি নি। তর্তি হরেছি
ঠিক সমরেই। ক্লানে বাই বানে করে। বেল থানিকটা পারে হেঁটে লিয়ে রোভে উঠে
বানে চড়ে বেতে হয় কলেজে। মাকে বলি, চিন্তা কর না তোমরা। আমি তো জার
একেবারে চলে বাছি না। প্রতিদিমই কিরে জাসব। বললেও শেব পর্বন্ধ ভা জার হরে
ওঠে না। কলেজের জীবন আমাকে প্রকৃত্ধ না করণেও বাভাবিকভাবেই জামি তাতে
জড়িরে পড়তে থাকি। পজে পজে কেলা ফুরার, কলেজের পালে জামালের দোকানের চা
ভালপুরি সিঙ্গারা ঠাওা হয় না ভবু। ক্লাস শেব হতেই রুম বদল করে সিট দখলের
জলের দুমদাম দৌড় দেরার জানক আমাদের বিবল করে রাখে। কে বেন ব্লাকবোর্ছে
কেমন সুকর হাসির হড়া লিখে রেখেছে কেমেস্ট্রির রগচটা গোলগাল মুসা স্যারকৈ
নিরে। কে আবার হাসল পরিসংখ্যানের হেকমত স্যারের হেঁড়া গেঞ্জি যামে ভেজা শাদা
জামার নিচে স্পাই দেখা যাওরাতে। ছাত্র ইউনিরনের ছড়া মেয়েটা কী সুকর দেখতে
আর বখন কেমিস্ট্রির প্রাকটিক্যাল ক্লাসে বার্নারের কাছে দাঁড়িয়ে আগনের ভাগে যেযে
ভারে তখন মুখটা আরও কত সুকার হরে ওঠে! আবার কেমন সুকর পানও পাইল নবীন

